ইন্দ্রিয়ের অতীত এবংকামক্রোধাদি গুণের অতীত হইয়া যখন মনঃ নাদে লীন হয়, তখন মনঃ জীবাত্মা ও পরমাত্মার ঐক্যলক্ষণ যোগ প্রাপ্ত হয় বলিয়া উপমারহিত ও সর্ব্ববিধচিন্তা বিমুক্ত হয়। আচ্ছা, মনের যদি লয়ই হয়, তবেত মাধ্যমিক বৌদ্ধের ন্যায় ফলে শূন্যই তত্ত্ব হইয়া দাঁড়াইল? এইজন্য বলিতেছেন,—

তদ্ভক্তস্তন্মনাসক্তঃ শনৈর্ম্মুঞ্চেৎ কলেবরম্।
সুস্থিতো যোগচারেণ সর্ব্বসঙ্গবিবর্জ্জিতঃ। ৩॥
ততো বিলীনপাশোঽসৌ বিমলঃ কেবলঃ প্রভুঃ।

রৈক্যং যোগস্তদ্‌যুক্তম্। দ্বিতীয়ব্যাখ্যায়াং যোগশ্চিত্তবৃত্তিনিরোধস্তদ্‌যুক্তম্। অথবা যোগযুক্তস্য মনসঃ কিং লক্ষণমত আহ—মন ইতি। যদা মনো লীনং ভবেত্তথা-হনৌপম্যমভাবঞ্চ তদা যোগযুক্তং প্রাপ্তযোগমিত্যাদিশেৎকথয়েদিত্যর্থঃ। ২॥

তস্মিন্‌ভক্তির্যস্য তদ্ভক্তঃ। ভক্ত্যা লভ্যস্তনন্যয়েত্যুক্তত্বাৎ। তস্মিন্মনো যস্য স তন্মনাঃ। অসক্তো বিষয়েষু। ছান্দসঃ। সন্ধিঃ। অথবা তন্মনাঃ সক্ত ইতি পঠনীয়ম্। সক্ত আসক্তস্তত্রৈব। যোগচারেণ যোগমার্গেণ সুস্থিতঃ স্বস্থী-ভূতঃ। ৩॥

ইতি তৃতীয়খণ্ডঃ। ৩॥

পাশাঃ কর্ম্মাণি। কেবলঃ প্রভুর্জীবভাবরহিতঃ। দ্বিরুক্তিরধ্যায় সমাপ্ত্যর্থা।

সেই সময়ে গুরু আদেশ করিবেন, তোমারই অধিকার মুখ্য; কিন্তু ঈষৎ মাত্রও বিষয়াভিলাষ থাকিলে মুখ্য অধিকার হয় না। অথবা, তখনই মধ্যস্থ ব্যক্তি বলিবে, তুমি লাভ করিয়াছ। দ্বিতীয় ব্যাখ্যায় যোগশব্দের অর্থ চিত্ত বৃত্তি নিরোধ। তদ্ যুক্ত হইয়াছে মনঃ। অথবা, যোগযুক্ত মনের লক্ষণ কি? এইজন্য বলিতে-ছেন;—যখন মনঃ লীন হইবে, উপমারহিত ও সর্ব্বথা চিন্তা শূন্য হইবে, তখনই তাহাকে যোগযুক্ত বলিয়া আদেশ করিবে॥ ২॥

তাহাতে যাহার ভক্তি জন্মিয়াছে, সে তদ্ভক্ত ভগবদ্গীতায় উক্ত হইয়াছে, বিষয়ান্তরের সম্পর্ক রহিত যে একভক্তি তাদৃশ একভক্তিদ্বারা সেই পদ লাভ করা যায়। তাহাতে মনঃ আছে যাহার, সে তন্মনাঃ, বিষয়ে আসক্তি শূন্য, 'তন্মনাঃ আসক্ত তন্মাসক্ত, এস্থলে যে সন্ধি হইল তাহা বৈদিক প্রক্রিয়াদ্বারা, লৌকিক প্রক্রিয়ায় এরূপ স্থলে সন্ধিই হয় না। অথবা, 'তন্মনাঃ সক্ত' ইত্যাকার পাঠই ঠিক। সক্ত অর্থে সাসক্ত, তাহাতেই আসক্ত। সর্ব্বসঙ্গপরিত্যাগ করিয়া যোগমার্গা-বলম্বন পূর্ব্বক সুস্থিত স্বস্থীভূত॥ ৩॥

তারপর, তাহার কর্ম্মপাশ বিলয় প্রাপ্ত হইলে; সেই সাধক বিগত মল, জীবভাব রহিত কেবল প্রভু, হইয়া সেই ব্রহ্মভাবে পরমানন্দ ভোগ করিতে পারে। শ্লোক

তেনৈব ব্রহ্মভাবেন পরমানন্দমশ্নুতে পরমানন্দমশ্নুত ইতি।৪॥

ইতি ঋগ্বেদান্তর্গত নাদবিন্দূপনিষদি প্রথমোঽধ্যায়ে তৃতীয়ঃ খণ্ডঃ।

সমাপ্তোঽয়ং নাদবিন্দূপনিষদি প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

অত্র প্রণবস্য নাদবিন্দোর্নিরূপণাদকারাদিত্রয়ে সত্যপি প্রাধান্যান্নাদবিন্দূপনিষৎ-সংজ্ঞা। ৪ ॥

নমঃ শিবায় গুরবে নাদবিন্দুলয়াত্মনে।
নিরঞ্জনপদং যান্তি নিত্যং বৈ যৎপরায়ণাঃ। ১ ॥
নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং দীপিকা নাদবিন্দুকে। ২ ॥

ইতি নারায়ণবিরচিতা নাদবিন্দূপনিষদ্দীপিকা সমাপ্তা। ২৩ ॥

পাদ দুইবার পাঠ করা হইয়াছে তাহার কারণ যে, এই স্থলে অধ্যায় সমাপ্তি হইল। এই উপনিষদে প্রণবের নাদবিন্দু নিরূপিত হইয়াছে বলিয়া ইহার নাম নাদবিন্দু। যদিও অকারাদি ত্রয়ও নিরূপিত হইয়াছে, তথাপি উক্ত পঞ্চকের মধ্যে নাদবিন্দুর প্রাধান্য আছে বলিয়াই ইহার নাম দেওয়া হইয়াছে, নাদবিন্দূপনিষৎ ॥৪॥

ইতি তৃতীয় খণ্ড ॥৩॥

অবিচ্ছিন্নভাবে যাঁহাকে পরম গতি ভাবিয়া সাধুগণ নিরঞ্জন পদ প্রাপ্ত হয়, সেই নাদবিন্দুলয়াত্মা শিবনামক গুরুকে নমস্কার।

নাদবিন্দুনামক উপনিষদে অস্পষ্ট পদ ও বাক্য সকলের দীপিকা শ্রুতিমাত্রোপজীবী নারায়ণ কর্তৃক বিরচিত হইল। ২।

ইতি ঋগ্বেদান্তর্গত নাদবিন্দূপনিষদে প্রথম অধ্যায় ॥১॥

অথ দ্বিতীয়োঽধ্যায়ঃ।



প্রথমঃ খণ্ডঃ।

ওঁ তৎসৎ। "অহং ব্রহ্মাস্মী"ত্যেবমনুভবাবসানেন ঋচাং নাদবিন্দূপনিষৎ। তস্যাঃ 'প্রথমোঽধ্যায়ে ওঁ বাঙ্মে মনসীতি শান্তিং বিধায় প্রণবস্য হংসরূপকেন ধারণ-য়ৈবোপাসনমুক্তং। সহ মাত্রাবিভাগেন সদৈবতেনচ ফলেনচ। দ্বাদশ্যাং ব্রহ্ম শাশ্বতং" প্রবিশতীত্যেব মন্তব্যম্। তত্র চ "ব্রহ্মভাবেন পরমানন্দ মশ্নুত" ইতি কৃত-স্তস্যোপসংহারঃ। পরাচেয়ং কর্ম্মগতির্যদ্ধিরণ্যগর্ভ্যাং নিবাসমুপেত্য ব্রহ্মগন্ধং ব্রহ্ম-রসঞ্চোপভুঞ্জান একরসং ব্রহ্মৈব ভবতি পরস্যান্তে কৃতাত্মা প্রবিশন্ পরংপদম্। ক্রমমুক্তিশ্চেয়ম্। ইহ খলু ভবেৎ কস্যচিন্মোহমতে মতির্নাতো জীবন্মুক্তি মুপাশ্নু-ত ইতি। "যদি প্রাণৈর্বিযুজ্যতে" "দ্বিতীয়ায়াং সমুৎক্রান্তঃ" "মুঞ্চেৎ ফলেবরম্" ইত্যাদি বর্গেভ্যঃ। সৈবেহ পরীক্ষণীয়েতি দ্বিতীয়াধ্যায়ঃ প্রবর্ত্ততে। ত্রিবিধা খল্বস্তি গতিঃ কর্ম্মণঃ প্রারব্ধস্য। যদাহুর্জ্যোতির্ব্বিদঃ ;—

ওঁ তৎসৎ। এই নাদবিন্দু উপনিষদের শেষে যাহা উক্ত হইয়াছে, তাহার ফল হইতেছে 'অহং ব্রহ্মাস্মি' আমি ব্রহ্ম ইত্যাকার অপরিচ্ছিন্ন জ্ঞান হইয়া যাওয়া। প্রথম অধ্যায়ের শেষ যাহা উক্ত হইয়াছে, তদ্দ্বারা সেই ফল বাধিত হয় নাই। প্রথম অধ্যায়ে প্রণবকে হংসপক্ষী স্বরূপে কল্পনা করিয়া তাহার প্রতি অঙ্গে, অর্থাৎ অকার, উকার, ও মকার দ্বারা যে নয়টি মাত্রা বাধিত হয়, আর অর্দ্ধমাত্রায় যে তিনটি মাত্রা নিষ্পন্ন হয়, সেই দ্বাদশ মাত্রার ধারণা করিয়া উপাসনার কথা বলা হইয়াছে। তাহার সহিত প্রতিমাত্রার দেবতা, ও সেই মাত্রার ধারণা করিলে যে ফল হয়, তাহাও বলা হইয়াছে। তাহার শেষ মাত্রার দেবতা হইতেছেন ব্রহ্ম, বা হিরণ্যগর্ভ। উপাসক যদি দ্বাদশীমাত্রার ধারণা করিয়া দেহত্যাগ করে, তবে সে দেহান্তে ব্রহ্মলোকে যাইয়া ব্রহ্মার আয়ুঃ পরিমিত কাল পর্য্যন্ত তথায় বাস করিতে পারিবে, এই কথা বলিয়া সেই প্রথমাধ্যায়ের উপসংহার করা হইয়াছে। অনন্ত কর্ম্মের এই গতিই একবারে সর্ব্বোচ্চ ও সর্ব্বোৎকৃষ্ট যে, হিরণ্যগর্ভের নিবাসে যাইয়া

আত্মানং সততং জ্ঞাত্বা কালং নয় মহামতে।

"আয়ুর্যোগাস্ত্রিধা প্রোক্তাঃ স্বল্প মধ্যচিরায়ুষঃ। দ্বাত্রিংশৎপূর্ব্বমল্পায়ুর্মধ্যমায়ুস্ততো ভবেৎ। সপ্ততাঃ প্রাক্ততঃ পূর্ণমায়ুরত্র বদন্তি হি।" ইতি

তত্রাস্তি কশ্চিন্মহাভাগঃ শতংসমা অপি ভুনক্তি ভোগং, যদেনং ভোজয়তি প্রারব্ধং সহৈবোপাসনয়া। নচাসৌ প্রাণৈর্বিযুজ্যতে কুর্ব্বাণস্তারস্যাভ্যাস মভস্ত কতমা হি গতিঃ, কথমপ্যনেন বা তীর্ণা খল্বেষা শক্যা সোঢ়ুং কস্মবেদনেতি বিলপন্ত মাহ ;—"আত্মানং সততং জ্ঞাত্বেতি। আত্মা কস্মাৎ? আপ্নোতেঃ। আপ্নোতি প্রবিশ্য নাপ্নোতি পালয়িতব্যানাপ্নোতি সংহর্ত্তব্যান্। আপ্নোতিচ সাচ্চদানন্দময়ং স্বরূপম্। আগমোঽপ্যত্র ভবতি, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎপ্রয়ন্ত্যভিসংবিশন্তি, তদ্বিজিজ্ঞাসস্ব, তদ্ব্রহ্ম।" ইতি। "আনন্দাদ্ধেব খল্বিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি, আনন্দং ব্রহ্ম" ইতি। "শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে। স আত্মা, স বিজ্ঞেয়ঃ।" ইতি মাণ্ডুক্যানাম্। শান্তমবিক্রিয়ং শিবং যতোঽদ্বৈতং ভেদবিকল্পরহিতং চতুর্থং তুরীয়ং মন্যন্তে, প্রতীয়মান পাদত্রয়রূপ বৈল

ব্রহ্মগন্ধ ও ব্রহ্মরস, যাহা ভোগকরিলে দিব্যগন্ধ ও দিব্যরসেও অরুচি জন্মে, তাদৃশ ভোগ গ্রহণ করিয়া, হিরণ্যগর্ভের আয়ুঃ শেষে ব্রহ্মসাক্ষাৎকার লাভ করিয়া পরম পদে প্রবিষ্ট হয়, এবং এ রস ব্রহ্মই হইয়া যায়। এটা হইল ক্রমমুক্তি। এই ত বলা হইল। ইহা পাঠ করিয়া হয়ত কোন মন্দবুদ্ধি ব্যক্তি এই প্রকার সিদ্ধান্ত স্থির হইতে পারে যে, ইহার দ্বারা বাঁচিয়া থাকিয়াই মুক্তি লাভ করিতে পারে না তবে ইহা, ক্রমমুক্তি সম্ভব বটে, কারণ, 'ধারণা করিয়া যদি প্রাণদ্বারা বিযুক্ত', 'দ্বিতীয়া মাত্রার ধারণা করিয়া স্থিরপদ লাভ করিলে পর, যদি এই দেহ হইতে সমুৎক্রান্ত হয়' 'যদি দেহ পরিত্যাগ করে', ইত্যাদি শব্দ রাশীর প্রত্যেক ধারণার স্থলেই বলা হইয়াছে। তদ্দ্বারা এই পাওয়া যায় যে, ধারণায় সিদ্ধিলাভ করিয়া মরিলে তবে সেই সেই ফল পাওয়া যাইতে পারে; কিন্তু বাঁচিয়া থাকিতে সে সকল ফল লাভ করিতে পারে না। এই দ্বিতীয় অধ্যায়ে সেই বিপরীত সিদ্ধান্তের পরীক্ষা করা যাইবে। এই জন্যই এই দ্বিতীয়াধ্যায়ের প্রবৃত্তি করা হইয়াছে।

প্রারব্ধ কর্ম্মের গতি তিন প্রকারের জ্যোতিষে উক্ত হইয়াছে,—স্বায়ুঃ

ক্ষণ্যাং। স আত্মা সবিজ্ঞেয় ইতি, প্রতীয়মান সর্প ভূচ্ছিদ্র দণ্ডাদি ব্যতিরিক্তা যথা রজ্জুস্তথা তত্ত্বমসীত্যাদি বাক্যার্থঃ। আত্মাঽদৃষ্টোদ্রষ্টা "নহি দ্রষ্টুর্দৃষ্টেবিপরি লোপো বিদ্যত" ইত্যাদিভিরুক্তো যঃ, স বিজ্ঞেয় ইতি ভূতপূর্ব্বগত্যা জ্ঞাতে দ্বৈতা-ভাবঃ। অভিধেয় প্রধান ওঁঙ্কার শ্চতুষ্পাদাত্মেতি ব্যাখ্যাতো মাণ্ডুক্যাদিভির্স্ত, স্তমেতমাত্মানং সততং নিরবচ্ছিন্ন মন্যপ্রত্যয়ৈরন্তরাপ্রবাহবদা মূলাদাচাগ্রাদা শৈল-রাজাদাচ সমুদ্রাৎ সবিস্তরমেকপ্রবাহং যথা ভবতি, তথা জ্ঞাত্বাঽবগত সাক্ষাৎ কৃত্যাঽহংব্রহ্মাস্মীতি কালং যথাপ্রাপ্তং প্রারব্ধেন কর্ম্মণা ভোগাং বিপাকমায়ুষ্কপং ভবিষ্যন্তং ভুক্তস্যাতীতত্বাদ ভুজ্যমানস্য চ স্বক্ষণাদুপরি নশ্যমানত্বাদহংরব্ধত্বাৎ সময়ং সূর্য্যাদিগতি ক্রিয়োপলক্ষিতং মহতো বিষ্ণোরূপবিশেষং নয় যাপয় কর্ম্মণোরাত্ম-কালয়োঃ ক্রিয়য়ো র্জ্ঞানযাপনয়োরানন্তর্য্যার্থেনচ প্রত্যয়েনৈক কর্ত্তৃকতয়া ক্রিয়া-কর্ম্ম প্রত্যয়ানামপ্যেকত্বাধ্যবসায়ঃ কর্ত্তব্যঃ। নচাত্মনঃ কালো ভিদ্যতে, মিথ্যাত্বা-দুপাধিকল্পনায়াঃ। নাপ্যোপাধিকস্যাস্তি সত্যতানাম ভেদস্য, দর্পণাভাব আভাস-হানৌ মুখত্বাৎ পৃথক্কেনু বস্তুসিদ্ধেঃ। তস্মান্নিরবচ্ছিন্ন আত্মসাক্ষাৎকার এব পাল-নীয় ইত্যুক্তং ভবতি। মহতী মতির্যস্য, স মহামতিঃ; মতের্মহত্ত্বঞ্চ নিরতিশয় পরিমাণঃ সর্ব্বব্যাপিত্বমিতি, সর্ব্বজ্ঞত্বমিতি, সর্ব্বস্রষ্টৃত্বমিতি চ। কথম্? কাষ্ঠা-প্রাপ্তেঃ সর্ব্বজ্ঞবীজস্য; যদিদমতীতানাগত প্রত্যুৎপন্ন প্রত্যেক সমুচ্চয়াতীন্দ্রিয়

মধ্যায়ুঃ, ও চিরায়ুভেদে পুরুষ ত্রিবিধ; সুতরাং তদনুসারে আয়ুর্যোগও ত্রিবিধ বলিয়া উক্ত হইয়াছে। যথা,—বত্রিশবৎসরের পূর্ব্ব পর্য্যন্ত স্বল্পায়ুঃ, সত্তর বৎসরের পূর্ব্ব পর্য্যন্ত মধ্যায়ুঃ এবং তারপর শতবর্ষ পর্য্যন্ত পূর্ণায়ুঃ, এই কথা গর্গাদি ঋষিগণ বলিয়াছেন। অতএব এমন কোন মহাভাগ্যশালী পুরুষ থাকিতে পারে যে, উপাসনা করিতে করিতে শতবর্ষ পর্য্যন্ত তাহাই ভোগ করিতে থাকে, ইহাকে প্রারব্ধ কর্ম্মে উপাসনার সহিত যাহা যে ভাবে ভোগ করায়। অবশ্য এই লোকে প্রণবের উপাসনাও করিতে থাকে, অথচ প্রাণ বিয়োগ আর হয় না, সুতরাং এ ব্যক্তির কিরূপ গতি হইবে, আর এ ব্যক্তি কি করিয়াই বা আততায়ীরূপ কর্ম্মের ফল ভোগ করা সহ্য করিবে? এইরূপে বিলাপকারী ব্যক্তিকে লক্ষ্য করিয়া এই দ্বিতীয়াধ্যায়ের প্রথম মন্ত্র প্রবর্ত্তিত হইয়াছে। 'হে মহামতে! তুমি আত্মাকে সবিস্তর ভাবে জানিয়া কাল যাপন কর। প্রারব্ধ কর্ম্মের প্রত্যেকটির ফল ভোগ করিতে করিতে উদ্বেগ করিতে

গ্রহণমল্পং বহ্বিতি সর্ব্বজ্ঞবীজমেতদ্বিবর্দ্ধমানং যত্র নিরতিশয়ং স সর্ব্বজ্ঞঃ। অস্তি কাষ্ঠাপ্রাপ্তিঃ সর্ব্বজ্ঞ বীজস্য, সাতিশয়ত্বাৎ, পরিমাণবদিতি যত্র কাষ্ঠাপ্রাপ্তিস্তানস্য সর্ব্বজ্ঞঃ। যদ্ধি সাতিশয়ং, তত্তৎ সর্ব্বংনিরতিশয়ং, যথা কুবলামলকবিল্বেষু সাতিশয়ং মহত্ত্বং, গগনে নিরতিশয়প্রায়মাত্মনি চ নিরতিশয়মিতি ব্যাপ্তেরাত্ম সাক্ষাৎকারমত্যা মতেরপি নিরতিশয় মহত্ত্বং। তাদৃশা হি মতির্যস্যাসৌ ভবত্যপি সর্ব্বাতিশয়ী মহান্, সর্ব্বব্যাপকঃ সর্ব্বজ্ঞশ্চ। সর্ব্বজ্ঞো হি উপাদান গোচরা পরোক্ষজ্ঞানবানপি ভবতি, ততঃ সর্ব্বস্রষ্টা। গুণানামুপাধিভূতানামীশ্বরস্য বিবেকরাহিত্যং ধর্ম্ম ইতি স্রষ্টা চেদসৌ, পালয়িতা, সংহর্ত্তাপি রজস্তমোভ্যাং ভবতি। তথা ত্বমসি, মহামতিঃ। অস্তি চ পুরাণং—

পার না।' আত্মা কি করিয়া হইল? আপ্ ধাতু হইতে আত্মা শব্দটি নিষ্পন্ন হইয়াছে। যিনি স্রষ্টব্য পদার্থ সমূহকে সৃষ্টি করিবার জন্য প্রাপ্ত হন, পালয়িতব্য নিখিল পদার্থকে পালনের জন্য প্রাপ্ত হন, যিনি সংহর্ত্তব্য পদার্থচয়কে সংহারের জন্য প্রাপ্ত হন। যিনি এইরূপে সমস্তই পান, আবার স্ব স্বরূপ যে সচ্চিদানন্দ, তাহাও যিনিসর্ব্বদাই পাইয়া রহিয়াছেন; তিনিই আত্মা। এবিষয়ে আগমও আছে,—যাহা হইতে এই ভূতসকল জন্মিয়া থাকে, যাহাদ্বারা জন্মপরিগ্রহ করিয়া সেই ভূতসকল জীবিত হইয়া আছে, এবং যাহাতে প্রয়াণ করে, যাহাতে অভিসম্বিষ্ট হয় তাহাকে বিশেষ করিয়া জিজ্ঞাসা কর। আনন্দ হইতে এই ভূতসকল জন্মপরিগ্রহ করিয়া থাকে, আনন্দ দ্বারা জন্মিয়া জীবিত থাকে, এবং আনন্দে প্রয়াণ করে, বা আনন্দ অভিসম্বিষ্ট হয়, আনন্দই ব্রহ্ম। প্রশান্ত, মঙ্গলময়, দ্বৈতগন্ধ রহিত অদ্বৈতকে চতুর্থ বলিয়া মনে করেন। তিনিই আত্মা, তিনিই বিজ্ঞেয়। এটি মাণ্ডুক্য দিগের শ্রুতি। শান্ত অবিক্রিয়, হেতু অদ্বৈত ভেদ বিকল্প শূন্য, সেই হেতু শিব মঙ্গল, তাঁহাকেই চতুর্থ বলিয়া মনে করেন, চতুর্থ কেন? না, অকার প্রথম পাদ বিরাড়াত্মা, উকার দ্বিতীয় পাদ সূত্রাত্মা, মকার তৃতীয় পাদ হিরণ্যগর্ভাত্মা, এই তিনপাদ হইতে পৃথক্ এবং এই তিন পাদের সমাহার যথায় হইয়াছে, সেই চতুর্থ। তিনিই আত্মা তিনিই বিজ্ঞেয়। কিরূপে বিজ্ঞেয়? না প্রতীয়মান সর্প ভূচ্ছিদ্র, বা দণ্ডাকার হইতে সম্পূর্ণ পৃথক্ যেমন রজ্জু, রজ্জু যেমন কখনই সর্পাকার থাকিতে পারে না, কিন্তু কদাচিৎ হয়ত প্রতীয়মান হইতে পারে মাত্র, সে

বায়বীয়ম্ ;—"সর্ব্বজ্ঞতা তৃপ্তিরনাদিবোধঃ,
স্বতন্ত্রতা নিত্যমলুপ্ত শক্তিঃ।
অনন্ত শক্তিশ্চ বিভোর্বিধিজ্ঞাঃ
ষড়াহুরঙ্গানি মহেশ্বরস্য॥" ইতি।

তথা ;—"জ্ঞানং বৈরাগ্যমৈশ্বর্য্যং তপঃ সত্যং ক্ষমা ধৃতিঃ।
স্রষ্টৃত্বমাত্ম সংবোধোঽধিষ্ঠাতৃত্বমেবচ॥
অব্যয়ানি দশৈতানি নিত্যং তিষ্ঠতিশঙ্করে।" ইতি

রূপ ব্রহ্ম বা আত্মা কখনই জীবাকারে থাকিতে পারে না ; কিন্তু কদাচিৎ প্রতীয়মান হইতে পারে। তাহাতে সে ব্রহ্মস্বরূপ কিছুই আসে যায় না, জীব ব্রহ্মই, বা ব্রহ্মই জীব। উভয়ের কিছুমাত্র ভেদ নাই। ইহাই ঐ 'তত্ত্বমসি' বাক্যের অর্থ বলা হইল। আত্মা দর্শনের বিষয় নহে, কিন্তু দ্রষ্টা ; 'দ্রষ্টার দৃষ্টির বিলোপ হয় না' ইত্যাদি শ্রুতিতে যিনি অলুপ্তদৃষ্টি দ্রষ্টা বলিয়া উক্ত হইয়াছেন, তিনিই বিজ্ঞেয়, যেরূপ বলা গেল, সেইরূপ তাঁহাকে জ্ঞাত হইলে, আর দ্বৈত থাকিতে পারে না। যাহা কিছু অভিধানের যোগ্য তন্মধ্যে প্রধান হইতেছে ওঁকার। সেই ওঁকার চতুষ্পাদ সমন্বিত হইয়াই আত্মা শব্দের বাচ্য, বা লক্ষ্য হন, এইরূপে যাহার ব্যাখ্যা করা হইয়াছে, তিনিই আত্মা।

সেই মাণ্ডুক্যাদি উপনিষদ্ধর্ণিত এই আত্মাকে, নিরবচ্ছিন্ন ভাবে অন্য প্রত্যয় দ্বারা অব্যাহত ভাবে, যেমন উত্তরস্থান হিমাচল হইতে আরম্ভ করিয়া সমুদ্র পর্য্যন্ত সমান ও বিস্তররূপে গঙ্গার একই প্রবাহ চলিয়াছে, সেইরূপ জ্ঞান প্রবাহ অন্যবিষয়ে পরিচালিত যাহাতে না হয়, কিন্তু আত্ম বিষয়েই যাহাতে কেবল মাত্র পরিচালিত হয়, এইরূপে প্রযত্ন অবলম্বন পূর্ব্বক 'আমিই ব্রহ্ম হইতেছি' ইত্যাকারে সাক্ষাৎকার করিয়া প্রারব্ধ কর্ম্মের ফলভোগ্য আয়ুরূপ ভবিষ্যৎকাল যাপন কর। যে আয়ুর ভোগ হইয়াছে, তাহার অতীত যাহার ভোগ বর্ত্তমান চলিয়াছে, তাহাতে অভিপ্রেত অতীত হইবে ; সুতরাং যাহা ভবিষ্যতে আয়ুরূপ কাল, তাহাই যাপনীয়। সময় কি ? না, সূর্য্যাদির গমনক্রিয়া দ্বারা উপলক্ষিত মহাবিষ্ণুর রূপবিশেষ। অর্থাৎ মহাবিষ্ণুর মহাসত্তার মধ্যে সূর্য্যাদির গমনক্রিয়া যতটা হয়, ততটা সত্তাই সূর্য্যাদির গমনকে

প্রারব্ধমখিলং ভূঞ্জন্নোদ্বেগং কর্ত্তুমর্হসি। ১॥

এবমাদিঃ সম্পূর্ণো ধর্ম্ম ঈশ্বর সাক্ষাৎকারবতো ভবতি। স্তুতিরিয়ম্। তথৈ-তদত্রাম্নায়তে;—'স যো হ বৈ তৎ পরমং ব্রহ্মবেদ ব্রহ্মৈব ভবতি।" ইতি।

লক্ষ্য করিয়া যতটা সত্তার বোধ হইতে পারে, ততটা সত্তাই কাল। যেমন বিশাল প্রান্তরের মধ্যে মানবের বসতি যতটায়, ততটাই গ্রাম, সেইরূপ অনন্তসত্তার সূর্য্যাদির গতি যতটায়, ততটাই কাল, যে স্থানে সূর্য্যাদির গতি নাই, সেখানে কালও নাই। আয়ু পরিমিত কাল ও আত্মা, এই দুইটি হই-তেছে জ্ঞানক্রিয়া ও যাপন ক্রিয়ার কর্ম্ম। আর জ্ঞাধাতুর উত্তর যে আনন্তর্য্যার্থে ক্ত্বাপ্রত্যয় হইয়াছে, তদ্দ্বারা জ্ঞান ও যাপন ক্রিয়ার মধ্যে ব্যবধান কিছুই নাই, ইহা প্রতিপন্ন করা হইয়াছে। উক্ত জ্ঞানক্রিয়ার কর্ত্তাও যে, যাপন ক্রিয়ার কর্ত্তা ও সেই, সুতরাং একাধিকরণে জ্ঞানও যাপন ক্রিয়া থাকায়, জ্ঞান বিশিষ্ট যাপন, এবং যাপন বিশিষ্ট জ্ঞান, এইরূপ পরস্পর অবচ্ছেদ্যাব চ্ছেদক হইয়া থাকে। এখন একটি নিয়ম এই আছে যে, উপাধিদ্বয় যদি এক দেশস্থ হয়, তবে তাহারা অভিন্ন হইয়া যায়, যেমন গৃহাকাশের মধ্যে ঘটাকাশ আসিলে, উভয়ে একই আকাশ হয়, সেইরূপ জ্ঞান ক্রিয়া ও যাপন ক্রিয়া এই উভয় ক্রিয়া একমাত্র কর্ত্তার উপস্থিত হওয়ায় একই হইয়া যাইবে। কেবল যে জ্ঞান, ও যাপন একস্থানস্থ বলিয়া এক হইবে, তাহাও নহে, জ্ঞানের অধিকরণ অন্তঃকরণ, আত্মারও অধিকরণ অন্তঃকরণ, সুতরাং আত্মার সহিত জ্ঞান ও জ্ঞানের সহিত যাপন পরস্পর অভিন্ন বলিয়া, আত্মা, কাল, জ্ঞানও যাপন, এসকলই অভিন্ন বুঝিতে হইবে। যদিও আত্মার সহিত জ্ঞানের অভেদ, ব জ্ঞানের সহিত আত্মার অভেদ বহুপ্রমাণসিদ্ধ, এবং কাল যাপন এই দুইয়ের ভেদই প্রমাণসিদ্ধ, তথাপি কাল বলিয়া পৃথক্ বস্তু কিছুই না থাকায় সূর্য্যাদি ক্রিয়োপহিত আত্মা ও অন্তঃকরণোপহিত চৈতন্য, এ দুইয়ের কোন প্রভেদ থাকিতে পারে না। অধিকন্তু আত্মার সহিত ব্রহ্মের অভেদ সাক্ষাৎ কার হইলে জগতের একমাত্র প্রত্যুপস্থিতির কারণ মায়ার বিলয় হইবে, এবং তজ্জন্য ক্রিয়াকারকাদির ভেদও তিরোহিত হইবে; সুতরাং আত্মা, কাল, ও ক্রিয়ার ভেদ না দেখিয়া জীব, ব্রহ্ম ও জগতের অভেদই দেখিবে। তবে

ত্বঞ্চাত্মানঃ সাক্ষাৎ করোষি, ত্ব মাত্মাসি, ব্রহ্মাসি, তত্ত্বমসি ইত্যেবং সম্বোধয়ামি ত্বাং হে মহামতে ইতি। অতএব অখিলং প্রারব্ধ কর্ম্মণা ফলং যৎ প্রারব্ধং ত্বাং ভোজ-

---

কেহ বলিতে পারেন, কাল হইতেছে মহাবিষ্ণুরই মূর্ত্তি বিশেষ। সুতরাং যতক্ষণ মহাবিষ্ণুর সাক্ষাৎকার না হয়, বা মহাবিষ্ণুর স্বরূপে অবস্থান করা না যায়, ততক্ষণ আর কালকে অভিন্ন বলিতে পারা যায় না। ইহার উত্তরে আমরা বলি, মহাবিষ্ণু ও পরব্রহ্ম একই পদার্থ, সেই মহাবিষ্ণুত অভিন্ন পদার্থ তবে যে সূর্য্যাদি গমনক্রিয়ার সম্বন্ধ তাহাতে ঘটাইয়া ক্ষণ যামার্দ্ধ, অহোরাত্রাদির কল্পনা করা হয়, তাহা কখনই সত্য হইতে পারে না, কারণ, উপাধি সম্বন্ধ কল্পিত বলিয়া মিথ্যা। যেমন ঘটশরাবাদির জলে প্রতিবম্বিত সূর্য্যের সংখ্যা বহু বলিয়া বোধ হইলেও উপাধির বহুত্ব বিধায়, এবং উপাধি সম্বন্ধ মিথ্যা বলিয়া বহু সূর্য্য বলিয়া কেহই স্বীকার করে না। কেন? না, উপাধি সম্বন্ধ কখনই সত্য নহে, এই জন্য, সেইরূপ এখানেও সূর্য্যাদির গতি ক্রিয়ার সম্বন্ধ ধরিয়া কালকে বহু বলিলেও কাল এক ও উপাধিসম্বন্ধ শূন্য। আরও দেখ, যেমন একখানি দর্পণ লইয়া দেখিলে দেখিতে পাইবে, তোমার মুখখানি দর্পণের মধ্যে যেন গিয়াছে, তোমার মুখের দিকে যেন তাকাইয়া আছে, ইত্যাদি। বস্তুতঃ ইহাকি সত্য? তাহা হইতে পারে না, কারণ, যদিও এখন তোমার মুখ দুইখানি বলিয়া প্রতীতি হইতেছে, তথাপি দর্পণ খানি তথা হইতে অপসারিত করিলে, আর দুইখানি মুখ থাকিবে কোথায়? এস্থলে যেমন উপাধি সত্ত্বে মুখে দ্বৈতবিভ্রম হইয়াছে, এবং দর্পণের অসদ্ভাব দ্বৈত বিভ্রম থাকিতে পারে না, সুতরাং উপাধিসম্বন্ধে সত্য নহে, সেইরূপ ক্রিয়ারূপ উপাধির সম্বন্ধ মিথ্যা সত্য নহে। আরও যেমন দর্পণের মালিন্যাদি দোষ থাকিলে মুখে মালিন্যাদি বোধ হইয়া থাকে, কিন্তু অনুস্বচ্ছ দর্পণে দেখিলে সেই মালিন্য আর দেখা যায় না বলিয়া উপাধির কোন গুণ, বা দোষ উপাধেয়ে যাইতে পারে না, সেইরূপ সূর্য্য গতি আদি উপাধির বহুসংখ্যা থাকিলেও সেই উপাধি দোষে আত্মাও দূষিত হইতে বাধ্য নহেন। তজ্জন্যই কালের বহুত্ব কল্পনাসাপেক্ষ মাত্র, বস্তুতঃ কিছুই নহে। তাহাহইলে অদ্বৈত কাল, বা অদ্বৈত আত্মা একই হইতেছেন এবং ঐ অদ্বৈত কাল, অদ্বৈত আত্মা, ও অদ্বৈত জীবের সামাহার দ্বারা চলিতে থাক। ইহাই ঐ

রিতুং নিমগ্নতমিবোপ কুর্ব্বন্তং ব্রাহ্মণমুপব্রূতেন, তদ্ দুঃখেনাভিসমুদ্বেগং কর্ত্তুং নাহসীতি কৃতোঽয়মনুবাদঃ। ১॥

প্রথম মন্ত্রের অর্থ। উহার বিশুদ্ধ বাঙ্গালা হইতেছে যে, আত্মাকেই কেবল জানিতে থাক, এই মাত্র। হে মহামতে! তুমি কেবল আত্মাকে জানিতে থাক এই মাত্র, কিন্তু, তন্মধ্যে সমস্ত প্রারব্ধ কর্ম্মের ফল ভোগ করিতে করিতে উদ্বেগ করিতে পার না। তুমি মহা মতি। কেন? না, যাহার বুদ্ধি মহতী হইয়াছে, সেই মহামতি। তোমার বুদ্ধি যখন আত্মাকে জানিতে সমর্থ হইয়াছে, তখন সেত মহতীই হইয়াছে। কি হইলে মহতী হয়? না, নিরতিশয় পরিমাণ হইলেই মহতী হয়। নিরতিশয় পরিমাণ কি? না, সমস্ত পদার্থকে ব্যাপিয়া থাকিতে পারা। যে সমস্ত পদার্থকে ব্যাপিয়া থাকিতে পারে, সে সর্ব্বাপেক্ষা বৃহৎ, বা নিরতিশয় পরিমাণ বিশিষ্ট। যে সকলকে ব্যাপিয়া থাকিতে পারে, সেত সকল বিষয়ের মূল তত্ত্ব কি, তাহাও জানিতে পারে, সুতরাং সেত সর্ব্বজ্ঞ! যে সর্ব্বজ্ঞ, সেত সকলেরই স্রষ্টা। কি করিয়া? না, সর্ব্বজ্ঞতার কারণ যে জ্ঞান, তাহার একটা পরা কাষ্ঠা আছে। এই যে অতীত অনাগত, ও বর্ত্তমান বিষয় সকল, ইহার প্রত্যেকটির গ্রহণ এবং সমুচ্চয়ের গ্রহণ, ইহার অতীন্দ্রিয় গ্রহণ, এবং ঐন্দ্রিয়ক গ্রহণ, ইহা অল্প, ও বহুপরিমাণ হইয়া থাকে. এই জ্ঞানই সর্ব্বজ্ঞবীজ। এই ক্ষুদ্র ক্ষুদ্র জ্ঞান ক্রমে বর্দ্ধিত হইতে হইতে যে স্থানে যাইয়া নিরতিশয় হইয়াছে, সেই সর্ব্বজ্ঞ। অবশ্য পরিমাণের ন্যায় জ্ঞানের একটা পরাকাষ্ঠা আছে; কারণ, জ্ঞানকে সাতিশয় দেখা যায়। অতএব যে স্থানে জ্ঞানের পরাকাষ্ঠা সেই সর্ব্বজ্ঞ। যাহা কিছু সাতিশয় যে সকলই কখন না, কখন নিরতিশয়, যেমন কুল, আমলকিও বিল্বাদিতে সাতিশয় মহত্ত্ব দেখা যায়, কুল অপেক্ষা, আমলকি বড়; আমলকি অপেক্ষা বিল্ব বড়, এইরূপ পর পর মহত্ত্ব দেখা যায়, এই মহত্ত্বক্রমে আকাশে নিরতিশয় প্রায়, এবং আত্মায় যাইয়া একেবারে নিরতিশয়। সেইরূপ ক্ষুদ্র ক্ষুদ্র জ্ঞান করিতে করিতে যখন আত্মাকে জানিয়াছে, তখন বুদ্ধিও নিরতিশয় মহৎপরিমাণশালী হইয়াছে। তাহার তাদৃশ মতি হইয়াছে, সে নিশ্চয় সর্ব্বাতিশয়ী মহান্ ও হইয়াছে। সর্ব্বাতিশয়ী মহান্, বা সর্ব্বব্যাপক বা সর্ব্বজ্ঞ, এটি একীয় কথা। সকলকে ব্যাপিয়া থাকিতে গেলে সকল পদার্থের জ্ঞান থাকা

স্যাদেতদাত্মজ্ঞানং করণীয়ং, আস্তাঞ্চ প্রারব্ধভোগোঽপি সাধকেনাদ্বেগেন সম্পাদনীয়ঃ ; গুণপুরুষ সম্বন্ধস্তনাগপি শক্য উপেক্ষিতুং দেহবত্তা, প্রতিকূল বেদ-

---

অবশ্যম্ভাবী। সকল পদার্থের জ্ঞান থাকিলে, তাহাদিগকে কি করিয়া উৎপন্ন করিতে হয়, তাহাও তাহার সুবিদিত থাকে ; সুতরাং সর্ব্বজ্ঞই সর্ব্ব স্রষ্টা হয়। ঈশ্বরের উপাধিতে যে গুণত্রয় আছে, সে গুণত্রয় পরস্পরাপেক্ষী, সুতরাং যে স্রষ্টা সেই পালয়িতা, এবং সেই গুণানুসারে সংহর্ত্তা হয়। ঈশ্বরের উপাধিতে যে সত্ত্ব, রজঃ, ও তমোগুণ আছে, সেই গুণানুসারে ঈশ্বর স্রষ্টা, পাতা ও সংহর্ত্তা। তোমার বুদ্ধির পরিমাণ বৃদ্ধি হইয়া নিরতিশয় পরিমাণ প্রাপ্ত হইয়াছে বলিয়া তুমিও সেই গুণত্রয়ানুসারে স্রষ্টা, পাতা ও সংহর্ত্তা। পুরাণে কথিত হইয়াছে :—সর্ব্বজ্ঞতা, তৃপ্তি অনাদিজ্ঞান, স্বতন্ত্রতা, নিত্যঅলুপ্ত শক্তি, ও অনন্তশক্তি, এই ছয়টি বিভু মহেশ্বরের অঙ্গ, এই কথা বিদ্বিজ্জগণ বলেন। আরও উক্ত হইয়াছে :—জ্ঞান বৈরাগ্য, ঐশ্বর্য্য, তপঃ, সত্য, ক্ষমা, ধৃতি, স্রষ্টৃতা, আত্মসংবোধ ও অধিষ্ঠাতৃত্ব, এই দশটি অব্যয় শব্দরে নিত্যই বিদ্যমান আছে। এ সকল হইতেছে ঈশ্বরের ধর্ম্ম। যে ব্যক্তি এই প্রকারে ঈশ্বরের সাক্ষাৎকার করিতে পারে, তাহারও এই ধর্ম্ম গুলি হইয়া থাকে। ইহা ঐ আত্মজ্ঞানীর স্বরূপাখ্যান, বা স্তুতি সাধক নিত্য কোলাহলময় সংসারে বিরক্ত হইয়া নিরতিশয় কোলাহল ময় ঈশ্বর দেহে বিরাজ করে, একথাটা যেন সাধকের প্রিয় নহে ; সুতরাং প্রকৃত কথা এই যে, ঈশ্বরের সহিত ব্রহ্মের কোন ভেদ নাই। সৃষ্টি ব্যাপারের মধ্যে থাকিয়া বিসৃষ্টির কথা বলা অসম্ভব বলিয়া বলা হয়, সর্ব্বস্রষ্টা, সর্ব্বপাতা, সর্ব্বসংহর্ত্তা, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তি ব্রহ্মই হয়, কিন্তু প্রকৃতপক্ষে গুণ উপাধি বলিয়া আত্মালোকে ঐ গুণের কোনই সম্পর্ক নাই। সাধক ব্রহ্মই হয় ; সে জানিতে পারে যে, সে সকলই। শ্রুতিতে উক্ত হইয়াছে :—যে সেই পরম ব্রহ্মকে জানিতে পারে, সে ব্রহ্মই হয়। তুমিও আত্মাকে সাক্ষাৎ করিতেছ, সুতরাং তুমি আত্মা হইতেছ, সেই তুমি হইতেছ এইরূপের বোধ জাগরূক করিয়া দিবার জন্য তোমাকে মহামতি বলিয়া সম্বোধন করিলাম। অতএব অখিল প্রারব্ধ কর্ম্মের ফল, উপকারী ব্রাহ্মণকে নিমন্ত্রণ করিয়া যেমন উপকৃত ব্যক্তি ভোজন করায়, এবং সেই উপকারী ব্রাহ্মণ বলিয়া তুষ্ণীম্ভাবে আহার করে, কোন কথাই বলে না, সেইরূপ তুমিও

উৎপন্নে তত্ত্ববিজ্ঞানে প্রারব্ধং নৈব মুঞ্চতি।

নীয় স্বরূপত্বাদ্দুঃখাদেরিত্যত আহ ;—উৎপন্ন ইত্যাদি। উৎপত্তুঃ হারব্ধে নোৎপন্নে বিরোধাৎ ; তত্ত্বস্য তদ্ভাবস্যাত্মনঃ স্বরূপস্য বিজ্ঞানে জ্ঞানস্য বৈশিষ্টে সাক্ষাৎকারে সতি মননোত্তরসীমাদৌ, যত্রৈবমুক্তম্ ;—"নির্ব্বিচার বৈশারদ্যেঽধ্যাত্ম প্রসাদঃ। ঋতম্ভরা তত্র প্রজ্ঞা। শ্রুতানুমান প্রজ্ঞাভ্যামন্যবিষয়া বিশেষার্থত্বাৎ।'

প্রারব্ধের ফল ভোগ করিতে করিতে কোনরূপ উদ্বেগ করিতে পার না। যে আত্মদর্শী হইয়াছে, সে অশঙ্কভাবেই দেহযাত্রা নির্ব্বাহ করিয়া থাকে তাহাকে কোনরূপ বিধান, বা নিষেধ দ্বারা সেই দেহযাত্রা নির্ব্বাহ করিতে উপদেশ দিবার প্রয়োজন নাই। তথাপি যে এই প্রকার বলা হইল, এটি অনুবাদ মাত্র। ইহার ফল এই যে, 'প্রারব্ধবলে যেরূপ ফলভোগ করিতে হয় সেইরূপ ফল ভোগ হইতে থাকুক, তাহার প্রতিলক্ষ্য করিয়া আবশ্যক নাই তুমি কেবলই আত্মাসাক্ষাৎকার করিতে থাকে।' এইরূপ উপদেশ প্রদত্ত হইবে ॥ ১ ॥

আচ্ছা হউক আত্মজ্ঞান এইরূপে করণীয় ; থাক উদ্বেগহীন সাধক প্রারব্ধের ভোগ সম্পাদন করিতে ; কিন্তু যতদিন দেহ থাকিবে, ততদিন ত প্রকৃতিপুরুষের সম্বন্ধে উপেক্ষা দেখাইতে পারিবে না। সম্বন্ধ থাকা কথতঃ সুখ দুঃখাদির ভোগ করিতেই হইবে। অবশ্য ভোগ করিতে গেলেই উদ্বেগ আপনা হইতেই আসিবে। যাহা অনুকূল জ্ঞানের বিষয়, তাই সুখ, আর যাহা প্রতিকূল জ্ঞানের বিষয়, তাহাই দুঃখ। যদি সুখ দুঃখাদি ভোগ করে, তাহা ত প্রতিকূল জ্ঞান হইলে উদ্বে। অবশ্যম্ভাবী। এইজন্য বলিতেছেন ;—উৎপন্ন ইত্যাদি। আত্মতত্ত্ব সাক্ষাৎকার উদয় হইতে আরম্ভ করিলে, প্রারব্ধ কর্ম্ম ফল প্রসব ত্যাগ করে না বটে, কিন্তু তত্ত্ববিজ্ঞান উদয় হইলে পর, আর প্রারব্ধ কর্ম্মের সত্তা থাকে না।' উৎপন্নে উৎপন্ন হইতে আরম্ভ করিলে উৎপন্ন হইলে নহে, কারণ, তত্ত্ব বিজ্ঞান উৎপন্ন হইলে আর কিছুই থাকে না ; তখন যদি, বলা যায় যে, প্রারব্ধ থাকে ও ফল দেয়, তবে সে কথাটি পরস্পর বিরুদ্ধ হইয়া পড়ে সুতরাং তত্ত্ববিজ্ঞান উৎপন্ন হইতে আরম্ভ করিলে, এইরূপ অর্থ করিতে হইবে। তত্ত্বশব্দের অর্থ তাহার ভাব, বা আত্মার স্বরূপ, সেই আত্মস্বরূপের বিজ্ঞান বিশিষ্ট জ্ঞান সাক্ষাৎ কার হইতে আরম্ভ করিলে পর, অর্থাৎ মনের শেষসীমা-

ইতি (যোঃ দঃ, সঃ পাঃ, ৪৮—৪০) তথাচোক্তম্ ,—"প্রজ্ঞাপ্রসাদমারুহ্য অশোচ্যঃ শোচতো জনান্।

ভূমিষ্ঠানিব শৈলস্থঃসর্ব্বান্ প্রাজ্ঞোঽনুপশ্যতি।" ইতি

যত্রৈবমুক্তম্ ;—"আগমেনানুমানেন ধ্যানাভ্যাস রসেন চ।

ত্রিধাপ্রকল্পয়ন্ প্রজ্ঞাংলভতে যোগমুত্তমম্॥" ইতি

তস্যামপ্যবস্থায়াং প্রারব্ধং কর্ম্ম নৈব মুঞ্চতি প্রসবম্। যথৈতদন্যোক্তম্ ;—

"না ভুক্ত্বা ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপি।

অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্॥" ইতি।

দিতে ,—যেসময়ে এইরূপে উক্ত হইয়াছে ;—প্রকাশস্বভাব বুদ্ধিসত্ত্বের অশুদ্ধি রূপ আবরণ মল অপগত হইলে স্বচ্ছস্থিতি প্রবাহের আর ব্যাঘাত জন্মে। রজোগুণ ও তমোগুণ ঐ স্বচ্ছস্থিতি প্রবাহের অভিভব, বা ব্যাঘাত করে। কিন্তু নির্ব্বিচারসমাধি দ্বারা উক্ত রজোগুণ ও তমোগুণের অভিভব দৃঢ়পদ করিয়া দিলে, উক্তগুণদ্বয় অভিভূত থাকিয়া যায়, আর আবির্ভূত হইতে পারে না। যোগের এই অবস্থাকে নির্ব্বিচার বৈশারদ্যাবস্থা বলে। যখন নির্ব্বিচার সমাধির এই বৈশারদ্য জন্মে, তখন যোগীর অধ্যাত্মপ্রসাদ হয়। ভূতার্থ বিষয়ক ক্রমানুরোধী পরিস্ফুট প্রজ্ঞালোককে অধ্যাত্ম প্রসাদ বলা যায়। যদিও এসময়ে আত্মসাক্ষাৎকার পরিস্ফুটভাবে হয় না, তথাপি এই হইতেছে বিজ্ঞানের শেষ সীমা। এ বিষয়ে পরমর্ষির পক্ষেই প্রমাণ আছে। যথা ,—প্রাজ্ঞব্যক্তি প্রজ্ঞাপ্রাসাদে আরোহণ করিয়া শোকতাপের অতীত হয়, এবং শৈলস্থ ব্যক্তির ন্যায় আপনাকে অশোচ্য দেখিয়া শোককারী জনগণকে ভূমিষ্ঠ ক্ষুদ্র মানবের ন্যায় দেখিতে থাকে। অর্থাৎ জ্ঞানালোক প্রকর্ষদ্বারা আত্মাকে সকলের উপরে দেখিতে পাইয়া দুঃখত্রয়াভিভূত শোককারী বলিয়া অন্যমানবকে জানিতে পারে। সেই সময়ে সমাহিতচিত্তের যে প্রজ্ঞাজন্মায়, তাহার নাম ঋতম্ভরা। এই নামটি সার্থক ; কারণ, সেই প্রজ্ঞা সত্যকে ধারণ করে, তাহাতে মিথ্যার গন্ধমাত্রও থাকে না। এ বিষয়ে পারমর্ষীগাথা একটি আছে। যথা,—আগম দ্বারা, অর্থাৎ বেদবিহিত শ্রবণ দ্বারা, অনুমান দ্বারা, অর্থাৎ মননদ্বারা, এবং ধ্যান হইতেছে চিন্তা তাহার অভ্যাস পৌনঃপুন্যভাবে অনুষ্ঠান, তাহাতে যে রস বা আদর, তদ্দ্বারা, অর্থাৎ নিদিধ্যাসনদ্বারা প্রজ্ঞাকে

তত্ত্বজ্ঞানোদয়াদূর্দ্ধং প্রারব্ধং নৈব বিদ্যতে।

অথান্য সংস্কার প্রতিবন্ধিনি তজ্জনিতে সংস্কারে নিরুদ্ধে, নির্ব্বীজেচ সমাধৌ, তত্ত্বজ্ঞানসোদয়ো ভবতি তমসঃ পরস্তাদাদিত্যস্যৈব, তত উর্দ্ধং পরস্তাৎ প্রারব্ধং

তিন প্রকারে কল্পনা করিয়া উত্তম যোগ লাভ করিবে। সেই ঋতম্ভরা প্রজ্ঞা শ্রবণ প্রজ্ঞা ও মনন প্রজ্ঞা হইতে অন্যবিষয়ক, যেহেতু তাহার বিষয় বিশেষ। ঐ সূত্রোক্ত শ্রুতশব্দে আগম বিজ্ঞান, সে সামান্য বিষয়ক, কারণ, আগমবাক্য কোনও বিশেষ বিষয়ের অভিধান করিতে পারে না। কেন পারে না? না, শব্দের সহিত যে অর্থের সম্বন্ধ আছে, যে সম্বন্ধ অনুসারে শব্দ অর্থের অভিধান করে, সে সম্বন্ধ বিশেষরূপে নাই; কিন্তু সামান্যাকারে; যেমন গো বলিলে গোসামান্যই বুঝাইবে, গোবিশেষ বুঝাইবে না, কেন গোবিশেষ বুঝাইবে না? না, গো শব্দের সম্বন্ধ গোবিশেষের সহিত নাই, গোসামান্যের সহিত আছে, সুতরাং গো শব্দদ্বারা গোবিশেষ না বুঝাইয়া গোসামান্যই বুঝাইবে। এইরূপ সকল শব্দেরই রীতি। এইজন্য আগম বাক্যের দ্বারা বিশেষ জ্ঞান জন্মায় না; কিন্তু সামান্য জ্ঞান জন্মে। সেইরূপ অনুমান ও সামান্য বিষয়। কেন? না, সামান্যাকারে ব্যাপ্তি স্থির করিয়া তদ্দ্বারা অনুমান করা হয় সেইজন্য উক্ত অনুমান দ্বারা কোনও একটা বিশেষ বিষয়ের জ্ঞান জন্মে না। অতএব আগম ও অনুমানের বা শ্রবণ, ও মনের বিষয় কোন একটা বিশেষ বিষয় নাই। তারপর সূক্ষ্ম, ব্যবহিত, বা বিপ্রকৃষ্ট বিষয়ও লৌকিক প্রত্যক্ষ প্রমাণ দ্বারা কখনই গৃহীত হয় না। লোক প্রত্যক্ষের প্রতি বিষয়ের সহিত ইন্দ্রিয় সম্বন্ধ কারণ। উক্ত সূক্ষ্মাদি বিষয়ের গ্রহণ করা ইন্দ্রিয়ের যোগ্যতায় কুলায় না। সেই জন্য ঐ সকল বিষয় লোক প্রত্যক্ষের বিষয় নহে। আবার, তাই বলিয়া যে নাই তাহাও বলিতে পার না কারণ, প্রমাণ দ্বারা গৃহীত না হইলেও পদার্থ অভাবগ্রস্ত হয় না; যেমন পরমাত্মাদি প্রত্যক্ষাদি প্রমাণ গ্রাহ্য না হইলেও তাহার অস্তিত্ব অস্বীকার করা যায় না। সেইরূপ লৌকিক প্রত্যক্ষের অগ্রাহ্য বিষয় হইলেও নাই বলা চলিবে না। কথিতরূপ সমাধি প্রজ্ঞার উদয় হইলে, সেই সকল বিশেষ বিষয়, সাক্ষাৎকৃত হইয়া পড়ে। ভূত সূক্ষ্মগত বিশেষ বা পুরুষগত বিশেষ, যে কোন বিশেষই সেই প্রজ্ঞার গ্রাহ্য হইয়া থাকে। অতএব সে প্রজ্ঞা আগমপ্রজ্ঞা, ও অনুমান প্রজ্ঞা হইবে ভিন্ন বিষয়ক; কারণ,

দেহাদীনামসত্ত্বাত্তু যথা স্বপ্নে বিবোধতঃ। ২ ॥

কর্ম্ম নৈব বিদ্যতে তিষ্ঠতি। কস্মাৎ? দেহাদীনামাত্মন্যস্তানামজ্ঞান প্রভবানাম-জ্ঞানমূল কতয়াঽধিষ্ঠান সত্তয়ৈব সত্তাবতাং জ্ঞানেনাজ্ঞাননাশে তদ্বাদিনাশে পটাদী-নামিবাসত্ত্বাদাশ্রয়াভাবে কুতস্ত্যং প্রারব্ধং, কুতস্ত্যো বা তৎপ্রসবঃ? যথা স্বপ্নকালে

সে প্রজ্ঞার বিষয় বিশেষ। যদিও এই অবস্থায় জ্ঞানের বিপুল বিস্তার হইয়া থাকে, তথাপি সেই অবস্থাতেও প্রারব্ধকর্ম্মফল প্রসব করিতে প্রযত্ন ছাড়ে না। এবিষয়ে কথিত হইয়াছে; ভোগ না করিয়া কর্ম্ম কোটিশত কল্পেও ক্ষয় হয় না। শুভই হউক, আর অশুভই হউক, যে কোন কর্ম্ম করা যাইবে, তাহার ফল অবশ্যই ভোগ করিতে হইবে। এই কর্ম্মভোগ ততদিন করিতে হয়, যতদিন নিরোধ সমাধি উপস্থিত না হয়। নিরোধ সমাধি কি করিয়া হয়? না, ঐ যে ঋতম্ভরা প্রজ্ঞার উদয় হয়, উহাদ্বারা যোগীর প্রজ্ঞাকৃত নূতন নূতন সংস্কার উৎপন্ন হইতে থাকে। সেই সমাধি প্রজ্ঞাজাত সংস্কার ব্যুত্থান সংস্কারাশয়কে বাধিত করে; ব্যুত্থান সংস্কার চক্রের বাধাজন্মিলে পর, আর সেই সংস্কারজাত প্রত্যক্ষাদি জ্ঞান উৎপন্ন হইতে পারে না। প্রত্যক্ষাদি জ্ঞান যদি নিরুদ্ধ হয়, তাহা হইলে সমাধির আবির্ভাব হয়। সমাধি হইলে, সমাধিজ প্রজ্ঞার আবির্ভাব হয়, সমাধিজ প্রজ্ঞা হইতে সমাধিজ প্রজ্ঞার সংস্কার জন্মে! এইরূপে নূতন নূতন প্রজ্ঞা, ও নূতন নূতন সংস্কার জন্মায়। তারপর আবার প্রজ্ঞা, আবার সংস্কার। এইরূপে সংস্কারাতিশয় আবির্ভূত হয়। আচ্ছা, এই যে সংস্কারাতিশয় জন্মে, এ চিত্তকে তাহার অধিকারের মধ্যে রাখে না কেন? রাখে না তাহার কারণ এইযে, উক্ত প্রজ্ঞাকৃত সংস্কার ক্লেশরক্ষার কারণ নহে। অতএব চিত্তের অধিকার বিলোপ ঘটায়। চিত্তের অধিকার তত্ত্ববিজ্ঞান পর্য্যন্ত। কেবল যে এইমাত্র সে প্রজ্ঞার ফল, তাহা নহে অন্যবিধ ফল ও আছে,—সেই যে তত্ত্ববিজ্ঞান, তাহা হইতে যে সকল সংস্কার হইয়া পিণ্ডীকৃত হইয়াছে, সেই পিণ্ডীকৃত সংস্কার কেবলই যে সমাধি প্রজ্ঞার প্রতি রোধ কর, তাহা নহে, কিন্তু তাহার সংস্কার সকলেরও প্রতিবন্ধী হয়। সে কি কথা? হাঁ, ঐ কালে ঐ তত্ত্ববিজ্ঞানের গুণেও এক প্রকার বৈরাগ্য জন্মে; সেই পরবৈরাগ্য জন্মা সংস্কার দ্বারা উক্ত প্রজ্ঞা সংস্কারের বোধ হয়। কি করিয়া জানা যায় যে, উক্ত সময়ে বিজ্ঞান গুণ বৈরাগ্য জন্মা সংস্কার হয়?

জাগরণকালীনানাং দেহাদীনামসত্ত্বাৎ প্রবোধজদাহাদিকং, তৎ ফলং বা যন্ত্রণাদিকং যথা ন তিষ্ঠতি, তথেতি। এতদুক্তং ভবতি, আগমাদ্বারাঽনুমানাদ্বা তত্ত্বজ্ঞানং ভব-

---

হাঁ, জানা যায়,—নিরোধস্থিতি কালের ক্রমানুভব দ্বারা নিরোধ চিত্ত কৃত সংস্কারের অস্তিত্ব অনুমান করিয়া জানা যায়। ব্যুত্থান নিরোধকালী সম্প্রজ্ঞাত জাত সংস্কার সমূহ, এবং কৈবল্যভাগীয় নিরোধজ সংস্কার যমূহ চিত্তকে তাহার প্রকৃতে বিলীন করিয়া ফেলে। অর্থাৎ চিত্তের অধিকার হইতেছে পুরুষ ভোগ ও অপবর্গ প্রদান করা। তাহা চিত্ত সুচারূরূপে সম্পাদন করিয়াছে; সুতরাং সম্প্রজ্ঞাত সমাধি প্রজ্ঞাদ্বারা ব্যুত্থান প্রজ্ঞার নিরোধ হয়, সম্প্রজ্ঞাতসমাধি প্রজ্ঞা-সংস্কার দ্বারা ব্যুত্থান প্রজ্ঞাসংস্কার নিরোধ হয়; নিরোধকালীন পরবৈরাগ্য দ্বারা সম্প্রজ্ঞাত সমাধি প্রজ্ঞার নিরোধ হয়, এবং পরবৈরাগ্যজ সংস্কার দ্বারা সম্প্রজ্ঞাত সমাধি প্রজ্ঞাজ সংস্কারের নিরোধ হয়। সে অবস্থায় চিত্তে আর কিছুই থাকে না, থাকিবার আর আবশ্যকও হয় না তখন চিত্ত আর চিত্তরূপে থাকে না। যেমন কাষ্ঠে অগ্নি লাগাইয়াদিলে, সেই অগ্নি কাষ্ঠকে ও ভস্মসাৎ করে এবং আপনিও নির্ব্বাণ পায়, সেইরূপ চিত্তে সমাধি উপস্থিত হইলে চিত্ত মল স্বরূপ কোথায় পড়িয়া থাকে, তাহার আর সংবাদই থাকে না, এবং সমাধিও চরম সংস্কার জন্মিয়া দিয়া আপনা আপনি থামিয়া যায়। ঐ চরম সংস্কার চিত্তের সহিত লয় পায়। তখন আর দ্রষ্টব্যবিষয় নাথাকায় উপাধির স্বরূপতঃ বিলোপ ঘটায় আত্মা পরিপূর্ণ জ্যোতির্ম্ময় ও আনন্দময়রূপে স্বস্বরূপে অবস্থিত হয় এই হইল স্বরূপ প্রতিষ্ঠা, এবং এই সময়ে আত্মা শুদ্ধ ও বুদ্ধ। এই সময়ে অন্ধকারের শেষ সীমা হইতে অন্ধকারকে নাশ করিতে করিতে যেমন আদিত্য দেবের নির্ম্মল উদয় হয়, সেইরূপ আত্মতত্ত্বসাক্ষাৎকারও উদিত হয়। তারপর আর প্রারব্ধ কর্ম্ম থাকিতে পারে না। কেন? না, মনে কর, একজন এই বলিয়া ঘুরিয়া বেড়াইতেছে, এবং বকাবকি করিতেছে যে, আমি গলা হইতে হার খুলিয়া থুইয়া স্নান করিলাম; কিন্তু উঠিয়া আর হারছড়া পাইতেছি না। এইরূপে অনেক স্থল ঘুরিয়া খুঁজিয়া বেড়াইতেছে, এমন সময়ে হঠাৎ কেহ আসিয়া বলিল, ঐ যে, হার তোমার গলায় যে। তখন সে যেমন গলায় হাত দিয়াই বলিয়া উঠে, হাঁ হার পাইয়াছি; সেইরূপ যতক্ষণ আত্ম স্বরূপ সাক্ষাৎকার না হয়, ততক্ষণ সংসার মণ্ডলে ঘুরিয়া বেড়ায়; কিন্তু আত্ম স্বরূপ সাক্ষাৎ

দপি পরোক্ষ রূপতয়া ন সাক্ষাৎকারবতী মবিদ্যামুচ্ছিনত্তি, দ্বিচন্দ্র দিঙ্মোহালাত-চক্রাদিষ্বনুচ্ছেদকত্বাৎ; অবিদ্যামূলত্বাজ্জগতো বিদ্যায়াশ্চ অবিদ্যোচ্ছেদকরূপত্বাদ্ বিদ্যোদয়ে অবিদ্যাদিসমুচ্ছেদো বিরোধিত্বাৎ কারণবিনাশাচ্চ। যত্রাগ্নিলাভোঽশক্য সম্পাদঃ কুতস্তরাং তত্র প্রারব্ধাদীনাং ফলজননমগ্নিমগ্নফলমাদি বীজবদিতি। ২ ॥

কার হইলে, আর সংসার মণ্ডল তাহার থাকে না। যেমন হারের অজ্ঞানে ঘুরিয়া বেড়ান ইত্যাদি ক্রিয়া হয়,সেইরূপ আত্মতত্ত্বের অজ্ঞানে এই সংসার মণ্ডলে ঘুরিয়া বেড়ান ইত্যাদি হয়। তখন প্রকৃত আত্মতত্ত্ব সাক্ষাৎ কার হয়, তখন ঐ অজ্ঞান লোপ পায় বলিয়া ঐ অজ্ঞানের কার্য্য যে সংসারমণ্ডল এবং সংসার মণ্ডলে ব্যবহার করা,তাহাও থাকেনা। যেমন তন্তুরাশির আতান বিতান ভেদে বস্ত্র উৎপন্ন হয় বলিয়া তন্তুরাশির বিনাশে বস্ত্র বিনাশ অবশ্যম্ভাবী,সেইরূপ অজ্ঞান দ্বারা জায়মান সংসার মণ্ডল বলিয়া অজ্ঞান নাশে সংসার মণ্ডলের নাশও অবশ্যম্ভাবী। দেহাদিও সংসার মণ্ডলের অন্তর্গত বলিয়া দেহাদিও থাকিতে পারে। দেহ ও চিত্ত প্রভৃতি যদি কিছুই না থাকে,তবে আবার প্রারব্ধ কর্ম্মই বা কোথায় থাকিবে? আর সেই প্রারব্ধ কর্ম্মের ফলই বা হইবে কোথায়, ভোগই বা করিবে কে? যেমন জাগরণ কালে হস্তাদির দাহ হইলে জ্বালা যন্ত্রনাদি হয় সত্য, কিন্তু স্বপ্নাদি কালে জাগ্রদ্দেহ নাথাকায় জ্বালাযন্ত্রনাদি হইতে পারে না, সেই রূপ অজ্ঞান কালীন জায়মান প্রারব্ধ জ্ঞানকালে দেহ ও চিন্তাদি না থাকায় থাকিতে পারে না, বা তাহার ফলও প্রসব করিতে পারে না। ফল কথা এই যে,—বেদাদিশ্রবণ, বা অনুমানাদি দ্বারা আত্মতত্ত্বজ্ঞান যদিও হয়, তথাপি তাহা প্রত্যক্ষাকারের নহে, অপ্রত্যক্ষাত্মক,সুতরাং প্রত্যক্ষাত্মক অবিদ্যার উচ্ছেদ তদ্দ্বারা হইতে পারে না, যেমন দ্বিচন্দ্রদর্শন, দিঙ্মোহ, ও অলাতচক্র।(কোন একটা রজুর মুখে আগুণ জ্বালাইয়া ঘুরাইলে যেন বোধ হয়, একটা আগুণের চাকা ঘুরিতেছে। এই টিকেই অলাত চক্র বলে।) প্রত্যক্ষ জ্ঞানের বিষয় বলিয়া অনুমান দ্বারা তাহার উচ্ছেদ হইতে দেখা যায় না যাহার দিগ্‌ভ্রম হয়, তাহাকে যদি বলা যায়, ঐ দেখ সূর্য্য উঠিতেছে। যে দিকে সূর্য্য উঠে, সেই দিক ত পূর্ব্ব, তবে কেন তুমি ঐ দিক্‌টাকে দক্ষিণ বল? সে দিঙ্মোহী কথাটি শুনিয়া মনে মনে বলিল এদেশে দক্ষিণ দিক হইতেই সূর্য্য উঠে; কিন্তু মুখে বলিল, হাঁ তাইত ওটা পূর্ব্বই বটে। এস্থলে যেমন দিঙ্মোহ প্রত্যক্ষাত্মক

কর্ম্ম জন্মান্তরীয়ং যৎপ্রারব্ধমিতি কীর্ত্তিতম্। তত্তু জন্মান্তরা ভাবাৎ পুংসো নৈবাস্তি কহিচিৎ। ৩॥

আহ কিমিদং প্রারব্ধমিতি তৃতীয়ো মন্ত্রঃ প্রবর্ত্ততে; কর্ম্মেত্যাদি। যৎকর্ম্ম জন্মান্তরে ভবং জন্মান্তরীয়ং নচ প্রসূত ফলং, যেনচ ফলং প্রসবিতুমারব্ধং, তৎ প্রারব্ধমিতি কীর্ত্তিতং কর্ম্মবিদ্ভিঃ। তত্তু প্রারব্ধং কর্ম্ম জন্মান্তরাভাবাদ্ধেতোঃ পুংসঃ সাক্ষাৎকারবতস্তদানীমদ্বৈতরূপতয়া দ্বৈতপর্য্যায়ং নৈব অস্তি ভবতি সত্তাবং কহিচিৎ কস্মিংশ্চিদপি কালে প্রাগ্বা জ্ঞানোদয়াৎ পরস্তাদ্বাজ্ঞানোদয়স্য, সর্ব্বদৈবাসদিতি। অয়মভিসন্ধিঃ,—জপাকুসুমাদ্যুপাধিবিয়োগে স্বভাবস্বচ্ছইব স্ফটিকমণিরবি-

---

বলিয়া ঐ উপপত্তিকর বাক্য দ্বারা দিগ্‌নিশ্চয় হয় না, সেইরূপ শ্রুতি পর্য্যালোচনা করিলে যে আত্মজ্ঞান জন্মে, তদ্দ্বারা, যে অনুমান জনিত আত্মজ্ঞান দ্বারা প্রত্যক্ষাত্মক জ্ঞানের নাশ হয় না। অজ্ঞান মূলকই জগৎ, প্রত্যক্ষাত্মক বিদ্যা উৎপন্ন হইলে, সে ত ঐ অজ্ঞানের নাশ স্বরূপেই উৎপন্ন হইবে, যেমন অন্ধকারের নিবৃত্তি স্বরূপই আলোক অন্ধকারে নাশ রূপেই উৎপন্ন হয়, সেইরূপ ঐ আত্মবিদ্যা অজ্ঞান নাশস্বরূপে উৎপন্ন হইলে, অবিদ্যার সম্যক্‌রূপে উচ্ছেদ হয়, কারণ, পরস্পর বিরোধী, এবং অবিদ্যার কার্য্য জগতেরও বিনাশ হইবে, যেহেতু জগতের কারণ অজ্ঞানের বিনাশ হইয়াছে। এখন দেখা যাইতেছে যে জগৎ বলিতে যাহা কিছু, সে সমস্তই আপন আপন প্রাণ বাঁচাইতে পারিতেছে না, যেমন অগ্নি সমুদ্রে মগ্ন বীজরাশি নিজের অস্তিত্ব রক্ষা করিতেই অসমর্থ,সে আবার ফল প্রসব করিবে? সুতরাং আত্মতত্ত্বজ্ঞান উদয় হইলে আর প্রারব্ধ কর্ম্মে ফল প্রসব করা সম্ভবপর নহে। লৌকিক দৃষ্টিতে সেরূপ দেখা গেলেও তাহা ভ্রম ভিন্ন আর কিছুই হইতে পারে না॥ ২॥

বল, এই প্রারব্ধটি কি? এই প্রশ্নের উত্তর দিতে তৃতীয় মন্ত্র প্রবর্ত্তিত হইয়াছে, কর্ম্মেত্যাদি। যে কর্ম্ম জন্মান্তরে জন্মে, যাহা জন্মান্তরীয়, অবশ্য যাহার ফল প্রসব হইয়াগিয়াছে, তাহা নহে, যে কর্ম্মে ফল প্রসব করিতে আরম্ভ করিয়াছে, সেই কর্ম্মই প্রারব্ধ, এই কথা কর্ম্মবিৎ পণ্ডিতগণ বলেন। সেই প্রারব্ধ কর্ম্ম জন্মান্তরাভাব বশতঃ আত্মতত্ত্ব সাক্ষাৎ কারবান্ পুরুষ অদ্বৈত রূপ হইয়াছে বলিয়া দ্বৈতপর্য্যায়ের ওটি কোনও ক্রমে কোনও কালে, জ্ঞানোদয়ের পূর্ব্বেও সৎ ছিলনা জ্ঞানোদয়ের পরেও সৎ নাই,অসৎই। ইহার অভিপ্রায়

স্বপ্নদেহো যথাধ্যস্তস্তথৈবায়ং হি দেহকঃ।

ত্তোচ্ছেদে নির্ম্মল এবাত্মেতি ক ভবেদস্য প্রসক্তির্যত্র তে লক্ষণ মাস্থেয়মিতি লৌকিকং যথা কথঞ্চিৎ প্রজ্ঞয়া ব্যবহর্ত্তব্যমিতি। ৩॥

বিবৃণোতি চতুর্থমন্ত্রেণ,—স্বপ্নদেহ ইতি। স্বপ্নকালীনো দেহঃ স্বপ্নদেহঃ, স যথা স্বাবচ্ছিন্নে বিষয়চৈতন্যেঽধ্যস্তঃ, তদ্ভাব প্রকারকাবিদ্যয়া স্ফুরিতঃ; ন তু বাস্তবঃ শুক্তিত্বপ্রকারকাবিদ্যয়া স্ফুরিতং রজতমিব সংস্কারাদিসহকৃতয়া, তথৈবায়ং হি যত্রে দেহকঃ শরীরাদিঃ। অয়মর্থঃ, সর্ব্বোহি বিষয়ঃ স্বাবচ্ছিন্নে চৈতন্যে সমারোপেণ স্ববিষয়কাদজ্ঞানাৎ প্রবর্ত্ততে ব্যবহারয়িতুং সংস্কারাদিভিরিতি যাবদজ্ঞানং প্রত্যবতিষ্ঠতে শুক্ত্যাদৌ রজতাদিবৎ। অধিষ্ঠানতত্ত্ব সাক্ষাৎকারে চ সতি স্ফুটতরদিনকর কিরণে তমোজালবদ্বিরোধান্ন শঙ্কাতে সত্তাবত্তামাবেদয়িতুম্; প্রতিভাসস্য কাদাচিৎ-

---

এইরূপ;—যেমন রক্তবর্ণ জপাকুসুমাদিরূপ উপাধি না থাকিলে, বা সরাইলে টক মণি স্বভাবতঃ স্বচ্ছ বলিয়া স্বচ্ছই থাকে, সেইরূপ অবিদ্যার উচ্ছেদ ইলে আত্মাও অত্যন্ত নির্ম্মল বলিয়া অত্যন্ত নির্ম্মল হন, এই জন্য প্রারব্ধের াকিবার স্থান কোথায়, যে, তাহার আবার লক্ষণ করিতে হইবে? তবে ৌকিক ব্যবহারের জন্য যাহা হয় একটা 'মনগড়া' লক্ষণ করিয়া লইলেই ইল ॥৩॥

চতুর্থমন্ত্রে ইহারই বিবরণ করা হইতেছে;—স্বপ্নদেহ ইত্যাদি। যে দেহে বস্থান করিয়া স্বপ্নদর্শন করা যায়, সেই দেহ স্বপ্ন দেহ। সে যেমন স্বরূপ বয়ক অজ্ঞান হইতে জাত বলিয়া স্বাবচ্ছিন্ন বিষয় চৈতন্যে অধ্যস্ত এবং জাগরণ ালে অসৎ, বস্তুতঃ সৎ নহে, যেমন শুক্তিত্ব প্রকারক অবিদ্যা হইতে জাত চাকচিক্যাদি সাদৃশ্য সন্দর্শন সমুদ্বোধিত রজত সংস্কার সহকৃত রজত কখনই ৎ নহে. অসৎ সেইরূপ এই জাগরণ কালের দেহাদিও স্বপ্নাদি কালে সৎনহে, সৎ, এস্থলের অভিপ্রায় এইরূপ;—চৈতন্য তিন প্রকার, প্রমাতৃ চৈতন্য প্রমাণ চৈতন্য, ও বিষয় চৈতন্য। যে চৈতন্য অন্তঃকরণে, বা অন্তঃকরণবিশিষ্ট বা অন্তঃ-করণাবচ্ছিন্ন সেই অন্তঃকরণাবচ্ছিন্ন চৈতন্যই প্রমাতৃ চৈতন্য বা জীব। আর ইন্দ্রি-য়ের সহিত বিষয়াদি সম্বন্ধ হইলে অন্তঃকরণ ঐ পথে বাহির হইয়া সেই বিষয় দেশে যাইয়া উপস্থিত হয়. এবং তড়াগাদি হইতে প্রণালী দিয়া বহিয়া যাইয়া

অধ্যস্তস্য কুতো জন্ম জন্মাভাবে কুতঃ স্থিতিঃ। ৪ ॥

কোঽপি সহনীয় ইতি। অধ্যস্তস্য কুতো জন্ম, দ্বিচন্দ্রালাতচক্রাদেরুপাধিনা সম রোপেনৈবোপপত্তেঃ। জন্মনোঽভাবেচ সতি কুতঃ স্থিতি, জন্মনা লব্ধসত্তাক স্যৈব স্থিতিসম্ভবাদিতি। জায়মানং হি স্বোপাদানেঽবতিষ্ঠতে। আরোপিত অভিন্নতোপাদানানির্ণয়াৎ কুত্র স্যাদবস্থিতিঃ। অজ্ঞানঞ্চানীর্ব্বচনীয়মিতি। ৪ ॥

জল যেমন ত্রিকোণ ক্ষেত্রে পড়িয়া ত্রিকোণ, চতুষ্কোন ক্ষেত্রে পড়িয়া চতুষ্কো ইত্যাদি আকার ধারণ করে, সেইরূপ অন্তঃকরণ বিষয় প্রদেশে যাইয়া সে বিষয়াকারে আকারিত হয়, বা বিষয়াকার ধারণ করে, এই আকার ধারণকে বৃত্তি বলে, পরিণাম বলে ও ব্যাপার বলে। এই বৃত্তিবিশিষ্ট, বা বৃত্ত্যবচ্ছি চৈতন্যকে প্রমাণ চৈতন্য বলে। আর বিষয় যে চৈতন্যে অধ্যস্ত, সেই চৈতন্যকে বিষয় বিশিষ্ট, বিষয়াবচ্ছিন্ন, বা বিষয়চৈতন্য বলে। সমস্ত বিষয়ই শুদ্ধ চৈতন্যে অধ্যস্ত, বা আরোপিত। ভ্রম স্থলে 'শুক্তি জানি না, ইত্যাকার শুক্তিবিষয়ক অজ্ঞান বা শুক্তির প্রকারক অজ্ঞান, দূরে চাকচিক্যাদি সাদৃশ্য দর্শন দ্বারা পূর্ব্বে রজত জ্ঞান জন্য এক প্রকার সংস্কার হইয়া আছে, যে সংস্কার রজত আকার রজত জ্ঞান হয়, সেই সংস্কারের উদ্বোধ করিয়া দেয়। তখন ঐ সংস্কারের সহকারীতায় রজতাকারে পরিণত হয় এবং সেই রজতাকারে অজ্ঞানেরই একটী বৃত্তি জন্মে। তখন ঐ স্থলে জ্ঞান হয় যে, ইহা আমি রজত দেখিতেছি। এস্থলে যেমন শুক্ত্যবচ্ছিন্ন চৈতন্যে অবস্থিত যে শুক্তির প্রকারক অবিদ্যা, তাহারই কার্য্য ঐ রজত; সুতরাং মিথ্যা; সেইরূপ দেহাবচ্ছিন্ন চৈতন্যে অবস্থিত যে দেহত্ব প্রকারক অবিদ্যা তাহারই কার্য্য ঐ দেহ, সুতরাং মিথ্যা। বেদান্তমতে প্রত্যেক বস্তুই স্বাবচ্ছিন্ন শুদ্ধ চৈতন্যে অধ্যস্ত, বা আরোপিত। কোন বস্তুই অনারোপিত নহে; কেবল একমাত্র আত্মা অনারোপিত, বা অনধ্যস্ত স্বরূপ পদার্থ। যখন এই শুক্তি রজত জ্ঞানস্থলে শুক্তির সাক্ষাৎকার হয়, তখন 'শুক্তি জানি না' ইত্যাকার শুক্তি বিষয়ক, বা শুক্তির প্রকারক অজ্ঞান থাকিতে পারে না; সুতরাং ঐ অজ্ঞান বিনষ্ট হইলে, ঐ অজ্ঞান হইতে উদ্ভূত রজতও আর থাকিতে পারে না, কারণ রজত ঐ অজ্ঞান হইতেই উদ্ভূত। যখন ঐ অজ্ঞান থাকিল না, তখন ঐ

উপাদানং প্রপঞ্চস্য মৃদ্ভাণ্ডস্যেব পশ্যতি।

নচ সত্ত্বমাত্মানমুপাদায় প্রবর্ত্ততামারোপ্য ইত্যাত্মসত্ত্বয়ৈব সত্তাবত্তামারোপ্যাধ্যাত্মন্যেব স্থিতিঃ শক্যাঽঽপাদয়িতুং, তথাহে চামরমেব জগৎ প্রতীয়েত? ন চৈবম্। তস্মাদাহ,—উপাদানমিতি। উপাদানং কারণমিতি প্রপঞ্চস্য স্থাবর-

তজ্জাত রজতই বা থাকিবে কিরূপে? সেইরূপ যে শুদ্ধ চৈতন্যের অজ্ঞান থাকায় সেই অজ্ঞান হইতে ঘটপটাদি নিখিল বিশ্ব ব্রহ্মাণ্ডের উৎপত্তি হইয়াছে, সেই শুদ্ধ চৈতন্যের স্বরূপ জ্ঞান হইলে পর, আর সে অজ্ঞান থাকিতে পারে না, এবং সে অজ্ঞান থাকিতে না পারিলে, তজ্জাত ঘটপটাদি ও দেহাদি কিছুই থাকিতে পারে না। মায়াবী ঐন্দ্রজালিক যে মায়া বিস্তার করিয়া ইন্দ্রজাল দর্শন করাইল, সে সে মায়া নষ্ট করিয়া দিলে কি আর সেরূপ কিছু দেখিতে পাওয়া যায়? না। কেন? না, সে মায়াত আর প্রসারিত হয় নাই। সেই রূপ যে মায়াপ্রভাবে এই জগৎ প্রসারিত, সে মায়া না থাকিলে এজগৎ কোথায় থাকিবে? এই জন্য যতক্ষণ অজ্ঞান, ততক্ষণ দেহাদি জ্ঞান থাকে, কিন্তু অধিষ্ঠানের তত্ত্ব সাক্ষাৎকার হইলে, আর যেমন স্ফুটতর সৌরকর মধ্যে তমোজাল থাকিতে পারে না, সেইরূপ অজ্ঞানও থাকিতে পারে না। তবে যে কখন প্রতিভাস হইতেছে, তাহা সহনীয়। যে বস্তু অধ্যস্ত, তাহার জন্ম কি? একচন্দ্রেই দ্বি চন্দ্রের আরোপ হয়, ঘূর্ণমান বহ্নিপিণ্ডে অগ্নিচক্রের আরোপ হয়। এই মাত্র। যাহার জন্ম নাই, তাহার আবার স্থিতি কোথায়? জন্মিয়া সত্তালাভ করিলেই স্থিতি হইতে পারে, কিন্তু সমারোপি, দ্বিচন্দ্রাদির জন্মই নাই, তার আবার স্থিতি কি? যে বস্তু জন্মায়, সে নিজের উপাদানে অবস্থিতি করে। যাহা সমারোপিত, তাহার ত উপাদান নিশ্চয় নাই; সুতরাং তাহার অবস্থিতি কোথায় হইবে? অজ্ঞান ত নির্ব্বচনানর্হ। এই জন্য তজ্জাত বস্তু সকলও নির্ব্বচনানর্হ। তবে যতক্ষণ দেখা যায় ততক্ষণ স্বীকার করিতে হয়, হাঁ দেখা যায়। প্রকৃত পক্ষে সে দেখাও প্রকৃত দেখা নয়, মিথ্যা দর্শন মাত্র। এইজন্য সেরূপ প্রারব্ধকে বস্তু বলিয়াই স্বীকার করা যায় না, যাহার অধিষ্ঠান অধ্যস্ত, এবং যে নিজেও অধ্যস্ত ॥৪॥

অজ্ঞানঞ্চেতি বেদান্তৈস্তস্মিন্নষ্টে ক্ব বিশ্বতা। ৫ ॥

জঙ্গমাত্মস্য ভূতভৌতিকরূপস্য বিশ্বস্য, মৃদিব পরিনামিনী ঘটকার্য্যস্য পশ্যতি তত্ত্বদর্শী অজ্ঞানমেবেত্যেবং বেদান্তৈঃ সর্ব্বাভিরূপনিষদ্‌ভিরাবেদ্যতে। তথাহ্যাম্নাতম্ ;—"যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞানং ভবতি, বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যং, এবং সৌম্য স আদেশো ভবতীতি।" তত্ত্বজ্ঞানেন তস্মিন্নজ্ঞানেঽসত্ত্বাৎ নষ্টে পলায়িতে হ্যাত্মোদরে পুঞ্জীভূততমোবৎ সৌরালোকজঠরে ক্ব কুত্র বিশ্বতা নানাত্বং তিষ্ঠতি? নৈব তিষ্ঠতীতি। তথাচাম্নায়তে,—"যত্র হি দ্বৈতমিব ভবতি, তদিতর ইতরং পশ্যতি" "রূপং রূপং প্রতিরূপো বভূব" "যত্রত্বস্য সর্ব্ব মাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ।" "নেহ নানাস্তি কিঞ্চন" "নান্যৎ কিঞ্চন মিষৎ" ইত্যেবমাদিভিঃ। ৫ ॥

আচ্ছা, আত্মা ত সৎপদার্থ; সেই সৎপদার্থরূপ অধিষ্ঠান ত আরোপ্য বস্তু সকল আরোপিত হইতে পারে। তাহা হইলে সেই অধিষ্ঠান যে আত্মা, তাহার সত্তায় সত্তাবিশিষ্ট হইয়া ঐ আত্মাতেই ত স্থিতিলাভ করিতে পারে? হাঁ পারিত, কিন্তু তাহা হইলে এই জগৎ যে অমররূপে প্রতীয়মান হইত, কৈ, সেরূপ ত প্রতীত হয় না। সেইজন্য বলিতেছেন;—উপাদানমিতি সমস্ত উপনিষদেই ঘোষণা করিতেছে যে, যেমন ঘটের উপাদান কাল পরিণামিনী মৃত্তিকা, সেইরূপ স্থাবরজঙ্গমাত্মক এই বিশ্বপ্রপঞ্চের উপাদানও অজ্ঞান। শ্রুতিতেও কথিত হইয়াছে; হে সৌম্য! যেমন, একটি মৃৎপিণ্ড জানিলে সমস্ত মৃৎপিণ্ডেরই বিজ্ঞান হয়, কারণ, বিকার ঘটশরাদি কেবল নাম মাত্রসার, মৃত্তিকাই প্রকৃত সত্য কারণ, সেইরূপে সেই উপদেশ কার হইতে পারে। অতএব নামমাত্রসার সমস্ত বিকারের মূলকারণ যে অজ্ঞান, সে অসৎ পদার্থ বলিয়া, আত্মতত্ত্বজ্ঞান দ্বারা বিনষ্ট হইলে, যেমন সৌরালোকের মধ্যে পুঞ্জীভূত অন্ধকাররাশি পলায়ন করে, সেইরূপ আত্মতত্ত্বের মধ্যে সেই অজ্ঞান পলায়ন করিলে, আর এ জগতে নানা বস্তু কোথায় থাকিবে? কুত্রাপি থাকিতে পারে না। শ্রুতিতে উক্ত হইয়াছে;—যখন দ্বৈতের ন্যায় হয়, তখনই একজন অন্যজনকে, বা অন্য বস্তুকে দেখে। প্রত্যেকরূপ অবলম্বন করিয়া বহুরূপ হইয়াছে। যখন সাধকের সমস্তই আত্মা হইয়া যায়, তখন কে কাহাকে দেখিবে? ইহজগতে নানা বস্তু কিছুই নাই। ব্যাপার

যথা রজ্জুং পরিত্যজ্য সর্পং গৃহ্ণাতি বৈ ভ্রমাৎ।

অথাপি স্যাৎ কস্যচিন্মতিঃ প্রকৃতিরজা প্রধানমব্যক্তং শক্তিরবিদ্যা মায়া তমোঽজ্ঞানমিত্যনর্থান্তরম্। তথাচ

শ্রূয়তে ;—"অজামেকাং লোহিত শুক্ল কৃষ্ণাং,
বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং স্বরূপাঃ।
অজোহ্যেকো জুষমাণোঽনুশেতে,
জহাত্যেকাভুক্তভোগামজোঽন্যঃ॥" ইতি।

রজঃ সত্ত্বতমোগুণময়ী প্রকৃতিরেব মহদাদ্যাকারেণ পরিণমমানা সভূতভৌতিকং কার্য্যকরণসঙ্ঘাতং জগৎ সসর্জ্জ। পুরুষস্তস্যা অধ্যক্ষ ইতি প্রবৃত্তেঃ সত্ত্বাৎ প্রাবৃত্তনামপি সত্ত্বং ; যদাহ পারমার্থিকে পতঞ্জলিঃ ;—

করিতে পারে, এরূপ কোন পদার্থই ছিল না। ইত্যাদি শ্রুতি দ্বারা দেখান হইয়াছে যে, জগৎ আত্মা হইতে সৃষ্ট হয় নাই। তবে অজ্ঞান দ্বারা প্রতিভাসিত হইয়াছে বটে ; কিন্তু আত্মা অধিষ্ঠানও নহেন। আত্মা সর্ব্বধর্ম্ম বর্জ্জিত ; সুতরাং তাঁহার অধিষ্ঠানত্ব ধর্ম্মও নাই, যাহা হইলে আত্মরূপ অধিষ্ঠানে ঐ সকল আরোপ্যের অবতারণা করিয়া আত্মসত্তায় সত্তাবিশিষ্ট করিতে পারা যাইত। ৫॥

কেহ মনে করিতে পারে, প্রকৃতি, অজা, প্রধান, অব্যক্ত, শক্তি, অবিদ্যা, মায়া, তমঃ, ও অজ্ঞান, এগুলি প্রকৃতপক্ষে একই বস্তুর নামমাত্র। শ্রুতিতে উক্ত হইয়াছে ;—লোহিত শুক্ল কৃষ্ণ রূপশালী গুণত্রয়ই অজা ; কারণ, তাহার জন্ম নাই। সে একমাত্র, তাহার দ্বিতীয় নাই ; সে নিজের অনুরূপ ত্রিগুণ বহু প্রজার সৃষ্টি করে। এক অজ, জন্মরহিত এক পুরুষ তাহার সেবা করিয়া তাহাতেই বদ্ধ হইয়া রহিয়াছে, অন্য এক অজ জন্মরহিত এক পুরুষ ভুক্তভোগ সেই প্রকৃতিকে পরিত্যাগ করে। রজঃ সত্ত্ব ও তমোগুণময়ী প্রকৃতিই মহত্তত্ত্বাদিরূপে পরিণত হইয়া আকাশাদি পঞ্চভূত ও তজ্জাত স্থূলাকাশাদি পঞ্চভূত ও জরায়ুজাদি দেহের কিছু কার্য্য, যেমন ঘটপটাদি ও দেহাদি, কিছু কারণ, যেমন ইন্দ্রিয় অন্তঃকরণাদির আকারে এই জগৎ সৃষ্টি করিয়াছে। পুরুষ তাহার অধ্যক্ষ। যেমন কোনও অন্ধ মানুষ অন্য কোন পদশূন্য চক্ষুষ্মানকে স্কন্ধে লইয়া এক গ্রাম হইতে গ্রামান্তরে যাইতে পারে, সেইরূপ প্রকৃতি অন্ধ হইলেও অকার্য্য-

তদ্বৎ সত্যমবিজ্ঞায় জগৎপশ্যতি মূঢ়ধীঃ। ৬॥

"কৃতার্থং প্রতি নষ্টমপ্যনষ্টং, তদন্য সাধারণত্বাৎ।" ইত্যেবমাদি। যোগি-বচনঞ্চ নানুগতিতত্ত্ব আহ :—যথেতি। যথা রজ্জুং রজ্জুস্বরূপং পরিত্যজ্য অজ্ঞান তত্রাধিষ্ঠানে সর্পম্ সত্যমজ্ঞানোত্থং সর্পত্বাদিকং গৃহ্লাতি অজ্ঞানবত্ত্বা বিষয়ীকরোতি বৈ প্রসিদ্ধমেতৎ। কস্মাৎ? ভ্রমাদনবধানতায়া মন্দান্ধকারাদি দোষাদুদ্ভূ সংস্কারাচ্চ। তদ্বৎ সত্যং সচ্চিদানন্দ স্বরূপ মবিজ্ঞায় অধিষ্ঠানে জগৎ বিবর্ত্তিতমজ্ঞানেন পশ্যতি। কথম্? যতো মূঢ়ধীঃ, অজ্ঞানাদিদোষেণ মোহাচ্ছন্নান্তঃকরণঃ। এত-

---

কারী পুরুষের সাহায্যে এই জগৎ সৃষ্টি করিতে পারে এবং করিয়াছে; সুতরাং প্রকৃতি ত পরিণামী সৎপদার্থ। প্রকৃতির সত্তায় ত জগৎ সত্তাবৎ হইতে পারে? পারমার্থিক অবস্থায় মহাযোগী পতঞ্জলি বলিয়াছেন; প্রকৃত আত্মদর্শী পুরুষের নিকট জগৎ নষ্ট হইলেও একেবারে নষ্ট হইল না; কারণ, তাহা অন্যের নিকট ত যেমনই ছিল, তেমনই থাকিয়া যায়। যোগীরা ত মিথ্যা কথা বলেন না। তবেই দেখা যাইতেছে, জগৎ মিথ্যা, তাহার কারণ মিথ্যা; সুতরাং কিছুই নাই, কেবল একমাত্র পরম সৎ পরমাত্মাই আছেন, একথা সত্য নহে। এই আশঙ্কায় বলিতেছেন;—যথেত্যাদি। যেমন রজ্জুর স্বরূপ বিষয়ক অজ্ঞান থাকিলে, সেই রজ্জুরূপ অধিষ্ঠানে সেই অজ্ঞানজাত সর্পের জ্ঞান করে। কেন করে? না,—তাহার অনবধানতা প্রভৃতি দোষ আছে বলিয়া। আলোকের সহিত অন্ধকার মিশিয়া থাকায় কোনই বস্তু ভাল করিয়া দেখা যাইতেছে না, কতক কতক দেখা যাইতেছে এই মাত্র। তারপর পূর্ব্বে সে বহুবার সর্পের আকৃতিপ্রকৃতি দেখিয়া ঠিক করিয়া রাখিয়াছে, সর্প কিরূপ? যেখানে যে রজ্জুতে সর্প দর্শন করিতেছে, সেখানে রজ্জুগাছিও সেইরূপ 'আঁকাবাঁকা'ভাবে থাকায় পূর্ব্বকাল জাত সর্পজ্ঞান জন্য সঞ্চিত সংস্কারের আবির্ভাব হইয়াছে; তাহার উপর সেত সাবধান নাই; সুতরাং রজ্জুকে রজ্জুরূপে না দেখিয়া সর্পরূপে দেখিয়া ফেলিয়াছে। এস্থলে যেমন অজ্ঞান দ্বারা প্রকৃত রজ্জুরূপ আচ্ছাদিত হইয়া সর্পরূপের উদ্ভব ও জ্ঞান হয়, সেইরূপ সচ্চিদানন্দময় সত্য আত্মার স্বরূপ বিষয়ক অজ্ঞান। ('আমি আত্মাকে জানি না, দেখিতে পাই না' ইত্যাকার অজ্ঞান) থাকায় অযথাভাবনা ও বিপরীত ভাবনারূপ দোষে অন্তঃকরণ দুষ্ট হওয়ায় সেই অজ্ঞান দ্বারা সেই অধিষ্ঠানেই বিবর্ত্তিত জগৎকে জানিয়া ফেলে, এ যে জগৎ। ইহা দ্বারা এই

উক্তং ভবতি, সৃষ্টিবাক্যানাং তাৎপর্য্যেণাদ্বৈত পর্য্যবসায়িত্বং প্রসিদ্ধমতং পরার্থমাদায়ৈব যোগস্যোক্তেরব্যাহতত্বাং ন প্রাবৃতং সদিতি। ৬॥

কথিত হইল যে, বেদের প্রকৃত তাৎপর্য্যার্থ একমাত্র অদ্বৈত ব্রহ্ম। তবে এই জগৎ বহুকাল ধরিয়া এইরূপ দেখা যাইতেছে বলিয়া পাছে জগৎকে লোকে সত্য বলিয়াই ধারণা করিয়া ফেলে, সেইজন্য সেই ব্রহ্ম হইতে জগতের সৃষ্টি যেরূপে হয়, তাহা দেখাইয়া আবার বলা হইয়াছে, যদিও বলা গেল ব্রহ্ম হইতে জগতের উৎপত্তি; কিন্তু তাহা হইলেও সে কথা সত্য নহে, ব্রহ্ম নির্ব্বিকার, তাহাতে জগতের কোনই সম্পর্ক নাই। ইহাদ্বারা জগতের মিথ্যাত্ব প্রমাণই করা হইল; কারণ, একবার বলা হইল, ব্রহ্মে জগৎ আছে; আবার বলা হইল, ব্রহ্মে জগৎ নাই; এখন বিচার্য্য এই যে, যেটিকে অধিকরণ বলা হইয়াছে, সেটি প্রকৃত অধিকরণ নহে, এবং অন্য কিছু অধিকরণও নাই, এরূপ বস্তু সত্য, কি মিথ্যা? বিচারে স্থির হয়, সত্য নহে, মিথ্যা। কেন, না, সর্প রজ্জুতে আছে, ইহা একবার জ্ঞান হওয়ায় রজ্জুতে সর্প দেখা গিয়াছে, তখন বুঝিতে পারা গিয়াছে, অজ্ঞাত রজ্জুই সর্পের অধিকরণ; কিন্তু আলোক দ্বারা দেখা গেল, সেটা রজ্জু, সর্প নহে। তখন স্থির হইল, পূর্ব্বে যাহাকে অধিকরণ বলা গিয়াছে, এখন দেখা গেল সেটা তাহার অধিকরণ নহে; সুতরাং অধিকরণ বলিয়া জ্ঞায়মান যে কোন পদার্থে যদি আধেয়ের অভাব লক্ষিত হয়, তবে সে আধেয় মিথ্যা ব্যতীত সত্য হইতে পারে না; সেইরূপ এই জগতের অধিকরণ বলিয়া জ্ঞায়মান ব্রহ্মে এ জগতের চিরকালই অভাব আছে; অতএব এজগৎও মিথ্যা ব্যতীত সত্য হইতে পারে না। তবেই সেই অদ্বৈত ব্রহ্মমাত্রই সত্য, আর কিছুই সত্য নহে ইহা প্রতিপাদন করা হইল। ইহা পরমর্ষি পতঞ্জলির জানা থাকিলেও যোগ বলিতে হইলে ত একটা প্রসিদ্ধ বস্তুর অবলম্বন করা উচিত; নতুবা যোগশাস্ত্র কি করিয়া বলা হয়? এইজন্য লোকপ্রসিদ্ধ পদার্থের আশ্রয় লইয়া পতঞ্জলি যোগশাস্ত্রের উপদেশ করিয়াছেন। তাহাতে তাঁহার প্রতিপাদ্য যোগ-অংশের কোনই ব্যাঘাত হয় নাই। দেখিতে পাওয়া যায়, বিচারস্থলে অতিনিপুণ পণ্ডিত বিপক্ষের মতে প্রবিষ্ট হইয়াও নিজ বক্তব্য বলিতে পারেন, এবং তদ্দ্বারা তাঁহার অভীষ্ট সিদ্ধিও হয়। ইহাকে অভ্যুপগমবাদ বলে। তাহাতে কোনরূপ ক্ষতি হয় না। পতঞ্জলিও সেইরূপ রীতি অবলম্বন করিয়াছেন; সুতরাং তিনি পরিণামবাদ আশ্রয়

রজ্জুখণ্ডে পরিজ্ঞাতে সর্পরূপং ন তিষ্ঠতি। অধিষ্ঠানে তথা জ্ঞাতে প্রপঞ্চে শূন্যতাং গতে। দেহস্যাপি প্রপঞ্চত্বাৎ-প্রারব্ধাবস্থিতিঃ কুতঃ। ৭॥

উপসংহরতি। রজ্জুখণ্ড ইত্যাদি। যথা রজ্জু খণ্ডে রজ্জুতত্ত্বেঽধিষ্ঠানে পরিজ্ঞাতে স্ফুটালোকাদিনা পরীক্ষ্য সাক্ষাৎকৃতে রজ্জুরয়ং ন সর্প ইতি-সর্পরূপং বিবর্ত্তীভূতমজ্ঞানবৃত্ত্যারূঢ়মসদ্বস্তু ন তিষ্ঠতি অভিমতেঽধিকরণে অভাব প্রতিযোগী ভবতি, অধিষ্ঠানে তথাত্মনি জ্ঞাতে প্রতিস্বোপাদানাজ্ঞানস্য বাধিতত্বাত্তদ্দাহে পটইব প্রপঞ্চে শূন্যতাংগতে বাধিতে সতি, দেহস্যাপি প্রারব্ধাদেরপি প্রপঞ্চত্বাৎ প্রপঞ্চান্তর্গতত্বেন প্রপঞ্চত্ব ধর্ম্মানপায়াৎ, প্রারব্ধস্যাবস্থিতিঃ কুতঃ কস্মিন্নধিষ্ঠানে ভবতি? নাস্ত্যস্যাতিমতমধিষ্ঠানমেকং, যত্রাবতিষ্ঠতে ইত্যর্থঃ। ৭।

করিয়াছেন বলিয়া যে জগৎ পারিণামি সত্য বলিয়া প্রতিপন্ন হইবে, ইহা বলা নিতান্ত মূর্খতা। অতএব এজগৎ প্রকৃতি হইতে উৎপন্ন হইলেও যে শাস্ত্রানুসারে সত্য বলিতে যাইবে, সেই শাস্ত্রই বলিতেছেন, এজগৎ সত্য নহে, মিথ্যা। যখন শাস্ত্রীয় প্রমাণ বলে জগতের সত্তাসত্ত্ব নির্ণয় করিতে হইবে, তখন শেষ সিদ্ধান্ত নিশ্চয় স্বীকার্য্য যে, জগৎ প্রকৃতিজাত বলিয়াই মিথ্যা। ৬॥

এই কথার উপসংহার করিতেছেন, রজ্জুখণ্ড ইত্যাদি। যেমন পরিস্ফুট আলোকাদি লইয়া পরীক্ষাদ্বারা এটা রজ্জু, সর্প নয়, ইত্যাকারে, জ্ঞায়মান সর্পের অধিষ্ঠান ভূত রজ্জু খণ্ডে রজ্জুতত্ত্ব পরিজ্ঞাত হইলে, অজ্ঞান দ্বারা বিবর্ত্তিত, অজ্ঞান বৃত্তিদ্বারা জ্ঞাত অসদ্বস্তু সর্পরূপ থাকে না, বা অভিমত অধিকরণে অভাবের প্রতিযোগী হয়, সেইরূপ জগদ্ভ্রমের অধিষ্ঠান আত্মাও যোগলোক দ্বারা উত্তমরূপে সাক্ষাৎকৃত হইলে পর জগতের একমাত্র কারণ অজ্ঞানের বাধ হইয়া যায়; সুতরাং তন্তু রাজীর দাহ দ্বারা যেমন পটের দাহ সিদ্ধ হয়, সেইরূপ মূলকরণ সেই অজ্ঞানে বাধ হওয়ায় তজ্জাত বিশ্বব্রহ্মাণ্ডেরও বাধ হইয়া যায়। অতএব কার্য্য করণ সঙ্ঘাত দেহেন্দ্রিয়াদির ও তদাশ্রিত প্রারব্ধাদিরও প্রপঞ্চের অন্তর্গত বলিয়া বাধ হইয়া যায়। সেইজন্য কোন অধিষ্ঠানে, বা কোন অধিকরণে প্রারব্ধের অবস্থান হইবে? উহার অধিকরণ হইতে পারে, এরূপ একটি বস্তু তখন নাথাকায় আর প্রারব্ধের অবস্থান অসম্ভব। এস্থলে জানিতে হইবে, যেমন রজ্জুতত্ত্ব সাক্ষাৎ

অজ্ঞানজনবোধার্থং প্রারব্ধমিতি চোচ্যতে। ৮॥

এই গ্রন্থাত্মক নির্ব্বাণোপনিষৎ পরিপঠিত হইয়া থাকে। ইহাকে সূত্ররূপ বলা হইল তাহার কারণ, ইহাতে একএকটি বিষয়ে প্রতিপাদনার্থ সংক্ষেপে ও বহ্বর্থ গঠিতরূপে একএকটি বাক্যের বিভাগ করিয়া বলা হইয়াছে। সূত্র লক্ষণে সেই কথাই উক্ত হইয়াছে। যথা,—নিতান্ত অল্প অক্ষর দ্বারা রচিত, সন্দেহ গন্ধহীন সার পদার্থ প্রতিপাদনপর সর্ব্বতঃ প্রকারসম্পন্ন নিরর্থক শব্দ বর্জ্জিত নিন্দা যোগ্য দোষস্পর্শহীন বাক্যকেই সূত্রশব্দার্থবিৎ পণ্ডিতেরা সূত্র বলিয়া জানেন। আচার্য্যও সেইরূপ বাক্য গ্রহণ করিয়া প্রতিপিপাদয়িষিত বিষয়ের সম্যক্ প্রতিপাদন করিয়াছেন বলিয়া এই ঔপনিষদ বাক্যরাজীকে সূত্ররূপ বলা হইল কেহ এই উপনিষৎ খানিকে কাহোল শাখার অন্তর্গত বলিয়া থাকেন; কিন্তু কাহোল শাখার প্রচার নাথাকায় আমরা সে বিষয়ে কোন কথাই বলিতে পারিলাম না। যদিও কাহোল শাখায় এখানি পঠিত হইয়া থাকে, তথাপি মাণ্ডুকারন্ন শাখায় যে তাদৃশ পাঠ করা নিষিদ্ধ হইবে, বা পাঠ করিলে মহাপাপের কার্য্য হইবে, ইহা বোধ হয় কেহই বলিতে সাহসী হইবেন না; সুতরাং কাহোল শাখায় এতাদৃশ পাঠ থাকিলেও এখানি মাণ্ডুকারন্ন শাখার নিজস্ব বলিতে পশ্চাৎপদ হইব না। ইহার প্রথমে যে শান্তি পাঠ করিতে হইবে, তাহাতে "বাঙ্মে মনসি" ইত্যাদি মন্ত্রই পাঠ করিতে হইবে। তাহার পর একাদিক্রমে শেষোক্ত দ্বিরাবৃত্ত একটি সূত্রের সহিত সাকল্যে সন্নবতি সূত্রের পাঠকার্য্য সমাহিত করিতে হইবে। পাঠ করিতে হইলে অবশ্যই অর্থজ্ঞানের প্রয়োজন হয়; সুতরাং সেই সকল সূত্রের স্বল্পাক্ষর বৃত্তির আরম্ভ করা যাইতেছে। ব্যাখ্যা করিতে ঈপ্সিত সেই নির্ব্বাণ সূত্রের আদিম সূত্র এই,—"অথ নির্ব্বাণোপনিষদং ব্যাখ্যাস্যামঃ।" ইতি এই সূত্রে যে অথ

হৃদ্যার্থনীয়মানোদকুম্ভদর্শনবদুচ্চার্য্যমাণো মঙ্গল প্রয়োজন এব ভবতি শিক্ষার্থম্। নচাস্যানন্তর্য্যমর্থঃ, তুরীয় তুরীয়স্য তথাত্বাৎ। নির্ব্বাণো নিবৃত্তির্মোক্ষস্তথাহ্যাত্মাতং ব্রহ্মোপনিষাদ ;—

"একমেব তং পরংব্রহ্ম বিভাতি নির্ব্বাণম্॥" ইতি।

স চ নির্ব্বাণস্তস্য উপনিষৎ, তাং ব্যাখ্যাস্যামঃ। যদাহ ;—

"বিহায় সর্ব্ব সংকল্পান্ বুদ্ধ্যা শরীরমানসান্।
শনৈ নির্ব্বাণ মাপ্নোতি নিরিন্ধন ইবানলঃ॥" ইতি।

শব্দের গ্রহণ করা হইয়াছে, তাহার অর্থ হইতেছে অধিকার। অর্থাৎ নির্ব্বাণ ভূমিকে অধিকার করিয়া পরমহংসের নির্ব্বাণ বিদ্যা ব্যাখ্যা করিব। কেন? জ্ঞানোদয়ের পর নির্ব্বাণ হয় বলিয়া ঐ অথ শব্দের আনন্তর্য্য অর্থই কর না কেন? না, তাহা হইতে পারে না ; কারণ, জ্ঞানোদয়ের পর আর কিছুই বক্তব্য থাকে না। তুরীয় তুরীয় অবস্থা প্রাপ্ত পরমহংসের আত্ম জ্ঞান উৎপন্ন হইতেই ত সমস্ত ফুরাইয়া যায়। তখন আর তৎসম্বন্ধে বক্তব্যই বা কি, আর তাহার কর্ত্তব্যই বা কি? সুতরাং বিদ্যোদয়ান্তর অথশব্দের এরূপ অর্থ করা যাইতে পারে না। তবে শিক্ষার্থ, শিষ্যদিগকে শিক্ষা দিবার জন্য, যে কোনও কিছু করিতে হইবে, তাহার নির্ব্বিঘ্নে পরিসমাপ্তি হউক এই প্রকার কামনা করিয়া গ্রন্থারম্ভে মঙ্গলাচরণ করা কর্ত্তব্য, এই বৈদিক সত্যের উপদেশার্থ নির্ব্বাণ উপনিষদের প্রথমেই যে অথশব্দ গ্রহণ করা হইয়াছে, তাহা দ্বারা মঙ্গলাচরণ করা হইয়াছে, এরূপ বলা যাইতে পারে। যেমন অন্য কোন প্রয়োজন নিষ্পত্তির জন্য কেহ কলসি পূরিয়া জল লইয়া গিয়া থাকে ; কিন্তু যাত্রাকালে যদি সেটি দেখিতে পাওয়া যায়, তবে তদ্দ্বারা অনুমান করা হয় যে, যাত্রায় মঙ্গল হইবে, সেইরূপ যদি ঐ অথশব্দটি নির্ব্বাণাধিকার করিয়া প্রযুক্ত হইয়াছে, তথাপি ঐ অথশব্দের উচ্চারণধ্বনি শ্রবণ ই মঙ্গল প্রয়োজন হইবে। স্মৃতিতে কথিত হইয়াছে ;—

"ওঁঙ্কারশ্চাথশব্দশ্চ দ্বাবেতৌ ব্রহ্মণঃ পুরা।
কণ্ঠং ভিত্ত্বা বিনির্যাতৌ তস্মাদ্মাঙ্গলিকাবুভৌ॥" ইতি।

ওঁঙ্কার ও অথশব্দ, এই দুইটি শব্দ পূর্ব্বে ব্রহ্মার কণ্ঠভেদ করিয়া বিনির্গত হইয়াছিল। সেইজন্য ঐ দুইটি মাঙ্গলিক শব্দ নির্ব্বাণশব্দের অথ নির্ব্বৃত্তি, বা মোক্ষ। ব্রহ্মোপনিষদে অম্নাত হইয়াছে ;—যিনি এক, যাঁহার স্বজাতীয় ও বিজা-

ভেদাসমানাধিকরণোঽভেদাখ্যঃ সম্বন্ধঃ। অন্যাভ্যো বিনিগ্য আখ্যানং ব্যাখ্যা। তথাচ বিদ্যোদয়ে অবিদ্যায়াং সকার্য্যায়াং সসংস্কারায়াং বিনিবৃত্তায়াং যথাচ জীবো ব্যক্তিমপহায় স্বরূপে নির্ব্বৃত্তো ভবেৎ, অন্যাভ্যোদশাভ্যস্তথা বিশিষ্য কথয়িষ্যাম ইতি ॥ ১ ॥

তীয় স্বগত কোনপ্রকার ভেদ নাই,সেই পরব্রহ্মই নির্ব্বাণশব্দের বাচ্য হইয়া বিভাত হন। তাহার উপনিষৎ বিদ্যা, অর্থাৎ নির্ব্বাণরূপ বিদ্যার ব্যাখ্যা করিব। এ বিষয়ে কথিত হইয়াছে :—যেমন কাষ্ঠহীন অগ্নি খাদ্যাভাবে সমস্ত আহার্য্য পদার্থ শেষ করিয়া স্বয়ং উপশান্ত হয়, সেইরূপ জীব আত্মজ্ঞান লাভ করিয়া শারীরিক ও মানসিক সর্ব্ববিধ সংকল্প পরিত্যাগ করিয়া ধীরে ধীরে নির্ব্বাণ প্রাপ্ত হয়। অগ্নি যেমন ব্যক্তরূপ পরিত্যাগ করিয়া অব্যক্ত কারণরূপে যাইয়া বিশ্রাম করিলে, লোকে বলিয়া থাকে, অগ্নি নির্ব্বাণ হইয়াছে, সেইরূপ জীবের ব্যক্তরূপ যে কাম সংকল্পাদি তাহা পরিত্যাগ করিয়া স্বকীয় কারণরূপ যে অব্যক্ত পরব্রহ্ম, সেইরূপে যাইয়া বিশ্রাম করিলে, বা ব্রহ্ম হইয়া যাইলে বুঝিতে ও বলিতে পারা যায় যে জীবেরা নির্ব্বাণ হইয়াছে। অতএব নির্ব্বাণ শব্দের অর্থ অব্যক্ত কারণরূপ পরব্রহ্মই সেই অব্যক্ত পরব্রহ্ম জ্ঞানের ব্যাখ্যা করিব। নির্ব্বাণের উপনিষৎ নির্ব্বাণোপনিষৎ (ষষ্ঠীতৎ পুরুষ সমাস)। এই ষষ্ঠীবিভক্তির অর্থ সম্বন্ধ। যেমন দেবদত্তের কম্বল' বলিলে দেবদত্তের সহিত কম্বলের স্বত্ব স্বামিত্বাখ্য সম্বন্ধ বুঝা যায়, এখানে 'নির্ব্বাণের উপনিষৎ বলিলে সেরূপ বুঝিতে হইবে না; কিন্তু এই নির্ব্বাণের সহিত উপনিষদের ভেদগন্ধহীন অভেদাখ্য সম্বন্ধ বুঝিতে হইবে; অর্থাৎ নির্ব্বাণ স্বরূপ যে বিদ্যা তাহার ব্যাখ্যা করিব। যাহাকে বিশেষ করিয়া আখ্যান করা যায়, তাহাকে ব্যাখ্যান বলে। বিদ্যা নানা প্রকার আছে। সেই সমস্ত বিদ্যা অপেক্ষা নির্ব্বাণ বিদ্যার যে কোনরূপ বিশেষ আছে, তাহা প্রদর্শন করিয়া নির্ব্বাণ বিদ্যার কীর্ত্তন করাই ব্যাখ্যান করা কবা। যদিও কোন কোন স্থলে ব্যাখ্যান করিতে হইলে, পদচ্ছেদ, পদার্থোক্তি, বিগ্রহ বাক্য যোজন আক্ষেপোক্তি ও সমাধানকে অবলম্বন করিতে হয় বলিয়া ব্যাখ্যানের ছয় প্রকার অঙ্গ বলা হইয়াছে ;—

"পদচ্ছেদঃ পদার্থোক্তি বিগ্রহো বাক্য যোজনা।
আক্ষেপোক্তিঃ সমধানং ব্যাখ্যানং ষড়্বিধং স্মৃতম্ ॥" ইতি।

যে বাক্যের ব্যাখ্যা করিতে হইবে, প্রথমতঃ তাহার ভিতর যতগুলি পদ

পরমহংসসোঽহম্ ॥ ২ ॥

তুরীয়াশ্রমে চরন্, তত্রাপি তুরীয়াবস্থাং গতঃ পরমহংসো যথোক্তঃ সোঽহং ইত্যাত্মানং প্রত্যভিজানীত। তথাচ শ্রুয়তে ;—"তং স্বয়মেবাবস্থিতিস্তং শাশ্বমচলমদ্বয়ানন্দ বিজ্ঞানঘন এবাস্মি।" ইতি। স চ তল্লিঙ্গং জ্ঞানদণ্ডং বিভৃয়াৎ, ন কাষ্ঠদণ্ডং। তথৈতদত্রোক্তম্,—

"সর্ব্বান্ কামান্ পরিত্যজ্য অদ্বৈতে পরমাস্থিতিঃ।
জ্ঞানদণ্ডো ধৃতো যেন একদণ্ডী স উচ্যতে ॥

আছে, সে সমস্ত গুলিকে ছিন্ন করিয়া দেখাইতে হইবে। তারপর প্রতি পদের ভিন্ন ভিন্ন ভাবে কি অর্থ হইতে পারে, তাহা বলিতে হইবে। তারপরে সেই পদগুলি কি করিয়া নিষ্পন্ন হইবে বা পরস্পরের সহিত কি ভাবে মিলিত হইবে, তাহা বলিতে হইবে। তারপর সেইপদ গুলিকে মিলাইয়া একটি বাক্যে পর্য্যবসন্ন করিতে হইবে। তারপরে পূর্ব্ব পক্ষ উথাপন করিয়া সেই বাক্যার্থকে পরীক্ষা-রূপস্থ দলিত করিতে হইবে। তারপর আবার সেই পূর্ব্বপক্ষের নিরাস করিয়া সিদ্ধান্তিত বিষয়ের কীর্ত্তন করিতে হইতে। তদ্দ্বারাই একটি বাক্যের ব্যাখ্যান করা কার্য্য সমাহিত হইবে ; সুতরাং ব্যাখ্যান বলিলে এই রীতি নিশ্চয় অবলম্বন করা কর্ত্তব্য, তথাপি এই সকল সূত্রে যে বিষয়ের অবতারণা করা হইয়াছে, তাহা সাধারণের বাক্যের অতীত বলিয়া সে প্রণালী কিছুতেই অবলম্বিত হইবে না। এখানে বিশেষ করিয়া আখ্যান করা মাত্রই হইবে। তাহা হইলে, উক্ত সূত্রদ্বারা এই পাওয়া যাইতেছে যে, বিদ্যোদয় হইলে সংস্কার ও কার্য্য বর্গের সহিত অবিদ্যার বিনিবৃত্তি সাধিত হইয়া থাকে, বা ঐ বিনিবৃত্তি স্বরূপেই বিদ্যার আবির্ভাব হইয়া থাকে, তখন জীব যে ভাবে নিজের জীবরূপে অভিব্যক্তি পরিত্যাগ করিয়া স্ব স্বরূপে অবস্থিতি করে, অন্য সমস্ত দশা হইতে পৃথক্ করণপূর্ব্বক সেই দশাটিকে বিশেষ করিয়া বলিত ॥ ১ ॥

যেরূপ আম্নাত হইয়াছে, সেইরূপে চতুর্থাশ্রমে বিচরণ করিবে। কেবল তাহাই নহে, অবস্থাত্রয় পরিত্যাগ করিয়া চতুর্থ অবস্থা প্রাপ্ত হইবে, এবং গুরূপদিষ্ট প্রণালী অনুসারে নিজেকে সেই ব্রহ্মরূপে প্রত্যভিজ্ঞান করিবে। সেই ব্রহ্মই আমি বলিয়া সাক্ষাৎ করিবে। শ্রুতি উক্ত হইয়াছে ;—অদ্বৈত বোধ দ্বারা অবিদ্যা ও তৎকার্য্যের সম্বন্ধ নিবর্ত্তিত হয়, দ্বৈত থামিয়া যায় ; আনন্দরূপেও অবস্থিত হয়।

কাষ্ঠদণ্ডোধৃতো যেন সর্ব্বাশী জ্ঞানবর্জ্জিতঃ।
স যাতি নরকান্ ঘোরান্ মহারৌরব সংজ্ঞকান্॥
ইদমন্তরং জ্ঞাত্বা স পরমহংসঃ॥" ইতি।

তস্যচ সোঽহমিতি প্রত্যভিজ্ঞায়াং শব্দার্থৌ পরিত্যজ্য যল্লক্ষ্যমাত্রং বিভাতি, তন্নির্ব্বাণ মেকমেব তৎ পরংব্রহ্মেতি নির্ব্বাণ লক্ষণমুক্তং ভবতি। পরমহংস লক্ষণস্তু পরম্অহং স ইতি নিষ্কেবল জ্ঞানশীলনমিতি। তথাচ নির্ব্বাণস্য পরং অহং স ইতি শীলনমেবোপনিষদিতি ব্যাখ্যাতম্। পরম্ ব্যক্তাৎ, অহং প্রত্যক্, স

বিক্ষেপোবরণাত্মক মিথ্যাজ্ঞান সম্বন্ধ নিবৃত্তি হইলে, অপনা আপনই প্রকাশমান আনন্দাত্মাই পর্য্যবসন্ন হয়। যেমন কতকরজোদ্বারা (নির্ম্মল ফলের চূর্ণদ্বারা) জলের মল নিবৃত্তি হইলে, অন্যকারণের নিরপেক্ষ জল স্বকীয় স্বচ্ছ স্বভাবে অবস্থান করে, পুনর্ব্বার প্রচ্যুতি আর হইতে না পারে, এরূপভাবে স্বভাবে অবস্থান করে, সেই রূপ কোনও কদাচিৎক কারণ দ্বারা বা অন্য কোন কারণ দ্বারা মিথ্যা জ্ঞানের সহিত সম্বন্ধ না হইতে পারে,এভাবে স্বস্বরূপে অবস্থান করে। স্বয়ংপ্রকাশমান স্বচ্ছ স্বভাব, সর্ব্বকালেই অবিদ্যাও তৎসম্বন্ধ দ্বারা অস্পৃষ্ট, কূটস্থ সর্ব্বদা এক স্বভাব, সদসদাদিরূপ দ্বৈতরহিত অদ্বয় সুখস্বভাব, স্বয়ম্প্রকাশ স্বরূপই আমি হইতেছি।—এইরূপে প্রত্যভিজ্ঞান করিবে। যেমন কোনও পুরুষকে পূর্ব্বে একবার দেখার পর অন্য স্থানে দেখিয়া প্রত্যভিজ্ঞান করা যায়, এ সেই ব্যক্তি, সেইরূপ আপনাকে ব্রহ্মরূপে দেখিয়া প্রত্যভিজ্ঞান করিবে—সেই ব্রহ্মই আমি। যখন এতাদৃশ প্রত্যভিজ্ঞান জন্মিবে, তখন তাহার আশ্রম চিহ্নস্বরূপ আর কাষ্ঠদণ্ড ধারণ করিবার আবশ্যক নাই,তখন সে কাষ্ঠদণ্ডাদি পরিত্যাগ করিয়া জ্ঞানকেই দণ্ডরূপে ধারণ করিবে। ইহা উক্ত হইয়াছে ;—ঐহিক ও পারলৌকিক সর্ব্ববিধ ভোগ্য বিষয়ের ভোগকামনা পরিত্যাগ করিয়া যাহার অদ্বৈতে উত্থানশূন্য স্থিতি হইয়াছে, "অহং ব্রহ্মাস্মি" "পরমহংসঃ সোঽহম্" ইত্যাকার জ্ঞানকে ভেদজরাগদ্বেষাদিরূপ গো-সর্পাদির দমন হেতু বলিয়া দণ্ডরূপে যে স্বীকার করিয়াছে, সেই হইল মুখ্যভাবে দণ্ডী। আর যে চিত্তবিক্ষেপ দ্বারা বিস্মৃতি না হয়, ইহার জন্য—জ্ঞানের স্মারক বলিয়া কাষ্ঠদণ্ড ধারণ করা হয়, ইহা না জানিয়া বেত্রমাত্র ধারণ করিলেই পুরুষার্থসিদ্ধি হয় মনে করিয়া যে পরমহংস কাষ্ঠদণ্ড ধারণ করিয়াছে ; পরমহংস-শ্রেণীর পক্ষে নিষিদ্ধ ও বিহিত সর্ব্বপ্রকার খাদ্য যে আহার করিয়া থাকে ; যাহার

পরিব্রাজকাঃ পশ্চিমলিঙ্গাঃ ॥ ৩ ॥

পরাক্ সচ্চিদানন্দং ব্রহ্মেত্যর্থঃ। প্রত্যভিজ্ঞানাচ্চ প্রত্যক্ষাপ্রত্যক্ষত্বেহপ্যন্তে ইতি সোঽহমনুভবে ব্রহ্মাত্মৈকত্ব গোচরঃ ॥ ২ ॥

তৎ সাধনং প্রব্রজনম্। তথৈতদাম্নাতম্ কৈবল্যোপনিষদি ন কর্ম্মসানপ্রজয়া ধনেন ত্যাগেনৈকে অমৃতত্বমানশুঃ ॥" ইতি। "ন্যাসমেবাত্যরেচয়ৎ।" ইতি। "মোক্ষমানৈক সাধনো ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ। গৃহাদ্বনী ভূত্বা প্রব্রজেৎ।

"অহং ব্রহ্মাস্মি" জ্ঞান নাই; সে মহারৌরবনামক ঘোরতর নরকে গমন করিয়া থাকে। জ্ঞানদণ্ড ও কাষ্ঠদণ্ডের ভেদ এইরূপ, ইহা জানিয়া যে জ্ঞানদণ্ডধারী, সেই পরমহংস শব্দবাচ্য। সেই পরমহংসের 'সেই আমি' ইত্যাকার প্রত্যভিজ্ঞেয় শব্দ ও অর্থ পরিত্যাগ করিয়া যে একাকারের লক্ষ্যবস্তু মাত্র বিভাত হয়, সেই হইতেছে নির্ব্বাণাখ্য এক অদ্বৈত পরমব্রহ্ম। ইহাই সেই নির্ব্বাণপদার্থের লক্ষণ বলা হইল। পরমহংসের লক্ষণ হইতেছে 'পরম্ অহং সঃ' অব্যক্তাতীত আমি সেই ইত্যাকার নিষ্কেবল জ্ঞানশীল নই। তাহা হইলে, 'পরম্ অহং সঃ' অব্যক্তাতীত আমি সেই' ইত্যাকার জ্ঞানশীলনই নির্ব্বাণের উপনিষৎ বা বিদ্যা, ইহা ব্যাখ্যা করা হইল। পরং শব্দের অর্থ অব্যক্ত হইতে পরং অহং শব্দের অর্থ প্রত্যক্ষাত্মক জীবচৈতন্য; স শব্দের অর্থ হইতেছে অপ্রত্যক্ষাত্মক সচ্চিদানন্দ ব্রহ্ম। ইহার প্রত্যভিজ্ঞেয় প্রত্যক্ষভাব ও অপ্রত্যক্ষভাব দূরীকৃত হয়; 'সোঽহম্' অনুভব ব্রহ্ম ও আত্মার একতা বিষয়ক। যেমন 'ইনি সেই' বলিয়া যে প্রত্যভিজ্ঞান হয়, তাহাতে ইহাঁতে ও তাঁহাতে কোনও ভেদের উল্লেখ দেখা যায় না; সেইরূপ 'সেই আমি' এই প্রত্যভিজ্ঞাতেও কোনরূপ ভেদের উল্লেখ থাকিতে পারে না, আমাতে ও তাঁহাতে এক বলিয়া জ্ঞান হয়॥ ২ ॥

"পরমহংসঃ সোঽহম্" ইত্যাকার জ্ঞানলাভ করিতে হইলে যে সাধন কলাপের আবশ্যক হয় তন্মধ্যে মুখ্য হইতেছে প্রব্রজন, বা সন্ন্যাস; কারণ, ব্রহ্ম নিজে সন্ন্যাসী যেহেতু তিনি কেবলমাত্র বিশুদ্ধ জ্ঞান; সুতরাং তাঁহাকে পাইতে হইলে, তাঁহার ভাবে বিভোর হইবে। অতএব ব্রহ্মজ্ঞ হইতে হইলে প্রব্রজন বা সন্ন্যাস একান্তই অপরিহার্য্য। কৈবল্য উপনিষদে তাহা কথিত হইয়াছে;—শ্রৌত, বা কর্ম্মদ্বারা নহে, পুত্রাদি দ্বারা নহে, দৈবনির্দ্দিষ্ট দ্বারাও নহে, কিন্তু নিখিল শ্রৌত-স্মার্ত্ত কর্ম্ম সমূহের পরিত্যাগরূপ পরমহংসাশ্রম দ্বারা সম্প্রদায়বেত্তা কোন কোন

যদি বেতরথ ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেদ্‌গৃহা দ্বা বনাদ্বা। অথপুনরব্রতী বা ব্রতী বা, স্নাতকো বাঽস্নাতকো বা, উৎসন্নাগ্নিরনগ্নিকো বা যদহরেব বিরজেৎ, তদহরেব প্রব্রজেৎ।" ইতি। এবং হি পরিব্রজন্তঃ পরিব্রাজকাঃ পূর্ব্বং লিঙ্গং "কটিসূত্রং কৌপীনং দণ্ডংকমণ্ডলুং সর্ব্বমপ্স্ু বিসৃজ্য জাতরূপধরশ্চরেৎ।" ইত্যুক্তং পরিত্যজ্য পশ্চিমানি লিঙ্গানি গ্রামে একরাত্রমিত্যাদুক্তানি যেষাং, তে পশ্চিমলিঙ্গা অব্যক্তলিঙ্গা অব্যক্তাচারাশ্চ ভবন্তি। তে হ্যবহিতাঃ সন্ন্যাসেন দেহত্যাগং কুর্ব্ব-

---

মহাত্মা অমৃতভাব প্রাপ্ত হইয়াছিলেন। অন্যস্থলে উক্ত হইয়াছে;—সকল সাধন অপেক্ষা সন্ন্যাসকেই অতিরিক্ত করিয়াছিলেন। যে ব্যক্তির মোক্ষমার্গের মুখ্যসাধন কামনা করিবে, সে ব্যক্তি ব্রহ্মচর্য্যাশ্রমের কর্ত্তব্য সমাপিত করিয়া গৃহী হইবে। গৃহ পরিত্যাগ করিয়া বানপ্রস্থাশ্রমী হইবে। তথা হইতে প্রব্রজ্যা গ্রহণ করিবে। যদি সে গৃহস্থাশ্রমী হইতে ইচ্ছা নাই করে, তবে ব্রহ্মচর্য্যাশ্রম হইতেই প্রব্রজ্যা গ্রহণ করিবে, অথবা গৃহী হইয়া বানপ্রস্থাশ্রমী হইতে ইচ্ছা নাথাকিলে গার্হস্থ্যাশ্রম হইতেই একেবারে প্রব্রজ্যা গ্রহণ করিবে; কিংবা বানপ্রস্থ আশ্রম হইতেই প্রব্রজ্যা গ্রহণ করিবে। সে অব্রতীই হউক, আর ব্রতীই, স্নাতকই হউক আর অস্নাতকই হউক। উৎসন্নাগ্নিই হউক, আর অনাগ্নিই হউক, যেদিনেই বৈরাগ্য লাভ করিবে, সেইদিনেই প্রব্রাজ্যাগ্রহণ করিবে। ইহাদ্বারা বলা হইল, যে কোনও দিনে যখনই বৈরাগ্য উদয় হইবে, তখনই প্রব্রজ্যাশ্রম গ্রহণ করিবে; কারণ, সর্ব্ববিধ সাধনের মধ্যে মুখ্যসাধন হইতেছে প্রব্রজ্যা। আবার প্রব্রজ্যাশ্রমের গ্রহণ করিবার প্রতি কারণ হইতেছে বৈরাগ্য; সুতরাং বৈরাগ্যোদয় হইলে সর্ব্বসন্ন্যাস করিয়া অমৃতভাব লাভ করিতে হইবে। এইরূপে যাহারা পরিব্রজন করে, তাহারা পরিব্রাজক। পরিব্রাজকের পূর্ব্বচিহ্ন যে কটি সূত্র, কৌপীন, দণ্ড, ও কমণ্ডলু, সে সকল জলে পরিত্যাগ করিয়া জ্ঞানে দেহ পাত করিয়া, নূতন দেহ ধারণ করিয়া বিচরণ করিবে। এই শ্রুতিতে যে পূর্ব্বচিহ্ন পরিত্যাগের কথা বলা হইয়াছে, সেইসকল পরিত্যাগ করিয়া পশ্চিমলিঙ্গ তাহার পরে যে সকল গ্রহণ করিতে বলা হইয়াছে, সেই সকল চিহ্ন ধারণ করিবে। পরে বলা হইয়াছে, গ্রামে একরাত্র বাস করিবে, ইত্যাদি। যাহাদিগের এই সকল পশ্চিম লিঙ্গ আছে, তাহারা পশ্চিম লিঙ্গক। সেই সকল পশ্চিম লিঙ্গ বা শেষ চিহ্নধারী পুরুষেরা অব্যক্তলিঙ্গ ও অব্যক্তাচার হইবে। তাহাদিগের কোনও চিহ্ন যেন ব্যক্ত না হয়,

মন্মথক্ষেত্রপালাঃ ॥ ৪ ॥

স্তীতি তে পরমহংস পরিব্রাজকা উচ্যন্তে, যথা চাস্মাকমাচার্য্যাঃ শঙ্করভগবৎপাদা ইতি ॥ ৩ ॥

ব্রহ্মৈবাহমস্মীত্যনবরতং ব্রহ্মপ্রণবানুসন্ধানেন যঃ কৃতকৃত্যো ভবতি, সহ পরমহংস পরিব্রাড়িত্যুক্তেঃ,—মন্মথক্ষেত্রং যোনিস্তৎপালা আত্মপালা ভবন্তি। কথম্? যোন্যাংহি ব্রহ্মানন্দরূপেণাবতিষ্ঠতে উক্তঞ্চ কৈবল্যোপনিষদি,—"অচিন্ত্যমব্যক্ত মনন্তরূপং শিবং প্রশান্তমমৃতং ব্রহ্মযোনিম্।" ইতি। জগদ্যোনির্হ্যথা শাস্ত্রযোনিশ্চেতি। মন্মথশ্চ কামঃ, তস্যক্ষেত্রং কামক্ষেত্রমাত্মৈব "সোঽকাময়তেতি—তস্যৈব কামক্ষেত্রতাশ্রুতেঃ। তৎপালাঃ; নত্বাত্মহন ইতি। তথা চাম্নাতং পরমহংসোপনিষদি;—

এবং আচারও যেন অব্যক্ত থাকে। অর্থাৎ তাহাদিগের ব্রহ্মচিহ্নই ধার্য্য, এবং ব্রহ্মাচারই গ্রাহ্য। তাঁহারা সমাধিতে অবস্থিত হইয়া উক্ত সন্ন্যাসি ভাবেই ব্রহ্মভাবেই দেহত্যাগ করেন স্বীয় দেহ ব্রহ্ম বলিয়া ঐকান্তিক ও আত্যন্তিকভাবে পরিজ্ঞাত হন, মৃত্যুর নাম জানেন না, ব্রহ্মে মিলিয়া যান; এই জন্য তাঁহারা পরমহংস পরিব্রাজক বলিয়া অভিহিত হন। সংবর্ত্তক, ও আরুণিপ্রভৃতির ন্যায় এই আমাদিগের আচার্য্য শঙ্করভগবৎ পাদ যেমন ॥ ৩ ॥

"ব্রহ্মৈবাহমস্মি"—ব্রহ্মই আমি ইত্যাকার জ্ঞানের সহিত অনবরত ব্রহ্ম প্রণবের অনুসন্ধান করিয়া যে কৃতকৃত্য হয় সেই ব্যক্তিই পরমহংস পরিব্রাজক, বা পরমহংস পরিব্রাট্;—পরমহংসপরিব্রাজকোপনিষদে এইরূপ আম্নাত হইয়াছে; সুতরাং পরমহংসপরিব্রাজকগণ মন্মথক্ষেত্র পাল হইবেন। মন্মথক্ষেত্র শব্দে যোনি তাহার পালনকারী যে, সে মন্মথক্ষেত্র পাল। যাহারা মন্মথক্ষেত্র পাল, তাহারা আত্ম পালন কারী। কি করিয়া? না, যোনিতে ব্রহ্ম আনন্দরূপে অবস্থান করিতেছেন। কৈবল্য উপনিষদে উক্ত হইয়াছে;—ব্রহ্ম হইতেছেন সকলের যোনি, কারণ; সুতরাং জন্যদিগের চিন্তার অতীত; জন্যদিগের নিকট ব্যক্ত হইবার অযোগ্য; যোনি বলিয়াই ব্রহ্ম অনন্তরূপে বিবর্ত্তিত হইয়াছেন; তিনি মঙ্গলরূপ এবং সর্ব্বোপাধিরহিত প্রশান্ত অমৃত স্বরূপ। অতএব সেই পরমাত্মা জগতের যোনি, এবং শাস্ত্রযোনিও তিনিই। মন্মথশব্দে কাম, তাহার ক্ষেত্র মন্মথক্ষেত্র, কাম ক্ষেত্র আত্মাই; কারণ, শ্রুতিতে দেখা যায়, সেই পরমাত্মা কামনা করিয়া-

"ভিক্ষুঃ সৌবর্ণাদীনাং নৈব পরিগ্রহেন্ন লোকং নাবলোকঞ্চ। আবরিকঃ ক ইতি চেদ্বাধকোঽস্ত্যেব। যস্মাদ্ভিক্ষুহিরণ্যংরসেন দৃষ্টং চ সব্রহ্মহাভবেৎ। যস্মাদ্ভিক্ষুহিরণ্যংরসেন স্পৃষ্টঞ্চ স পৌঞ্চমো ভবেৎ। যস্মাদ্ভিক্ষুহিরণ্যংরসেন গ্রাহ্যং চ স আত্মহা ভবেৎ। তস্মাদ্ভিক্ষুহিরণ্যংরসেন ন দৃষ্টং চ ন স্পৃষ্টঞ্চ ন গ্রাহ্যঞ্চ। সর্ব্বে কামা মনোগতা ব্যাবর্ত্তেত।" ইতি।

স্মৃতয়শ্চাত্র ভবন্তি ;—

"ব্রহ্ম নাস্তীতি যো ব্রূয়াদ্দৃষ্টি ব্রহ্মবিদঞ্চ যঃ।
অভূত ব্রহ্মবাদী চ এয়স্তে ব্রহ্মঘাতকাঃ।" ইতি।

তথা,—

ছিলেন ;—তদ্দ্বারা আত্মাকেই কামক্ষেত্র বলিয়া স্থির করা যায়। তৎপাল বলায় বলা হইল আত্মপালন পরায়ণ হইবে ; কিন্তু কখনই আত্মহা হইবে না। পরমহংসোপনিষদে উক্ত হইয়াছে ভিক্ষুশব্দবাচ্য পরমহংস সুবর্ণ ও রজতাদি নির্ম্মিত পাত্রকে জলপাত্রাদি করিবার জন্য পরিগ্রহ করিবে না। মহাসঙ্কটকালে গ্রহণ করিলেও তাহাতে স্বত্বজ্ঞান নিবৃত্তি করিতে হইবে। ফলতঃ তৈজসপাত্র ব্যতিরেকে অলাবু পাত্রাদির ব্যবহারে কোনও দোষ হইবে না সর্ব্বালোকন যোগ্য মণি কুণ্ডলাদি ধারণ করিবে না। অবলোকনার্হ গ্রাম, ক্ষেত্র ও আরামাদিও স্বীকার করিবে না। তাহা হইলে, যাহা ব্যতিরেকে শরীর ধারণ হইতে পারে না, তাবৎ পরিমাণে ভোজ্যের স্বীকার করিবে। সৌবর্ণাদি পরিগ্রহে ভিক্ষুর বাধাজনক দোষ কি, যদি এইরূপ জিজ্ঞাসা কর, তবে বলিব, হাঁ বাধাজনক দোষ আছে, শাস্ত্রে সৌবর্ণাদি গ্রহণে পীড়াকর প্রত্যবায় আছে বলা হইয়াছে। সে দোষ কি ? না, যেহেতু ভিক্ষুপদবাচ্যপরমহংস এইটি আমার হউক ইত্যাকার অভিলাষ বশে হিরণ্যকে দেখিয়া লাভ করিলে ব্রহ্মহা হইবে। যেহেতু ভিক্ষু হিরণ্যকে তাদৃশ অভিলাষ বশে স্পর্শ করিয়া থাকিলে বা গ্রহণে প্রবৃত্ত হইলে, সে পৌঞ্চম হইবে। যেহেতু ভিক্ষু হিরণ্যকে অভিলাষবশে গ্রহণ করিলে, সে আত্মহা হইবে ; অবশ্য আত্মহনন অপেক্ষা প্রবল পাপ আর কি হইতে পারে ? স্থাবরজঙ্গমাত্মক বিশ্ব প্রপঞ্চই আত্মাতে অন্তর্ভূত। যে আত্মহা, সে ত বিশ্ববাসী সকল জীবের হত্যাকারী হইবেই ; তদপেক্ষাও গুরুতর পাপে পাপী হইবে। অতএব ভিক্ষু হিরণ্যকে অভিলাষ পূর্ব্বক দেখিবে না, স্পর্শ করিবে না, এবং গ্রহণও করিবে না। তদ্দ্বারা

"পতত্যসৌ ধ্রুবং ভিক্ষুর্যস্য ভিঃ কোর্দ্বয়ং ভবেৎ।
ধীপূর্ব্বংরেত উৎসর্গো দ্রব্যসংগ্রহ এব চ॥" ইতি।

তথা,—

"যোঽন্যথা সন্তমাত্মানং অন্যথা প্রতিপদ্যতে।
কিং ন তেন কৃতং পাপং চৌরেণাত্মাপহারিণা॥" ইতি।

মন্মথঃ কস্মাৎ? মনোমন্থনাৎ। যদাহঃ;—

"যস্মাৎ প্রমথ্য চেতস্ত্বং জাতোঽস্মাকং তথাবিধেঃ।
তস্মান্মন্মথনাম্নাত্বং লোকে গেয়ো ভবিষ্যতি॥" ইতি।

তস্য ক্ষেত্রং পালয়ন্তিঃ কৃত্যকৃত্যা ভবন্তি অনয়োশ্চার্থ আম্নাতো মন্ত্রার্দ্ধেন বাজসনেয় সংহিতোপনিষদি;—

"তেন ত্যক্তেন ভুঞ্জীথামাগৃধঃ কস্যস্বিদ্ধনম্॥" ইতি।

অত্যাগে চাপাননং তত্রৈবাম্নাতম্,—

মনোগত সর্ব্ববিধ কাম ব্যাবর্ত্তিত হইবে। স্মৃতিতেও উক্ত হইয়াছে;—যে বলে ব্রহ্ম নাই, যে ব্রহ্মবিদের দ্বেষ করে, এবং যে 'আমিই ব্রহ্ম' বলিয়া নিজের কীর্ত্তন না করে, সেই তিন ব্যক্তিই ব্রহ্মহত্যাকারী অন্যত্র কথিত হইয়াছে;—

জ্ঞান পূর্ব্বক রেত উৎসর্গ, এবং দ্রব্যসংগ্রহ, যে ভিক্ষুর এই দুইটি আছে, সেই ভিক্ষু নিশ্চয় পতিত হয়।

অন্যত্র কথিত হইয়াছে;—

যে ব্যক্তি অন্যরূপে অবস্থিত আত্মাকে অন্যরূপে গ্রহণ করে—আত্মা অসঙ্গ, আত্মা ভোক্তা নহেন; কিন্তু হিরণ্যগ্রহণ করিয়া যে ভোগ করে, সে ত অসঙ্গ স্বরূপ আত্মাকে হিরণ্য সঙ্গী করিল, এবং অভোক্তৃ স্বরূপ আত্মাকে হিরণ্য ভোক্তারূপে গ্রহণ করিল; সুতরাং সেই আত্মোপহারী চোর কি পাপই না করিল।

মন্মথ কি করিয়া হইল? না, মনের মন্থন করিয়া জন্মলাভ করে, এইজন্য মন্মথ। কথিত হইয়াছে;—যেহেতু তুমি আমাদিগের ও বিধাতার চিত্ত প্রমথিত করিয়া জন্মিয়াছ, সেই হেতু মন্মথনামে লোকে গেয় হইবে। সেই মন্মথের ক্ষেত্র পালন করিয়া পরিব্রাজকগণ কৃতকৃত্য হইবে।

এই সূত্রদ্বয়ের অর্থ বাজসনেয়সংহিতায় মন্ত্রার্দ্ধদ্বারা আম্নাত হইয়াছে। যথা,

গগনসিদ্ধান্তঃ ॥ ৫ ॥

"অসূর্য্যানামে তে লোকা অন্ধেন তমসা বৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভি গচ্ছন্তি কে কেচাত্মহনো জনাঃ॥" ইতি।

তদেবমবিদ্বন্নিন্দয়া সন্ন্যাস পূর্ব্বকস্য আত্মপালনস্য স্তুতিঃ কৃতা বেদিতব্যা ॥ ৪ ॥

তেষাং চরিতমাহ ;—গগনসিদ্ধান্ত ইতি। গগনমানন্দাকাশস্তস্য সিদ্ধান্তো মীমাংসা ভবতি। অয়মেবহি সিদ্ধান্তাচার উচ্যতে। যদাহ ;—

"আত্মানং দেবতাং মত্বা যজেদ্দেবীঞ্চ মানসৈঃ।
সদাশুদ্ধঃ সদা শান্তঃ সিদ্ধান্তাচার উচ্যতে॥" ইতি।

সেই ত্যাগ দ্বারা সেই পরিব্রজন সেই সন্ন্যাস দ্বারা আত্মাকে পালন কর। কাহারও ধন গ্রহণ করিতে অভিলাষ করিও না।

আবার সেই বাজসনেয়সংহিতাতেই সন্ন্যাস না করিলে আত্মার পালন হয় না বলা হইয়াছে। যথা,—সূর্য্য প্রচার হীন, দেবগণের অগম্য, অসূর্য্যনামক কতক গুলি অন্ধ তমসাবৃত লোক আছে যে কেহ আত্মাহননকারী নিত্যপ্রকাশিত আত্মাকে নিত্যপ্রকাশিতভাবে দেখিতে নাপায়, অবিদ্যারূপ আবরণে তিরস্কৃতরূপেই দেখিয়া থাকে, তাহারা প্রেত্য হইয়া সেই লোকে গমন করে। এইস্থলে সন্ন্যাস না করার নিন্দা করিয়া, এবং আত্মাকে না জানার ফল ভীষণ ক্লেশকর বলিয়া, সন্ন্যাস পূর্ব্বক আত্মপালন কর্ত্তব্য ; ইহাই ব্যবস্থা করা হইয়াছে॥ ৪ ॥

এইক্ষণে সেই পরমহংস পরিব্রাজকের চরিত কীর্ত্তন করিতেছেন,—"গগনসিদ্ধান্ত" ইতি। গগন শব্দে আনন্দাকাশ। তাহার সিদ্ধান্ত, অর্থাৎ মীমাংসা হইবে পরমহংস পরিব্রাজকের আচরিতব্য বিষয়। ইহাকেই সিদ্ধান্তাচার বলিয়া তন্ত্রশাস্ত্রে উক্ত হইয়াছে। যথা ;—সকল সময়ের জন্য উপাধি সম্বন্ধ পরিত্যক্ত হইয়া, এবং সকল সময়ের জন্য বিক্ষেপাদির তীব্র তাড়না শূন্য হইয়া নিত্যশুদ্ধ ও নিত্যমুক্তভাবে সাধক আত্মাকে দেবতা মনে করিয়া মানস উপচারে দেবীর পূজা করিবে। এই পূজাই সিদ্ধান্তাচার নামে কথিত হয়। আত্মাই সমস্ত দেবযোনি, সমস্ত দেহ আত্মার অংশস্থ আত্মা হইতেছেন সমস্ত দেবাংশের অংশী, বা আধার ; যেমন যাবতীয় নদনদী খাতবিলাদির আশ্রয় একমাত্র সাগর সেইরূপ সমস্ত দেব-

অমৃতকল্লোলনদী ॥ ৬ ॥

অক্ষরংনিরঞ্জনম্ ॥ ৭ ॥

তথাচ সর্ব্বান্ মনোগতান্ কামান্ পরিত্যজ্য সদা শুদ্ধাঃ সদাশান্তাশ্চ। নন্দাকাশে বিহরন্তি ॥ ৫ ॥

চিত্তনদী চামৃতস্যৈব কল্লোলং বহত ইতি অমৃত কল্লোলা নদী তেষামিতি। অমৃতশ্চ কল্লোল আনন্দো যস্যা অসৌ অমৃত কল্লোলা অমৃতানন্দা চিত্তনদী। অমর ভাব এবানন্দঃ স্ফুটং নিত্যঞ্চ ভবতীতি ॥ ৬ ॥

তস্যাশ্চ নদ্যা অক্ষর মুদকং নিরঞ্জনং নির্ম্মলম বিদ্যাদিদোষস্পৃষ্টং ব্রহ্মৈব ॥ ৭ ॥

দেবীর আশ্রয় আত্মাই। এক কথায় "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যাকার ধ্যান করিয়া দেবীর পূজা করিবে "অহং ব্রহ্মাস্মি" "ব্রহ্মৈবাহমস্মি" "পরমহংসঃ সোঽহম্" ইত্যাকারে অভিন্নভাব অবলম্বন করিবে। ইহাই সিদ্ধান্তাচার, বা ইহাই গগন সিদ্ধান্ত। তাহা হইলে এই হইতেছে যে, মনোগত সর্ব্ববিধ কাম পরিত্যাগ করিয়া নিত্যশুদ্ধ ও নিত্যমুক্তভাবে আনন্দাকাশে বিহার করিবে ॥ ৫ ॥

চিত্তনদী উভয়তোবাহিনী,—কল্যাণের জন্য মুক্তিপথে বিবেক প্রণালী দিয়া বহিয়া যায়, এবং পাপের জন্য বন্ধপথে রাগপ্রণালী দিয়াও বহিয়া যায়। যখন চিত্তনদী বিবেক-প্রভাবে মুক্তিপথবাহী বিবেক প্রণালী দিয়া বহিয়া যায়, তখন তাহাতে জ্ঞানবায়ু দ্বারা অমৃতের কল্লোল উঠিয়া থাকে। তখন চিত্তনদী অমৃতেই কল্লোল বহিতে থাকে; সুতরাং পরমহংস পরিব্রাজকদিগের চিত্তনদী অমৃত কল্লোলবহা। অমৃত শব্দে মৃত্যুরহিত—চিরকালের জন্য আবরণ শূন্য; কল্লোল শব্দে আনন্দ। তাহা হইলে, যে চিত্তনদীর আনন্দতরঙ্গ চিরকালের জন্য আবরণহীন হয়; সেই অমৃত কল্লোলনদী। পরমহংস পরিব্রাজকদিগের চিত্তে চিরকালের জন্য পরিস্ফুটভাবে নিত্যানন্দ বিরাজিত হয় ॥ ৬ ॥

সেই চিত্তনদীর জলও নির্ম্মল। অক্ষর শব্দে ক্ষরণহীন চিরস্থায়ী জল। নিরঞ্জন শব্দে অবিদ্যাদি দোষ স্পর্শশূন্য ব্রহ্ম। তাহা হইলে এই হইতেছে যে, তখন পরমহংস পরিব্রাজকদিগের চিত্তনদীর জল চিরকালের জন্য অশুষ্ক অবস্থায় থাকিয়া যায়। অর্থাৎ আত্মজ্ঞান দ্বারা নিবর্ত্তিত অবিদ্যাদি দোষ আর কখনই অনুবর্ত্তিত হয় না; কিন্তু অক্ষর নিরঞ্জন ব্রহ্ম আনন্দমূর্ত্তি প্রকাশ করিয়া সত্যভাবে বিরাজ করেন ॥ ৭ ॥

নিঃসংশয় ঋষিঃ ॥ ৮ ॥

তস্যাস্তীরোপান্তে চাস্তি নিঃসংশয় ঋষিঃ। সংশয়বিরোধী হ্যেকাত্মভাবশ্চ নিঃসংশয়ঃ। ঋষিঃ কস্মাৎ? স চাত্মানং প্রত্যক্ষোতীতি। তথাচাম্নায়তে;—

"অজান্ হ বৈ প্রশ্নীংস্তপস্যমান্ ব্রহ্ম স্বয়ম্ভ্যানর্ষৎ, তদৃষীণামৃষিত্বমিতি।"

তথাচ প্রত্যক্ষদর্শনং সংশয়াস্পৃষ্টঞ্চেত্যুক্তং ভবতীতি। তথাহ্যুক্তম্;—

"ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥" ইতি ॥ ৮ ॥

সেই নদীর তীরোপান্ত প্রদেশে একটী ঋষি বাস করিয়া আছেন। তাঁহার নাম নিঃসংশয়। নিঃসংশয় কি? না, সংশয়বিরোধী, যাহার উদয়ে সংশয় থাকিতে পারে না, যে সংশয়রাশিকে উপমর্দ্দিত করিয়া উদিত হয়, সংশয়োপমর্দ্দনই যাহার স্বরূপ, সেই একাত্মভাবই নিঃসংশয়। ঋষি কি করিয়া? না, সেই একাত্মভাব আপনাকে প্রত্যক্ষ করে, এইজন্য ঋষি। অর্থাৎ যখন একাত্মভাব পরিস্ফুটভাবে প্রতিভাসিত হয়, তখন সে নিজেই নিজেকে প্রকাশিত করিয়া প্রতিভাসিত হয়; যেমন অন্ধতমসাচ্ছন্ন গৃহ মধ্যে যখনই দীপ উপস্থিত হয়, তখনই সে অন্যকে, এবং নিজেকেও প্রকাশিত করিয়াই উপস্থিত হয়; অবশ্য গৃহে উপস্থিত দীপ দেখিতে অন্য দীপের আবশ্যক হয় না; সেইরূপ যখন একাত্মভাব উপস্থিত হয়, তখনই সেই একাত্মভাব আত্মার স্বরূপ প্রভাবে পরিস্ফুটভাবে আলোকিত এবং পরিজ্ঞাত করিয়াই উপস্থিত হয়। এই প্রত্যক্ষ জ্ঞানকে নিমিত্ত করিয়াই ঋষিশব্দ প্রযুক্ত হইয়া থাকে। তৈত্তিরীয় আরণ্যকে উক্ত হইয়াছে,—জন্মহীন তপস্যাকারী প্রশ্নিগণকে ব্রহ্ম স্বয়ং আবির্ভূত হইয়া প্রত্যক্ষ করিতেছেন ইহা প্রত্যক্ষ করিয়াছিলেন। সেই প্রত্যক্ষ জ্ঞানই অদ্য ঋষিদিগের ঋষিনাম প্রয়োগের নিমিত্ত হইয়াছিল। অর্থাৎ যাহারা ব্রহ্মপদার্থকে প্রত্যক্ষ করিয়াছে, তাহারাই ঋষিনাম পায়। ঋষি শব্দের অর্থ প্রত্যক্ষ জ্ঞানকারী। যে ব্রহ্মকে প্রত্যক্ষ করে, সেই ঋষি। তাহা হইলে বলা হইল, পরমহংস পরিব্রাজকদিগের যে একাত্মভাব পরিস্ফুটভাবে প্রতিভাসিত হয়, তাহার অদূরেই সর্ব্বসংশয়োপমর্দ্দী ঋষিভাব বর্ত্তমান আছে। ঐ একাত্মজ্ঞান প্রশান্তবাহী ও অচল প্রতিষ্ঠ হইলে পরমহংস পরিব্রাজক ঋষিপদবীতে আরূঢ় হইতে পারে। তাহাতে আরোহণ করা কর্ত্তব্য। এই

নির্ব্বাণো দেবতা ॥ ৯ ॥

অত্রৈবান্তে নির্ব্বাণো নামৈকমেব পরং তদ্‌ব্রহ্মৈব দেবানাং সমষ্ট্যুপলক্ষিতং স্বয়ম্প্রকাশ স্বরূপ মজরমমরমভয়মানন্দমিতি। তদেতদুক্তং ব্রহ্মোপনিষদি "পরাপরং ব্রহ্ম আত্মাদেবতা বেদয়তীতি" ॥ ৯ ॥

ঋষিপদ লাভ করিলে আর কথনই সংশয়াদি হইতে পারে না। ইহা কথিত হইয়াছে ;—পর হিরণ্যগর্ভও যথায় অবর শ্রেষ্ঠ নহে, ক্ষুদ্র, বা তুচ্ছ, সেই পরব্রহ্ম প্রত্যক্ষ হইলে, হৃদয়ের গ্রন্থি ভিন্ন হইয়া যায় ; সর্ব্ব সংশয় ছিন্ন হইয়া যায় ; কর্ম্ম সকল ক্ষয় হইয়া যায়। অর্থাৎ প্রকৃত আত্মজ্ঞান স্থিরপদ হইলে, আর দ্বৈত-গন্ধও থাকিতে পারে না বলিয়া, তখন পরমহংস পরিব্রাজক ঋষিপদে আরূঢ় হয় ॥ ৮ ॥

ঐ নিঃসংশয় ঋষির আশ্রম পদ সমীপে নির্ব্বাণ দেবতার দর্শন পাওয়া যায়। নির্ব্বাণ শব্দে একই সেই পরব্রহ্ম। তিনিই হইতেছেন দেবতা, দেবগণের সমষ্ট্যুপলক্ষিত ; যেমন বহুবৃক্ষ সমষ্টিকে একটি বন বলা যায়, সেইরূপ বহুদেবের সমষ্টিকে এক পরব্রহ্ম বলা যায়। দেবতা কি করিয়া হয় ? না, দিব্‌ধাতু হইতে নিষ্পন্ন হয়। তাহার অর্থ দীপ্তিশালী। তাহা হইলে দীপ্তিশালি দেবগণের সমষ্টি নিশ্চয় জ্যোতীরাশি সদৃশ নিরুপম দীপ্তিশালী হইবে। জ্যোতিঃ কখনই পরপ্রকাশ্য নহে, স্বয়ম্প্রকাশই হইয়া থাকে। তাহার সমষ্টিও স্বয়ম্প্রকাশ স্বরূপ হইবে। দেবগণ যেমন অজর, অমর, অভয়, সেইরূপ দেবগণ সমষ্টিও নিশ্চয় অজর অমর, অভয়। জরাহীন, মৃত্যুহীন ও ভয় রহিত। তদ্দ্বারা সেই নির্ব্বাণ দেবতার কোনরূপ বিশেষ ভাব হয় না। যেমন নাল উৎপল নীলবর্ণ বিশিষ্ট, সেইরূপ জরামরণ ভয়াদির অভাব সেই নির্ব্বাণ দেবতার নাই ; কিন্তু যেমন কাকোপলক্ষিত গৃহ বলিলে কখন যে গৃহে কাকের সম্বন্ধ হইয়াছিল, তারপর আর কাকের সম্বন্ধ নাই, অথচ কাক শব্দ দ্বারা অন্য গৃহ হইতে সেগৃহের ভেদ বোধ করান হইল, সেইরূপ, কখন (সৃষ্টিক্ষেত্রে বা ব্যবহার ক্ষেত্রে) জরামরণাদির অভাব নির্ব্বাণ দেবতায় ছিল ; তারপর আর সে অভাবের (পারমার্থিক ভাবে) কোনই সম্পর্ক নাই ; অথচ সেই অভাবদ্বারা বলা হইতেছে সেই নির্ব্বাণ দেবতা জরামরণাদির অভাবোপলক্ষিত, অর্থাৎ নিত্যসিদ্ধ আনন্দ মাত্র। পর-ব্রহ্ম নির্ব্বাণরূপে দেবতা, ইহা ব্রহ্মোপনিষদে আম্নাত হইয়াছে।—হিরণ্যগর্ভ

নিষ্কূ (ষ্কু) লপ্রবৃত্তিঃ ॥ ১০ ॥
নিষ্কেবলজ্ঞানম্ ॥ ১১ ॥
ঊর্দ্ধ্বাম্নায়ঃ ॥ ১২ ॥

নিষ্কূলা চ নিরবয়বা প্রবৃত্তি ভবতি তেষাং দেবতা দর্শনায় তত্তীরোপান্তে। যথাচ সমুদ্রসঙ্গমায় যাত্রাং কুর্ব্বতীনদী নিষ্কূলং প্রবর্ত্ততে যাবৎ সান্নিধ্যং ভবতি, তথৈবেষামপি দেবতাসঙ্গমায় যতরৎসান্নিধ্যং ভবতি, ততরচ্চ নিষ্কূলা প্রবৃত্তি-র্ভবতি ॥ ১০ ॥

প্রবৃত্তিরিতি ন কৃতিরপিতু নিষ্কেবলজ্ঞানম্। নিষ্কেবলঞ্চ নিরপেক্ষং জ্ঞানঞ্চ তদ্ভবেৎ। বৈষয়িকং বিষয়সাপেক্ষং জ্ঞানমিদন্তু ন কিঞ্চিদপ্যপেক্ষত ইতি নিষ্কে-বল মেব নির্ব্বাণদেবতা দর্শনমিতি ॥ ১১ ॥

নৈতেষাং প্রচার আম্নায়ৈর্বিধাতুং নিষেদ্ধুঞ্চ শক্যঃ; যস্মাদূর্দ্ধ্বাম্নায়েভ্য-ইত্যূর্দ্ধ্বাম্নায়ঃ। তথাহ্যুক্তম্,—

ও তজ্জাত বিশ্বপ্রপঞ্চের সমাহার যথায়, সেই ব্রহ্মই আত্মা এবং তিনিই সমস্ত জানাইয়া থাকেন বলিয়া দেবতা ॥ ৯ ॥

সেই নদীর তীরোপান্তে সেই ঋষির আশ্রম পদের সমীপে সেই দেবতা দর্শনার্থ পরমহংস পরিব্রাজকদিগের প্রবৃত্তি হইয়া থাক, তাহা নিষ্কূলা হয়, অর্থাৎ নিরবয়বা হয়। যেমন সমুদ্র সঙ্গমার্থ যাত্রাকারিণী নদী, সমুদ্রের যতই সন্নিহিত হয়, ততই কূল ঘুচাইয়া প্রবর্ত্তিত হইতে থাকে, অকূল হইয়া অকূল সাগরে যাইয়া মিলিত হয়, সেইরূপ পরমহংস পরিব্রাজকদিগের দেবতাসঙ্গমার্থ প্রবৃত্তি যতই সন্নিহিত হইতে থাকে, ততই কুল ঘুচাইয়া অকূল ভাবে অকূল জ্ঞান সমুদ্রে যাইয়া মিলিত হয়। নির্ব্বাণ দেবতাই অকূল জ্ঞান সমুদ্র ॥ ১০ ॥

সেই অকূল প্রবৃত্তি কৃতি, বা যত্ন নহে; কিন্তু নিষ্কেবল জ্ঞান, নিরপেক্ষ জ্ঞানই বৈষয়িক জ্ঞান বিষয় সাপেক্ষ; বিষয়ব্যতিরেকে বৈষয়িক জ্ঞান হয় না, কিন্তু কিছুই অপেক্ষা করে না, কেবলই জ্ঞান। এই জন্য এই নির্ব্বানদেবতা-দর্শন নিষ্কেবল ॥ ১১ ॥

এইরূপে দেবতাদর্শনকারীদিগের প্রচার, বা আচার আম্নায়গণ বিধান করিতে, বা নিষেধ করিতে সমর্থ নহে যে হেতু ইহাদিগের আচার প্রচার

"ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন॥" ইতি।

তথা চাভিযোক্তায়ঃ প্রাহুঃ,—

"নিস্ত্রৈগুণ্যে পথি বিচরণং কো বিধিঃ কো নিষেধঃ॥" ইতি।

আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদেতেষাঞ্চাক্রিয়ত্বাৎ। তত্রৈতদাম্নায়তে—"যদালং বুদ্ধির্ভবেৎ, তদা কুটীচকো বা, বহূদকো বা, হংসো বা, পরমহংসো বা, তত্তন্মন্ত্র পূর্ব্বকং কটিসূত্রং কৌপীনং দণ্ডং কমণ্ডলুং সর্ব্বমপি বিসৃজ্যাথজ্ঞানরূপ ধরশ্চরেৎ।" ইতি। নৈতানি চোদকানি; বিধীচ্ছাপন্নানি তু কথঞ্চিদিত্যুপপাদিতম্। তস্মাদূর্দ্ধাম্নায়ঃ প্রচার এতেষাং ভবতি॥ ১২॥

আম্নায়েরও উপরে। আম্নায় যে সকল আচার প্রচারের বিধি নিষেধ করিয়াছে, ইহাদিগের আচার প্রচার তাহার মধ্যে নহে, তদূর্দ্ধে। গীতায় অর্জ্জুনকে ভগবান্ বলিয়াছেন,—হে অর্জ্জুন! বেদসকল ত্রিগুণজাত অবিদ্যা সম্বন্ধ পুরুষের উদ্দেশে প্রবর্ত্তিত হইয়াছে। তুমি নিস্ত্রৈগুণ্য হও ত্রিগুণাতীত হও, অবিদ্যাসম্বন্ধ ছেদ করিয়া বিদ্বান্ হও। বেদান্তবিৎ অভিযোক্তা পুরুষেরাও বলিয়া থাকেন,—যাহারা নিস্ত্রৈগুণ্য পথে বিচরণ করে, তাহাদিগের পক্ষে বিধিই বা কি করিবে, আর নিষেধই বা কি করিতে পারে? ফলতঃ বেদের প্রবৃত্তি কেবল অনুষ্ঠানের ক্রিয়ার বিধান মাত্র করিবে। যাহারা কর্ত্তা, যাহাদিগের কর্ত্তৃত্বাভিমান আছে, বেদ তাহাদিগের পক্ষেই ক্রিয়ার ব্যবস্থা করিয়াছে; কিন্তু পরমহংসপরিব্রাজকেরা অক্রিয়াত্মদর্শন করিয়া কর্ত্তৃত্বাভিমান পরিত্যাগ করিয়াছে; সুতরাং বেদ ইহাদিগের পক্ষে কোনই বিধি, বা নিষেধ করিতে পারে না। বেদ পাদও বলিতেছেন; যখন অলংবুদ্ধি হইবে, যখন মনে হইবে, এ সকলের প্রয়োজন নাই, এগুলি ব্যর্থ বহন করিতেছি। তখন কুটীচকই হউক বহূদকই হউক, হংসই হউক আর পরমহংসই হউক, যেই কেন হউক না, সে সেই সেই মন্ত্র পাঠপূর্ব্বক কটি সূত্র, কৌপীন, দণ্ড, কমণ্ডলু, সমস্তই জলে বিসর্জ্জন করিয়া পূর্ব্বাশ্রম সম্বন্ধ দেহ জ্ঞানদ্বারা পরিত্যাগ করিয়া জ্ঞান দেহ ধারণপূর্ব্বক বিচরণ করিবে। এই সকল বাক্য ক্রিয়াপ্রবর্ত্তক হইতে পারে না; কিন্তু বিধির ন্যায়; কারণ, জ্ঞানের উপর বিধির কার্য্যকারিতা খাটে না। ইহা ভাষ্যাদিতে উপপাদিতকরা হইয়াছে। অতএব এই সকল পরমহংস পরিব্রাজকদিগের পক্ষে কর্ত্তব্য আচার প্রচার উর্দ্ধাম্নায়, বা বেদে প্রবর্ত্তিত মার্গের অতীত॥ ১২॥

নিরালম্বপীঠঃ ॥ ১৩ ॥

যঃ পুনরেষাং পীঠ আসনং, সোঽপি নিরালম্ব এব আলম্বনমাশ্রয়স্তদ্রহিতঃ পরমাত্মা, পরমাত্ম পীঠ ইত্যর্থঃ।

যদেবং অস্তি চাত্র পীঠঃ পূজায়ৈ। অথৈতদথায়তে গোপাল পূর্ব্বতাপনীয়োপনিষদি,—"তে হ্যূচুরুপাসনমেতস্য পরমাত্মনো গোবিন্দস্যাখিলাধারিণো ব্রূহীতি। তানুবাচ ব্রহ্মা হৃত্তস্য পীঠং হৈরণ্যমষ্টপলাশমম্বুজ মি"ত্যাদি। তদ্বদেব স্যাৎ? নস্যাদেব, "পরমহংসঃ সোঽহমিত্যু"পক্রমণাৎ, ক্রিয়াগন্ধ নিষে-

---

ইহাদিগের যে পীঠ আসন, সেও সেই নিরালম্বই। অবলম্বন শব্দে আশ্রয়, তদ্রহিত নিরালম্ব। নিরালম্ব শব্দে নিরাশ্রয় পরমাত্মা। তাহা হইলে, পরমহংস পরিব্রাজকদিগের পীঠস্থান সেই পরমাত্মাই হইতেছেন।

অচ্ছা জিজ্ঞাসা করি, পীঠবর্ণনা এভাবে করা হইল কেন? পূজার জন্যও ত পীঠকল্পনা করা হইয়া থাকে। গোপাল পূর্ব্বতাপনীয়োপনিষদে আম্নাত হইয়াছে,—তাহারা বলিয়াছিল, এই অখিলাধার পরমাত্মা গোবিন্দের উপাসনা কি করিয়া করিতে হইবে, বল। এই কথা শুনিয়া ব্রহ্মা তাহাদিগকে বলিয়াছিলেন,—হিরণ্যবর্ণসদৃশ প্রোজ্জ্বল অষ্টপত্র সমন্বিত হৃদয়পথ নামে যে তাঁহার পীঠস্থান ইত্যাদি। এখানেও সেইরূপই হইতে পারে। মহানির্ব্বাণতন্ত্রে উক্ত হইয়াছে, পরব্রহ্মের জপনীয়মন্ত্র ওঁ সচ্চিদেকং ব্রহ্ম। ধ্যানও একটী বলা হইয়াছে। মানসপূজা ও বাহ্যপূজাও বিহিত করা হইয়াছে। স্তোত্র ও কবচ বলা হইয়াছে। তন্মধ্যে ন্যাসাদি বিধানও করা হইয়াছে। অবশ্য তৎপ্রসঙ্গে পীঠন্যাসও কর্ত্তব্য; সুতরাং পরব্রহ্মের পীঠ একটা থাকাই উচিত, এবং সেই পীঠের কথা এখানে এইভাবে বলা হইল। যদিও নির্ব্বাণ-তন্ত্রে এরূপ কিছু বলা হয় নাই, তথাপি দশার্ণমন্ত্র তথায় উদ্ধার করা হইয়াছে, এবং সেই মন্ত্রদ্বারা সন্ন্যাসীকে সংস্কৃত করিবার ব্যবস্থা করা হইয়াছে। অতএব সেই পরব্রহ্মের পূজায় পীঠ একটা থাকা বিধেয়। হয়ত এরূপ আশঙ্কা কেহ করিতে পারে, আমরা এস্থলে সে সকল আশঙ্কার কোনই কারণ দেখিতে পাইতেছি না; কারণ, নির্ব্বাণোপনিষদের প্রারম্ভে বলা হইয়াছে "পরমহংসঃ সোঽহম্"। যাহার প্রারম্ভে অভেদজ্ঞানের আশ্রয় করা হইয়াছে, তাহার মধ্যভাগে যাইয়া যে আবার কোনরূপ দ্বৈতভাববোধক প্রণালীর আশ্রয় করা

ধাচ্চ। শূন্যাগারে দেবগৃহ তৃণকূট বল্মীক বৃক্ষমূল কুলাল শালাগ্নিহোত্র নদী-নদীপুলিন গিরিকুহরকন্দরকোটর নির্ঝর স্থণ্ডিলেষ্বনিকেতবাসীতিজাবালা উপদিশন্তি; আরুণেয়্যুপনিষদিতু অথ পরমহংস পরিব্রাজকানামাসনশয়নাভ্যাং ভূমৌ" ইত্যুক্তম্। বয়ন্তু নিরালম্বমেব পীঠং ক্রমঃ। যদা যদাযতরদ্যতরচ্চাসিতং ভবেত্তত্তদা ত্তরত্তত্তর দেব পীঠং কুর্য্যাৎ। অতএব পরমহংস পরিব্রাজকোপনিষদি "অবাধকরহস্যস্থল বাসঃ।" ইত্যাম্নাতম্।

হইবে, ইহা আমরা স্বচ্ছন্দে স্বীকার করিতে পারি না। তারপর আরও একটী কথা, পীঠস্থান কল্পনা করাত পূজার প্রক্রিয়াবিশেষ সংসাধিত করিবার জন্য? যদি সেই ক্রিয়ার সম্পর্ক মূলেই বিনষ্ট করিয়া আসা হইয়া থাকে, তবে আবার এখানে আসিয়া সেই কল্পিত ক্রিয়ার প্রশ্রয় দেওয়া হইবে কেন? যখন পূর্ব্বেই "নিষ্কৃল প্রবৃত্তিঃ।" "নিষ্কেবল জ্ঞানম্।" "উদ্ধাম্নায়ঃ" ইত্যাদি সূত্র সর্ব্বথা ক্রিয়াসম্পর্ক প্রতিষেধ করা হইয়াছে, তখন আর এখানে আসিয়া কল্পিত ক্রিয়ার উল্লেখ করা সম্ভবপর হইতে পারে না। এইজন্য ঐ পীঠশব্দকে কেবল মাত্র আসনার্থেই ব্যবহার করিতে হইবে। আর নিরালম্ব শব্দকে ব্রহ্মার্থে। তাহা হইলে পরমহংস পরিব্রাজকদিগের বসিবার যে আসন হইবে, সে আসন সেই পরব্রহ্মই। তাহারা যদি বলিতে ইচ্ছা করে, তবে পরব্রহ্মেই উপবেশন করিবে, কোনও আসনবিশেষে বসিতে ইচ্ছা, বা জ্ঞানও করিবে না, ইহাদ্বারা এইরূপ উপদেশ করা হইল। জাবালগণ স্বীয় প্রচারিত উপনিষদে বলিয়াছেন, —শূন্যগৃহ, দেবগৃহ, তৃণকূট, বাল্মীক, বৃক্ষমূল, কুলালশালা, অগ্নিহোত্রশালা, নদীপুলিন, গিরিকন্দর, ভূমিকন্দর, বৃক্ষকোটর, নির্ঝরপ্রদেশ, ও স্থণ্ডিল ভূমিতে বাস করিবে, গৃহনির্ম্মাণ করিয়া তাহাতে বাস করিবে না। আরুণেয় সম্প্রদায়ের ব্রাহ্মণগণ আরুণেয়ী উপনিষদে বলিয়াছেন;—পরমহংস পরিব্রাজকদিগের আসন ও শয়ন ভূমিতেই কার্য্য। এখন মাণ্ডুকায়ন সম্প্রদায়ের পরমহংস পরিব্রাজকগণ নিরালম্ব পরব্রহ্মেই আসন ও শয়নাদি করিবে। যখন যখন যাহা যাহা বসিবার জন্য বিভাসিত হইবে, তখন তখন তাহা সেই নিরালম্ব ব্রহ্মই পীঠরূপে গ্রহীতব্য হইবে। এইজন্যই পরমহংস পরিব্রাজক উপনিষদে আম্নাত হইয়াছে যে, বাধকরহিত গোপনীয় স্থলই বাসযোগ্য হইবে। অবশ্য বাধকরহিত গোপ্যস্থল একমাত্র ব্রহ্ম ভিন্ন ধাঁধাসঙ্কুল এজগতে আর কি

পরমহংসোরনিষাদিতু—"অনিকেত স্থিতিরেব" ইতি সামান্যত উক্তম্। যচ্চাত্র শঙ্করানন্দেনোক্তম্;—বিবিদিষাসন্ন্যাস মুরারীকৃত্যাহ অনিকেতাস্থিতিরেবেতি, তদশক্তত্বাদ্বিবেক্তব্যম। তস্মাদস্মাকং নিরালম্ব এব পীঠঃ, ন তু

হইতে পারে? সুতরাং সেই বাধকহীন গোপনীয় ব্রহ্মই পরমহংস পরিব্রাজকদিগের বসিবার স্থান, বা পীঠ হইবে।

পরমহংসোপনিষদে সামান্যতঃ বলা হইয়াছে "অনিকেতস্থিতিরেব" অনেক স্থিতিই হইবে। যাহার নিকেতন নাই, সেই অনিকেতন। অনিকেত, বা অগৃহ, অথবা সন্ন্যাসী একই কথা, ব্রহ্মই সন্ন্যাসী, তাঁহাতে অবস্থান করিবে। এই হইল উহার অর্থ; কিন্তু শঙ্করানন্দ ঐ স্থলে একটু গণ্ডগোল বাধাইয়াছেন। তিনি বলেন; বিদ্বানের সন্ন্যাস কীর্ত্তন করিয়া এখন বিবিদাষাসন্ন্যাস (যে জানিতে ইচ্ছা করে, তাহার সন্ন্যাস) বিধান করিবার জন্য বলিতেছেন,—"অনিকেত স্থিতিরেব।" নিকেত শব্দে নীর, আশ্রয়, বা গৃহ। নিজনির্ম্মিত গৃহব্যতিরিক্ত শূন্যাগার দেবায়তনাদিই স্থিতি স্থান যাহাকে অনিকেত স্থিতি বলে এস্থলে যে এবকার আছে, তাহা স্থিতিশব্দের সহিত অন্বিত হইয়া বিবিদিষাসন্ন্যাসীর শ্রবণাদিবিরোধী ভ্রমণের নিষেধ করিবে। যাহারা অনেকেতাস্থিতি শব্দের অনিয়ত স্থিতি অর্থ করে, এবং ব্যাখ্যাও করে, তাহাদিগের তাদৃশ ব্যাখ্যা পক্ষে নিয়তশব্দে নিয়মন হেতু নিজ কৃতগৃহাদির বোধ করাইবে, এবং সেইরূপ ব্যাখ্যাই করিতে হইবে, কিন্তু নিয়তশব্দে নিত্য অর্থ নহে; কারণ, তাহার সমস্ত দিনই গমন বিধেয় হইতে পারে না। তাহা হইলে প্রধান যে শ্রবণাদি, তাহার বিরোধ হয়। আরও স্মৃতি শাস্ত্রে যে উক্ত হইয়াছে, "কীটবৎ পর্য্যটেৎ ভূমৌ" ইতি কীটের ন্যায় ভূমিতে পর্য্যটন করিবে। তাহাও কোনও কারণে পতিত বংশে জাত, আতুর, ও শ্রবণানধিকারী পরমহংসের পক্ষেই বলিতে হইবে, অথবা যে পরমহংস নহে, তাহার পক্ষেই বলিতে হইবে। আমরা শঙ্করানন্দের এব্যাখ্যায় অনুমোদন করিতে পারিনা; কারণ, মূলে সেরূপ কোন শব্দ দেখা যাইতেছে না যে, তদ্দ্বারা সন্ন্যাসের ভেদ ঘটাইয়া এরূপ ব্যাখ্যা করা যায়। শব্দ না থাকিলেও বলিবার ভঙ্গি ও শব্দের উচ্চারিত ভাব দেখিলেও কথঞ্চিৎ ভেদ ঘটাইতে পারা যায় ব ট, কিন্তু যদি তাদৃশ ভাব দেখিতে পাওয়া না যায়, কেবল দুর্ব্বোধ ও কুটিলার্থ ঘটিত একটি, কি দুইটি মাত্র শব্দ আছে দেখিতে পাওয়া যায়, তবে যে তাহার মধ্যে ভেদ নাথাকিলেও ভেদ ঘটাইতে

স্বনির্ম্মিত গৃহব্যাতিরিক্তং শূন্যাগার দেবায়তনাদিকং হংসোপেসিষদুক্তে হৃদয়েঽষ্টদনে অষ্টধা বৃত্তির্ব্বা স্থানমিতি ॥ ১৩ ॥

হইবে তাহা কোন রূপেই যুক্তি সঙ্গত হইতে পারে না। তুমি উহার উপপত্তি না করিতে পারিয়া বা 'তা' অর্থ করিলে হইবে কেন? উহার উপক্রম ও উপসংহার যখন বিদ্বৎসন্ন্যাসকে অবলম্বন করিয়া করা হইয়াছে, তখন মধ্যে অকস্মাৎ অবিদ্বৎসন্ন্যাস, বা, বিবিদিষাসন্ন্যাসের কথা উঠিবে কোথা হইতে? এইজন্য ঐ অনিকেত স্থিতি শব্দের অর্থ উপসংহারে অনুরূপই করিতে হইবে। উহার উপসংহারে কথিত হইয়াছে, "য আত্মন্যেবাবস্থীয়তে" যে আত্মাতেই অবস্থান করে; উপক্রমেও "তৎ স্বয়মেবাবস্থিতিঃ" "অদ্বৈতে পরমস্থিতি সেই বিক্ষেপাবরণশূন্য আনন্দস্বরূপে আপনা আপনিই অবস্থান হয়, নিখিলদ্বৈত জ্ঞানশূন্য আনন্দস্বরূপে উত্থানরহিত ভাবে যাহার অবস্থিতি হয়, ইত্যাদি বাক্য ঐ অনিকেত স্থিতি শব্দটাকে আর অন্যার্থে লইতে ইচ্ছা করে না; সুতরাং নিরাশ্রয় আশ্রয়গন্ধহীন অনপেক্ষোদাসীন পরব্রহ্মেই অবস্থান কর্ত্তব্য, এইরূপ অর্থই সমীচীন। সেইজন্য আমরা নিরালম্ব ব্রহ্মকেই পীঠ বলি; কিন্তু এরূপ বলি না যে, স্বকৃত গৃহব্যতিরেকে শূন্যাগার দেবায়তনাদি অথবা হংসোপনিষৎ বর্ণিত অষ্টদল পদ্মের অষ্টবৃত্তি সমুচ্চয় বা অষ্টবৃত্তি সমন্বিত অষ্টদল পদ্মই ব্রহ্মের পীঠ বলিয়া পরহংস পরিব্রাজকেরও সেই পীঠ নিশ্চেতব্য। তথায় হংস ঋষি, অব্যক্ত গায়ত্রী ছন্দঃ, পরমহংস দেবতা, এবং অকথিত বীজশক্তিও বিনিয়োগ বলিয়া হৃদয়ে অষ্টদলে পরমহংস আত্মাকে ধ্যান করিবে এইরূপ বলা হইয়াছে; সুতরাং তাহার ন্যায় এস্থলে সেই প্রকার হৃদয়স্থ অষ্টদল পৃথক্ পীঠ কল্পনা করিতে পারা যায় না; কারণ পূর্ব্বেই উক্ত হইয়াছে; সুতরাং এই নির্ব্বাণ উপনিষদে সেই আভাসময়ী বিষয় গুলির (১) উদ্ধার মাত্র করিয়া দেখান হইল যে, নির্ব্বাণকালে যে অখণ্ডাকার ব্রহ্ম জ্ঞান হয়, তাহাতে লক্ষিতও অলক্ষিত ভাবে সমস্তই অভিন্ন হইয়া থাকে। সেইজন্য কল্পনা আশ্রয় আর চলিতে পারিবে না ॥ ১৩ ॥

---

(১) হংসোপনিষদাদিতে যে ঋষি, বৃন্দঃ; দেবতা, বীজ, শক্তি কীলক ও বিনিয়োগাদির কল্পনা করা হইয়াছে, তাহা নিতান্ত অনুপযুক্ত হয় নাই; কিন্তু সে কল্পনা নির্ব্বাণোপনিষদে হইতে পারে না, কারণ নির্ব্বাণকালের অখণ্ড-জ্ঞানে সমস্তই পূর্ণভাবে প্রাপ্ত হইয়া যায়।

সংযোগদীক্ষা ॥ ১৪ ॥

অথ ব্রহ্মণা সংযোগ এব দীক্ষা ব্রতম্। নান্যাচ দীক্ষৈতেষাং ভবতি। সন্ন্যাসোপনিষদ্যুক্তা—"দীক্ষামুপেয়াৎ কাষায়বাসাঃ কক্ষোপস্থলোমানি বর্জ্জয়েদি"-ত্যেব মাদিকা। দীক্ষা ব্রতবিশেষঃ। তথাহি;—জ্ঞানং দিব্যং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপক্ষয়ং যতঃ॥ তস্মাদ্দীক্ষেতি সাপ্রোক্তা দেশিকৈস্তত্ত্ববেদিভিঃ॥" ইতি। কস্মাৎ বর্জ্জনীয়ত্বেন বক্ষ্যমানত্বাৎ। অথাসকৌ দীক্ষেতি? উচ্যতে;—আধ্যাসিকো হি বিদ্যায়া মনসি সংযোগ আম্নাত "এতস্মাজ্জায়তে প্রাণো মন" ইত্যেবমাদি কৈবল্যোপনিষচ্ছ্রুত্যা। কথম্? ব্রহ্ম প্রপদ্যথম্। কথমসৌ প্রপত্তিঃ? তদাম্নাতং সাম্নাং সন্ন্যাসোপনিষদি;—"বিদ্যায়া মনসি সংযোগো মনসাকাশশ্চাকাশাদ্বায়ুর্বায়োর্জ্যোতির্জ্যোতষ আপোঽদ্ভ্যঃ পৃথিবী পৃথিব্যা ইত্যেষাং ভূতানাং ব্রহ্ম প্রপদ্যতে। অজরমমরমক্ষরমব্যয়ং প্রপদ্যতে তদভ্যাসেন প্রাণাপাণৌ সংযম্য" ইতি। অত্র তৃতীয়া পঞ্চমীভ্যাং প্রতিযোগী, প্রথমা ষষ্ঠীভ্যাঞ্চানু-

---

অহমভিমানাস্পদ জীবের ব্রহ্মের সহিত সংযোগই হইতেছে দীক্ষা, বা ব্রত বিশেষ। অবশ্য সন্ন্যাস উপনিষদে দীক্ষা গ্রহণ করিবে; কাষায়বাসঃ ধারণ করিবে, কক্ষও উপস্থলোম সকল বর্জ্জন করিবে, ইত্যাদি নানা প্রকার দীক্ষার কথা আম্নাত হইয়াছে; কিন্তু সে দীক্ষা এখানে গ্রহণ করা যাইবে না। কেন? না, পরে এসমস্তই নিষেধ করা যাইবে। দীক্ষা শব্দে ব্রত বিশেষ, বা নিয়ম বিশেষ। স্মৃতিতে উক্ত হইয়াছে;—যেহেতু পাপের ক্ষয় করে এবং যেহেতু দিব্যজ্ঞান দান করে, সেইজন্য তত্ত্বজ্ঞানী পণ্ডিতগণ নিয়মবিশেষকে দীক্ষা, এইশব্দে কীর্ত্তন করিয়া গিয়াছেন। এই দীক্ষা কি? বলিতেছি, মনে বিদ্যার সংযোগ অধ্যাস দ্বারা নিষ্পন্ন হইয়া থাকে, এইআত্মা হইতে প্রাণ, মনঃ ইত্যাদি জন্মিয়া থাকে, ইন্দ্রিয় সকল, আকাশ, বায়ু, জ্যোতিঃ, আপ্ ও পৃথিবী এই বিশ্বের ধারিণী হইয়া জন্মে, এইরূপ বহুবিধ শ্রুতি দ্বারা আম্নাত হইয়াছে। কেন? না, ব্রহ্ম প্রাপ্তি হইবে এইজন্য। এই ব্রহ্ম প্রাপ্তি কি করিয়া হয়, তাহা সামবেদের সন্ন্যাসোপনিষদে আম্নাত হইয়াছে বিদ্যার মনে সংযোগ, মনের আকাশে, আকাশের বায়ুতে, বায়ুর জ্যোতিতে, জ্যোতির আপ্ সমুদায়ে, আপ্ সমুদায়ের পৃথিবীতে, পৃথিবীর এই সকল প্রকার জাত পদার্থে সংযোগ হইয়াছে; সুতরাং ব্রহ্ম প্রাপ্তি হইবে, অজর, অমর, অক্ষর ও অব্যয় প্রাপ্তি হইবে, তাহার অভ্যাস দ্বারা, প্রাণাপাণের সংযম করিয়া। এই

যোগ্যাপ্তাতৌ সৃষ্টি ক্রমেণ ; বিসৃষ্টি ক্রমাত্তু বিদ্যায়াং মনসঃ সংযোগো দ্রষ্টব্যঃ। তদভ্যাসেন প্রাণাপানৌ প্রাক্ সংযম্য ব্রহ্মপ্রপদ্যতে, অজরমমরমক্ষরমব্যয়ং প্রপদ্যতে। কথম্? মনসঃ সংযোগো হি লয়ঃ ; তদভ্যাসেন তৎ কার্য্যং সর্ব্বং লীনং ভবতীতি সৈব দীক্ষা সন্ধ্যাপরনাম্নী ব্রহ্মোপনিষদ্যুক্তা তেনোপেত্যেতি ॥ ১৪ ॥

শ্রুতিতে মনস্‌শব্দে তৃতীয় ও অন্য যে সমস্ত শব্দে পঞ্চমী বিভক্তি আছে, সৃষ্টিক্রমে সেগুলি ঐ অধ্যাসিক সম্বন্ধের প্রতিযোগী। প্রতিযোগী সেই হয়, যাহার সম্বন্ধ গ্রহণ করা যায় ; আর সেই প্রতিযোগীর সম্বন্ধ যাহাতে গ্রহণ করা হয়, সেই হইতেছে অনুযোগী। এখানে প্রথমা ও ষষ্ঠী বিভক্তি যেসকল পদে আছে, তাহারাই অনুযোগী। আবার বিসৃষ্টিক্রমানুসারে নিম্ন হইতে ক্রমে ঊর্দ্ধে সংযোগ করিতে করিতে বিদ্যাতে মনের সংযোগ দর্শন করিতে হইবে। সেই বিদ্যাতে মনের সংযোগ অভ্যাস করিলে, অবশ্য প্রথমে প্রাণও অপান বায়ুর সংযম করিয়া সেই বিদ্যাতে মনের সংযোগ অভ্যাস করিতে থাকিলে ক্রমে ব্রহ্ম প্রাপ্তি হইবে, অজর, অমর, অক্ষর, ও অব্যয় ব্রহ্ম প্রাপ্তি হইবে। পৃথিবীতে মনের সংযোগাভ্যাস দ্বারা ব্রহ্ম প্রাপ্তি হয় না ; কারণ, তাহার নানারূপে ব্যয় বা বিনাশ হয় ; সেইরূপ আপের ক্ষরণরূপ বিনাশ হয় ; জ্যোতির মরণ আছে : বায়ুর জরা, বা মরণাহ্বানকারিণী বার্দ্ধক্যাবস্থা আছে ; আকাশ বৃহত্তর হইলে ব্রহ্ম নহে ; সুতরাং এসকল অভ্যাস করিয়া পরিশেষে আনন্দস্বরূপ পরম ব্র মনের সংযোগাভ্যাস করিবে। তদ্দ্বারাই ব্রহ্ম প্রাপ্তি হইবে। কি করিয়া? ন ব্রহ্মে মনের সংযোগই মনের লয়। তাহার অভ্যাস দ্বারা মনের কার্য্য সমস্তই ব্র প্রাপ্ত হইবে। এইজন্য সেই সংযোগাভ্যাস, বা লয়াভ্যাসরূপ দীক্ষাই পরমহ পরিব্রাজকের উপেত্য। এই দীক্ষাই ব্রহ্মোপনিষদে সন্ধ্যানামে অভিহিত হ য়াছে। তথায় উক্ত হইয়াছে, যে ভাবে জীবে প্রজ্ঞাদ্বারা পরমাত্মাতে আত্মা সন্ধান করে, সেই ভাবের সেই সন্ধ্যাকে ধ্যান বলা যায়,এবং তাহা হইতেই তাহ সন্ধ্যাভিবন্দন কার্য্য সমাধা হইয়া থাকে। এ সন্ধ্যায় জলের কিছু মাত্র প্রয়োজ নাই, ইহাতে বাক্য উচ্চারণের ও দেহ স্থৈর্য্যাদি করণের ক্লেশ ও নাই ; কার এটি ধ্যান সন্ধ্যা। সন্ধ্যা কেন? না, সমস্ত ভূতের সন্ধিনী একত্ববোধিকা। এ জন্য এই সন্ধ্যাই একদণ্ডী দিগের কর্ত্তব্য অতএব ঈদৃশ সন্ধ্যা, বা ঈদৃশর দীক্ষাই পরমহংস পরিব্রাজকদিগের গৃহীতব্য ॥ ১৪ ॥

বিয়োগোপদেশঃ ॥ ১৫ ॥

দীক্ষাসন্তোষপানং চ ॥ ১৬ ॥

এবমেব বিয়োগোপদেশো ভবতি। বিয়োগো বিযোজনং নিবর্ত্তনমিত্যনর্থান্তরং, তেন সহ উপদেশঃ, স যথা ;—

"যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।
আনন্দ মেতজ্জীবস্য যং জ্ঞাত্বা মুচ্যতে বুধঃ ॥" ইতি।

ব্রহ্মোপনিষদি তদেবং মনোলয়ঃ কর্ত্তব্যঃ ॥ ১৫ ॥

তেন দীক্ষাসন্তোষপানং কর্ত্তব্যম্। দীক্ষায়াঃ সন্তোষঃ ব্রহ্মস্পর্শসুখং, তস্য পানসুখোপভোগঃ, তদেকপরঃ স্যাৎ। যচ্চোক্তম্ ;—

এইরূপই বিয়োগোপদেশ আছে। বিয়োগ শব্দে বিয়োজন, ও নিবর্ত্তন, একার্থক। তাহার সহিত উপদেশ। যথা ;—ব্রহ্মোপনিষদে উক্ত হইয়াছে ;—যাহার নিকটে পৌছিতে না পারিয়া মনের সহিত বাক্য নিবর্ত্তিত হয় ; যেমন অদৃষ্টপূর্ব্বক মহারাজকে দেখিব বলিব ও স্পর্শ করিব সঙ্কল্প করিয়া বেশ্যাযুবতীর ন্যায় সোৎকণ্ঠভাবে শ্রুতিবধূসকল প্রবৃত্ত হইয়া অবসরাভাববশতঃ নিবর্ত্তিত হয়, যেমনে আসে, তেমনি যায়, অমনিই কি যায়? তা, নয়, দেখিতে না পাইয়া বলিতে না পারিয়া, এবং স্পর্শ করিতেও না পারিয়া, সর্ব্ব প্রকারেই উপলব্ধি করিতে না পারিয়া ফিরিয়া যায়। আচ্ছা, চম্পক কেতকী আদি পুষ্পের গন্ধ বিশেষ বাক্যের অপ্রাপ্য হইলেও যেমন মনোদ্বারা উপলব্ধি করিতে পারা যায়, সেইরূপ বাক্যের অগম্য হইলেও মন দ্বারা ব্রহ্ম উপলব্ধব্য ত হইতে পারে না? না, যেমন বাক্যের অগম্য, সেইরূপ মনেরও দৃশ্য নহেন। এই মনঃ শব্দে অন্তঃকরণ। এইমনসাধ্য তুরীয় নিরতিশয় আনন্দ প্রাণধারী জীবের স্বরূপ। যে প্রসিদ্ধ স্বয়ম্প্রকাশ স্বরূপ সাক্ষাৎকার করিয়া বিদ্বান্ অধিকারী, অবিদ্যাও তৎকার্য্য বর্গ হইতে বিমুক্ত হয়। ইহা দ্বারা বুঝিতে পারা যাইতেছে যে, মনোলয় ব্যতিরেকে আর ব্রহ্মসাৎকারের উপায় নাই ; সুতরাং মনোলয়াভ্যাস অবশ্য কর্ত্তব্য ॥ ১৫ ॥

সেইরূপ অভ্যাস দ্বারা মনোলয়। সুসম্পন্ন হইলে, দীক্ষা সন্তোষ পান করিবে। দীক্ষার সন্তোষ হইতেছে ব্রহ্ম স্পর্শ সুখ ; তাহার পান উপভোগ,

দ্বাদশাদিত্যাবলোকনম্ ॥ ১৭ ॥

বিবেকরক্ষা ॥ ১৮ ॥

"যা দুস্ত্যজা দুর্ম্মতিভির্যা ন জীর্য্যতি জীর্য্যতাম্।
তাং কৃষ্ণাং সন্ত্যজন্ প্রাজ্ঞঃ সুখেনৈবাভিপূর্য্যতে ॥" ইতি।
"যচ্চ কামসুখং লোকে যচ্চ দিব্যং মহৎ সুখম্।
তৃষ্ণাক্ষয় সুখস্যৈতে নার্হতঃ ষোড়শীং কলাম্ ॥" ইতি।

এতেন ব্রহ্মাত্মৈকত্বরতিঃ কর্ত্তব্যেত্যুক্তম্ ॥ ১৬ ॥

দ্বাদশানামাদিত্যানাং সমাহারঃ দ্বাদশাদিত্যং বর্ষম্। বিজ্ঞায়তে চ শতপথে দ্বাদশমাসানামধিপতয়ো দ্বাদশসংখ্যকা ভবন্তীতি। তস্যাবলোকনং দর্শনং দীক্ষাসন্তোষ পানেন কর্ত্তব্যম্। এতেন নৈরন্তর্য্যমুপাদিষ্টং বেদিতব্যম্ ॥ ১৭ ॥

ততোঽপি বিবেকস্য বিবেচনস্য বর্ষঃ ব্যাপ্যাচরিত্যস্য জ্ঞানস্য রক্ষা বিরোধিপ্রত্যয়তিরস্কারেণ কর্ত্তব্যা। "ব্রহ্মৈবাঽহমস্মীত্যনবরতং ব্রহ্মপ্রণবানুসন্ধানেন যঃ কৃতকৃত্যো ভবতী"তি ॥ ১৮ ॥

অর্থাৎ ব্রহ্মানন্দে মিলিয়া যাইবে। কথিত হইয়াছে;—দুর্ম্মতি দিগের পক্ষে যাহা দুস্ত্যজ, নিজে জরাজীর্ণ হইলেও যাহা জরাজীর্ণ হয় না; সেই তৃষ্ণাকে প্রাজ্ঞব্যক্তি সম্যক্‌রূপে ত্যাগ করিয়া সর্ব্বতোভাবে সুখে পূর্ণ হয়। লোকে যাহা মহৎ সুখ্য, যে সকল সুখ ও তৃষ্ণাক্ষয় সুখের ষোল কলার এক কলাও নহে। ইহাদ্বারা বলা হইল ব্রহ্মাত্মৈকত্ব জ্ঞানেরই রমণ করা কর্ত্তব্য ॥ ১৬ ॥

দ্বাদশটি আদিত্যের যথায় সমাহার হইয়াছে, দ্বাদশাদিত্য শব্দে বর্ষ। শতপথ ব্রাহ্মণে দেখিতে পাওয়া যায়, দ্বাদশমাসের দ্বাদশনামক দ্বাদশটি সূর্য্য অধিপতি আছে বলিয়া কীর্ত্তন করা হইয়াছে। দীক্ষাসন্তোষপান করিবার সঙ্গে সঙ্গে সেই দ্বাদশটি আদিত্যের অবলোকন করিবে। ইহাদ্বারা দীক্ষাসন্তোষ পান নিরন্তর ভাবে করিতে হইবে, অন্যথা দৃঢ়ভূমি হইবে না, ইহা একটু মনোঽভিনিবেশসহকারে চিন্তয়িতব্য ॥ ১৭ ॥

একবর্ষ মাত্র অবলোকন করিলেই ইষ্টসিদ্ধি হইবে না; তারপরও বিবেক রক্ষা করিতে হইবে। যদ্দ্বারা এই সংসার ভাব আত্মা হইতে বিবিক্ত হইয়াছে, সেই বর্ষব্যাপিয়া আচরিত বিবেচন জ্ঞানের ও আত্মজ্ঞানের রক্ষণ করিতে হইবে,

করুণৈব কেলিঃ ১৯ ॥

আনন্দমালা ॥ ২০ ॥

একান্ত (একাসন) গুহায়া মুক্তাসনসম্বগোষ্ঠী ॥ ২১ ॥

যোঽপ্যস্য কাদাচিৎকঃ কেলিঃ কর্ত্তব্যঃ করুণৈব পরদুঃখ প্রহানেচ্ছা সফলা কর্ত্তব্যা ॥ ১৯ ॥

তত্রাপ্যানন্দমালা সন্ধার্য্যা। ন তু গর্ব্বাদিঃ, পুনরনিষ্টপাতপ্রসঙ্গাৎ ॥ ২০ ॥

একএব অন্তঃশেষো যত্র, সা একান্তা, সাচাসৌ গুহা চেতি একান্তগুহা বিশুদ্ধা চিতিঃ ; তস্যাশ্চ মুক্তং ত্যক্তং আসনং ক্ষেপো, যস্য সুখস্য, তৎ মুক্তাসনং সুখং বিক্ষেপরহিতস্য চ সুখস্য গোষ্ঠী প্রবর্ত্তয়িতব্যা। গোষ্ঠী সংলাপঃ। তথাচ কশ্চি-

---

বিরোধি জ্ঞানের নিবৃত্তি করিয়া কেবল ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানের প্রশান্ত প্রবাহ চালাইয়া যাইতে হইবে। পরমহংস পরিব্রাজকোপনিষদে উক্ত হইয়াছে ; যে ব্রহ্ম প্রণবের অনুসন্ধান দ্বারা ব্রহ্মই আমি হইতেছি, ইত্যাকার জ্ঞান অনবরত পোষণ করে, সে কৃতকৃত্য হয়, মুক্ত হয় ॥ ১৮ ॥

মনের প্রসন্নভাব রক্ষার্থ মধ্যে মধ্যে পরিকর্ম্ম নামক ক্রিয়ার আশ্রয়ও গ্রহণ করিতে পারে। যদিও কখন তাদৃশ কেলি কর্ত্তব্য হয়, তবে কখনও করুণা কেলি করিবে। করুণাতিরিক্ত অন্যবিধ কেলির আশ্রয় গ্রহণ করিবে না ; কারণ, তদ্দ্বারা তাহাদের জ্ঞানের নৈরন্তর্য্যভাব নষ্ট হইতে পারে। করুণা শব্দে পরদুঃখ দূর করিবার ইচ্ছা। তাহা কখন কখন সকলকে করিবে। দুঃখিত জনকে আশীর্ব্বাদ করিয়া তাহার দুঃখনিবৃত্তি করিয়া দিবে ॥ ১৯ ॥

যখন এরূপ করিবে, তখনও আনন্দ মালার জপ করিয়া আনন্দ স্বরূপ সন্ধান রাখিয়াই করুণা করিবে। তাহাতে পাছে গর্ব্বাদি আসিয়া আক্রমণ করে, তাহাদ্বারা আবার অনিষ্টপাত হইবার আশঙ্কা আছে ; সুতরাং আনন্দ মালার সন্ধান রাখিবে ॥ ২০ ॥

একই যেখানে আদিও শেষ, সে একান্ত। একান্ত শব্দে "একমেবাদ্বিতয়ম্।" সেই একান্ত যে গুহা, যে একান্তগুহা। তাহার বিশুদ্ধা চিতি। মুক্ত হইয়াছে আসন বিক্ষেপ যাহার, সে মুক্তাসন, অর্থাৎ ত্যক্ত বিক্ষেপ। মুক্তাসন তে সুখ, সে মুক্তাসন সুখ ; তাহার গোষ্ঠী সমাজ সংলাপ (ভাল থাকা মন্দথাকার কথা

অকল্পিতভিক্ষাশী ॥ ২২ ॥

হংসাচারঃ ॥ ২৩ ॥

সর্ব্বভূতান্তর্ব্বর্ত্তী হংস ইতি প্রতিপাদনম্ ॥ ২৪ ॥

ধ্বয়মানো আনন্দমালাঃ সন্দধ্যাৎ, ব্রহ্মণশ্চ স্থিরসুখঃ সংলাপোঽপি প্রবর্ত্তয়িতব্যঃ স্যাৎ ॥ ২১ ॥

কল্পিতাং ভিক্ষাং নাশাসেত, অকল্পিত ভিক্ষাশীস্যাৎ। অকল্পিতাং ভিক্ষা মশ্নীয়াদিতি ॥ ২২ ॥

নিত্যানিত্যয়োঃ সুখদুঃখয়োর্জড়াজড়য়োশ্চ হংসাচারঃ স্যাৎ, ত্যাজ্যং পরিত্যাজ্যাদেয়মাদদ্যাৎ। স যথা ক্ষীরমম্বুমিশ্রম্ ॥ ২৩ ॥

নাস্য তেনাব্যাপকত্বং; কস্মাৎ? সর্ব্বভূতান্তর্ব্বর্ত্তী হংস ইতি প্রতিপাদয়েৎ। অহং স ইতি হংসি গচ্ছামি সর্ব্বং, তেন হংসোঽস্মি সর্ব্বভূতান্তর্ব্বর্ত্তী। তথৈব দত্রা-

---

বার্ত্তা) প্রবর্ত্তিত করিবে। অর্থাৎ বিশুদ্ধা চিতির সহিত বিক্ষেপরহিত সুখের কথা বার্ত্তা বলিবে। পূর্ব্বসূত্রে আনন্দমালা ধারণের কথা বলা হইয়াছে। তদ্দ্বারা বিচ্ছিন্নভাবে আনন্দ মালার ধারণ কথাও সিদ্ধান্ত হইতে পারে; কিন্তু তাহা এই সূত্র দ্বারা নিবর্ত্তিত হইতেছে। তাহা হইলে এই হইতেছে যে, কাহাকেও দয়া করিয়া যে আনন্দ মালা ধারণ করাইবে, তাহা বিচ্ছিন্ন ভাবে নহে; কিন্তু পরব্রহ্মের স্থিরসুখ প্রবর্ত্তিত করিবে। নিরবচ্ছিন্ন ব্রহ্মানন্দ ভোগই করিবে ॥২১॥

কল্পিত ভিক্ষার আশা করিবে না, অকল্পিত ভাবে ভিক্ষাশী হইবে। যে ভিক্ষা কল্পিত হয় নাই,—আমি এই ভিক্ষা করিতেছি বলিয়া যে ভিক্ষা নিজের কল্পিত নহে, সেই ভিক্ষা লব্ধ বস্তু আহার করিবে। ইহা দ্বারা ভিক্ষার্থ প্রবৃত্তি করণের ও নিষেধ হইল বুঝিতে হইবে। কোন কোন শাখায় ভিক্ষা বিষয়ে যে নিয়ম করা হইয়াছে, তাহাও ব্যবর্ত্তিত হইল ॥ ২২ ॥

হংস যেমন জলমিশ্রিত দুগ্ধ হইতে জল পরিত্যাগ করিয়া দুগ্ধ মাত্র পান করে সেইরূপ নিত্যানিত্য দুঃখসুখ, ও জড়াজড় বর্গের মধ্য হইতে নিত্য সুখ চৈতন্য মাত্রই গ্রহণ করিবে। দুঃখবহুল অনিত্যজড়বর্গের পরিত্যাগ করিবে ॥২৩॥

তদ্দ্বারা সে অব্যাপকরূপে অবস্থিত হইবে না; কেন? না, হংস সর্ব্বভূতান্ত-

ম্নাতং হংসোপনিষদি ;—"হংস হংসেতি সদায়ং সর্ব্বেষু দেহেষু ব্যাপ্তো বর্ত্ততে। যথা হ্যগ্নিঃ কাষ্ঠেষু, তিলেষু তৈলমিব তং বিদিত্বা ন মৃত্যুমেতি। গুদমবষ্টভ্যাঽঽধারাদ্বায়ু মুত্থাপ্য স্বাধিষ্ঠানং ত্রিঃ প্রদক্ষিণীকৃত্য মণিপূরকং গত্বাঽনাহতমতিক্রম্য বিশুদ্ধৌ প্রাণান্ নিরুধ্যাঽঽজ্ঞামনুধ্যায়ন্ ব্রহ্মরন্ধ্রংধ্যায়ন্ ত্রিমাত্রোঽহমিত্যেবং সর্ব্বদাধ্যায়ন্নথগুদমাধারাদ্ব্রহ্মরন্ধ্র পর্য্যন্তং শুদ্ধ স্ফটিক সঙ্কাশঃ সবৈ ব্রহ্ম পরমাত্মে-

---

বর্ত্তী, ইহা প্রতিপাদিত করিবে ; সেই আমিই সর্ব্বভূতের মধ্যে বিচরণ করিতেছি তদ্দ্বারা আমি হংস হইতেছি। আমিই ত সর্ব্বভূতান্তর্ব্বর্ত্তী। হংসোপনিষদে সেইরূপই উক্ত হইয়াছে। যথা,—এই বুদ্ধি প্রাণোপাধিক জীবই সমস্ত স্থাপর ও জঙ্গম শরীরে আকাশের ন্যায় ব্যাপিয়া হংস হংস এই দ্ব্যক্ষর মন্ত্র জপ করিতে করিতে সর্ব্বদাই বর্ত্তমান রহিয়াছে। যেমন সমস্ত কাষ্ঠেই অগ্নি ব্যাপিয়া রহিয়াছে, যেমন তিলে তৈল ব্যাপিয়া রহিয়াছে,সেইরূপ জীবও সমস্ত দেহকে ব্যাপিয়া সর্ব্বদা বর্ত্তমান রহিয়াছে সেই প্রাণ বুদ্ধিও দেহের অতীত এবং সর্ব্বদেহব্যাপ্ত হংসকে সাক্ষাৎ করিয়া মরণের কারণ সংসার প্রাপ্ত হয় না। এখন সেই হংসের প্রতিপত্তির জন্য যোগ বিশেষ বলা যাইতেছে; কারণ,পরমহংস পরিব্রাজক অন্যকে দয়া করিতে যাইয়া যদি পদচ্যুত হয়, তবে পুনশ্চ তাহাকে ক্রমানুসারে প্রতিষ্ঠাতব্য স্থানে যাইয়া প্রতিষ্ঠিত হইতে হইবে। নিজের পায়ুদ্বয় দ্বারা শিশ্নদ্বার ও পায়ুদ্বারকে নিরুদ্ধ করিয়া গুরুপদিষ্ট উপায়ে পাদাঙ্গুষ্ঠ হইতে বায়ুকে আকর্ষণ করিয়া আধারচক্রে আনিয়া নিরোধ করিতে হইবে। পায়ু ও লিঙ্গ, এতদুভয়ের মধ্যে আধার চক্র অবস্থিত সেই আধারচক্র হইতে শরীরস্থিত সমস্ত বায়ুর স্তম্ভও প্রতিষ্ঠার স্থান। সেটি চতুর্দ্দল ও ছিদ্রাকার। গুরূপদিষ্ট মার্গদ্বারা সেই আধার চক্র হইতে প্রাণবায়ুকে ঊর্দ্ধাভিমুখে উঠাইয়া নাভির সমীপে অবস্থিত চিত্রবর্ণ ষড়্দল চক্রকে তিনবার প্রদক্ষিণ ভাবে ঘুরাইয়া লইয়া, গুরুপদিষ্টমার্গদ্বারা নাভির উপরিদেশস্থ মণিপূরক নামক দশদলচক্রে যাইয়া তথা হইতে গুরূপদিষ্টমার্গের সাহায্যে অনাহত চক্রে যাইবে। তারপর অনাহত নামক হৃদয় পদ্ম সমীপস্থ দ্বাদশদল চক্রকে গুরূপদিষ্ট মার্গদ্বারা অতিক্রম করিয়া,বিশুদ্ধনামক কণ্ঠস্থ চিত্রবর্ণ ষোড়্শদল চক্রে গুরুপদেশানুসারে সুশিক্ষিত প্রণব মাত্রার সহিত আধার চক্র হইতে আগত প্রাণবায়ুর নিরোধ করিবে। তারপর তথা হইতে ভ্রূসন্ধিস্থ দ্বিতল আজ্ঞানামক চক্রের পরে যাইয়া গুরূপদিষ্ট মূর্দ্ধাস্থ চিত্রবর্ণ সহস্রদলচক্রে গমন করিবে সে স্থানে যাইয়া

ধৈর্য্যকন্থা ॥ ২৫ ॥

ত্যুচ্যতে।" ইতি বিক্ষেপে হি ক্রিয়োচ্যতে, নান্যথেতি। তস্মাদ্বিবেক রক্ষা চ ভবত্যীত ॥ ২৪ ॥

ধৈর্য্যমেব কন্থা, সৈব ধার্য্যা ; ন ত্বন্যা। তদুক্তম্,—"তচ্চ ন মুখ্যোঽস্তি। কোঽয়ং মুখ্য ইতি চেদয়ং মুখ্যঃ ন দণ্ডং, ন শিখাং ন যজ্ঞোপবীতং নাচ্ছাদনং চরতি পরমহংসঃ।" ইতি পরমহংসোপনিষদি। তস্মাদ্ধৈর্য্যকন্থা ধার্য্যা ॥ ২৫ ॥

তারপর কপাল পুটদ্বয়ের সন্ধিরূপ সহস্রদল কর্ণিকামধ্যবর্ত্তী গুরূপদিষ্ট সুষুম্নাগ্র রূপ ব্রহ্মরন্ধ্রের ধ্যান করিবে। কিরূপে ধ্যান করিবে? না তিনটি অকার উকার মকারাখ্য বিশ্বতৈজসপ্রাজ্ঞরূপ আত্মসাক্ষাৎ কারের উপায়রূপে পরিমিত হয় মাত্রা যাহার, সেই যে আমি, সেই ওঁকার হইতে অভিন্ন আমি, আমারই ঐ বিশ্বতৈজস প্রাজ্ঞরূপ অকার উকার মকার মাত্রাত্রয়। সেই ত্রিমাত্র আমি, আমি সেই, ইত্যাকার সর্ব্বদাধ্যান করিয়া স্থিরভাবে অবস্থান করিবে এখন ধ্যেয়রূপ বলিতেছেন আধার চক্র হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত নাদাকারে (হং ও স, এই উভয় বর্ণ উচ্চারণ করিয়া চলিতেছে যে আকারে, সেই নাদাকার) পরিব্যাপ্ত। সে নাদ শুদ্ধস্ফটিক সদৃশ অতিস্বচ্ছ ধবল। সেই নাদই দেশকাল বস্তুকৃত পরিচ্ছেদত্রয় রহিত হইয়া ব্রহ্ম স্বরূপ জগজ্জন্ম স্থিতি লয়ের কারণ, সকলের অহংজ্ঞানের দ্রষ্টা পরমাত্মা, ইত্যাকার ধ্যান করিবে। বিদ্বান্‌গণ এইরূপ বলেন। যখন স্বস্থানে অবস্থানার্থ পরমহংস পরিব্রাজকদিগের উপায় গ্রহণ করিতে হইবে, তখন পূর্ব্বোক্ত বিবেক রক্ষাও সেই সঙ্গে অবশ্য কর্ত্তব্য। তাহা হইলে ব্রহ্মাত্মৈকত্ব জ্ঞান নিশ্চল হইয়া আসিবে; এবং পুনশ্চ যথাস্থানে বিরাজ করিতে সমর্থ হইবে ॥ ২৪ ॥

ইত্যাদ্যাকার সময়ে ধৈর্য্যরূপ কন্থার ধারণ করিবে। অন্যপ্রকার কন্থা ধারণ করিবে না। কেবল যে ইত্যাদ্যাকার সময়েই ধৈর্য্যকন্থা ধারণ করিতে হইবে, তাহা নহে; ধৈর্য্যকন্থাই পরম হংসের ধার্য্য, অন্যকন্থা নহে, তাহা পরমহংসোপনিষদে কথিত হইয়াছে। যথা—পূর্ব্বে যাহা যাহা করিবার কথা বলা হইল, তাহা মুখ্য নহে। যদি জিজ্ঞাসা কর কোন্ বিধানটি তার মুখ্য? তাহা হইলে উত্তর করিব, এইবার যাহা বলিব তাহাই মুখ্য। দণ্ডপরিত্যাগ করিবে, শিখা মোচন করিবে, যজ্ঞোপবীত ত্যাগ করিবে; অচ্ছাদন কন্থা ও পরিত্যাগ করিবে। পরম

উদাসীনকৌপীনম্ ॥ ২৬ ॥

বিচারদণ্ডঃ ॥ ২৭ ॥

ব্রহ্মাবলোকযোগপদৃঃ ॥ ২৮ ॥

তথা ঔদাসীন্যমেব কৌপীনম্। উদাসীনমুদাসঃ কৌপীনং, কুৎসিতং লোকলজ্জাকরং মেঢ্রাদিকং পীনং পীবর মাংসং কূপীনং তদাচ্ছাদকং কৌপীনং লোকলজ্জাকর নিবারকং বস্ত্রম্। তচ্চোদাস ভাব এব ॥ ২৬ ॥

তথা তত্ত্বমস্যাদি বাক্যেন যাথার্থ্য নির্ণয়ো ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানং বিচার এব দণ্ডো ধার্য্য স্তেনাবিদ্যাবিলাসৌ তাড়িতৌ ভবতঃ। তদেতদুক্তম্ ॥ ২৭ ॥

তথা যোগপট্টোঽপি ব্রহ্মাবলোক এবাদাতব্যঃ; ন ত্বন্যঃ কশ্চিৎ ॥ ২৮ ॥

হংসের ইহাই মুখ্য। অতএব পরমহংস পরিব্রাজকের পক্ষে ধৈর্য্য কন্থাই ধারণ যোগ্য, তাহাই ধারণ করিবে। তাহার ফলে এই হইবে যে বিবেকরক্ষা অনায়াস সাধ্যব্যাপার হইয়া উঠিবে ॥ ২৫ ॥

সেইরূপ ঔদাসীন্যই কৌপীন করিবে। উদাসীন শব্দে উদাসভাব, তাহাই কৌপীন। কু শব্দের অর্থ কুৎসিত, লোকলজ্জাকর বলিয়া কুৎসিৎ; পীন শব্দে পীবর মাংস মোটা মাংসখণ্ড; সুতরাং লোকলজ্জাকর কুৎসিত স্থূল মাংসখণ্ডকে কূপীন বা মেঢ্রাদি বলে। তাহার আচ্ছাদক কৌপীন লোকলজ্জা নিবারক বস্ত্রবিশেষ। অথবা কূপশব্দে স্ত্রীযোনি কূপ, তদীয়, অর্থাৎ সেই স্ত্রীযোনি কূপের জন্যই যাহা জাত, তাহা কূপীন, তাহার আবরক বস্ত্রবিশেষ কৌপীন। সেই কৌপীন হইতে উদাসভাবই। এমন উদাসভাব পোষণ করিতে হইবে, যাহা হইলে আর মোটেই বাহ্যজ্ঞান থাকিবে না, তদ্দ্বারা পৃথক্ কৌপীন ধারণের আবশ্যক হইবে না; সেই উদাসভাবই কৌপীনের কার্য্য করিবে ॥ ২৬ ॥

সেইরূপ বিচাররূপ দণ্ড ধারণ করিতে হইবে। তদ্দ্বারা অবিদ্যা ও অবিদ্যাজাত সমস্তই বিতাড়িত হইবে। তত্ত্বমস্যাদিবাক্যের সাহায্যে যাথার্থ্য নির্ণয় বা ব্রহ্মাত্মৈকতা নিশ্চয়ই বিচার. এবং তাহাই দণ্ডরূপে ধারণীয়, একথা পূর্ব্বে বলা হইয়াছে ॥ ২৭ ॥

যোগীরা যোগপট্ট ধারণ করিয়া থাকেন; কিন্তু পরমহংস পরিব্রাজকের পক্ষে

শ্রিয়াং পাদুকা ॥ ২৯ ॥

পরেচ্ছাচরণম্ ॥ ৩০ ॥

কুণ্ডলিনীবন্ধঃ ॥ ৩১ ॥

তথা শ্রিয়াং ত্রিবর্গ সম্পদাম্? তথাচ ব্যাড়িঃ;—"লক্ষ্মী সরস্বতী ধাত্রী ত্রিবর্গ সম্পদ্বিভূতি শোভোপকরণবেশ রচনা গুণেষ্বপি শ্রীঃ প্রথিতে"তি। আতান বিতানাভ্যাং নির্ম্মিতা পাদুকাঃপিধার্য্যা; ন ত্বন্যা তথাচ ত্রিবর্গ সম্পদো ধর্ম্মার্থ কামান্ পদে কৃত্বা পাদুকাবদ্ বিবেক রক্ষাং কুর্য্যাৎ ॥ ২৯ ॥

এবং পরস্যাত্মন ইচ্ছায়াশ্চরণমনুষ্ঠানম্; এবমস্যা ব্যক্তাচারো ভবেৎ ॥ ৩০ ॥

এবমপি কুণ্ডলিন্যাঃ পরায়াঃ সম্বন্ধ এব বন্ধোঽনুষ্ঠাতব্যঃ। যত্রৈবমুক্তম্;—

পুর্য্যাং তুরীয় বিশ্বঃ, মধ্যমায়াং তুরীয় তৈজসঃ।
পশ্যন্ত্যাং তুরীয় প্রাজ্ঞঃ, পরায়াং তুরীয়তুরীয়ঃ।" ইতি।

ব্রহ্মসাক্ষাৎকাররূপ যোগপট্ট গ্রহণ করা কর্ত্তব্য, অন্য প্রকার বস্ত্রাদিনির্ম্মিত যোগ পট্ট ধারণ করিবে না ॥ ২৮ ॥

সেইরূপ শ্রীর—ত্রিবর্গ সম্পদের;—মহর্ষি ব্যাড়ি বলিয়াছেন লক্ষ্মী, সরস্বতী ধাত্রী, ত্রিবর্গসম্পৎ, বিভূতি, শোভার উপকরণ, বেশরচনা, ও গুণেতে শ্রীশব্দ প্রসিদ্ধ। অতএব সেই সেই ত্রিবর্গসম্পদের আতানবিতান ভেদে বিরচিত পাদুকাই ধারণীয়; অন্য কোন প্রকার পাদুকা ধারণ করিবে না। তাহা হইলে জৈমিনি কথিত লক্ষণ দ্বারা লক্ষিত কর্ম্মনামক ধর্ম্ম, অর্থ ও কামকে পাদুকার ন্যায় পদে ধারণ করিয়া বিবেক রক্ষা করিবে ॥ ২৯ ॥

এইরূপ পরমাত্মার ইচ্ছার অনুষ্ঠান করিবে। পরের ইচ্ছায়, বা নিজে ইচ্ছায় কিছুই করিবে না। আত্মারাম বা আত্মক্রীড় হইবে। ইহা দ্বারা সাধকের আচার অব্যক্তই হইবে, ব্যক্ত আচার আর থাকিবে না। তদ্দ্বারা পরমহংস আবার স্বস্থানে স্থাপিত হইতে সক্ষম হইবে। অতএব ইহা কর্ত্তব্য ॥ ৩০ ॥

এই সময়েই পরাশব্দের বাচ্য যে কুণ্ডলিনী ব্যক্তি, তাহার সহিত সম্বন্ধই বন্ধ তাহার অনুষ্ঠান করিবে, যাহা করিলে কুণ্ডলিনীর সহিত সম্বন্ধ পরিস্ফুট হয়। ইহা কি করিয়া করিতে হয়, তাহা পরমহংস পরিব্রাজকোপনিষদে উক্ত হইয়াছে "পুরীতে তুরীয় বিশ্ব, মধ্যমায় তুরীয়তৈজস, পশ্যন্তীতে তুরীয় প্রাজ্ঞ, এবং পরা

পরাপবাদমুক্তো জীবন্মুক্তঃ ॥ ৩২ ॥

শিবযোগনিদ্রা চ ॥ ৩৩ ॥

"তুরীয় মাত্রাচতুষ্টয় মর্দ্ধমাত্রাং শম্।" ইতি পরমহংস পরিব্রাজকোপনিষদি ॥ ৩১ ॥

তস্যাশ্চ পরায়া অপবাদেন অপহ্নবেন মুক্তো রহিতঃ সন্ জীবন্মুক্তো ভবতীতি বক্রোক্ত্যা যদাস্য পরালোকেঽচলাকৃতি একত্ব এব চিরায় তিষ্ঠেৎ, তদৈব ভবেদয়ং জীবন্মুক্ত ইতি নাম্না বিখ্যাতঃ ॥ ৩২ ॥

ইয়মেবহি শিবস্য যোগনিদ্রা তামসী মূর্ত্তিশ্চ কথ্যতে, "যাঃ তূষ্ণীবাম্বুজাসনঃ।" ইতি মূর্ত্তিরহস্যে। মহাকালীতি প্রাধানিক রহস্যে। যোগমায়াঽপিকাপি ॥ ৩৩ ॥

তুরীয় তুরীয়। এই তুরীয়মাত্রা চতুষ্টয় অর্দ্ধমাত্রারই অংশ বিশেষ। এটি ব্রহ্মপ্রণবের অংশবিশেষ। নাদের সাহায্যে মাত্রার সাহায্যে এই ব্রহ্মপ্রণবের অনুসন্ধান করিতে হইবে। ইহার চরম অংশ পরাস্থানে সাধিত হয়। তদ্দ্বারা কুণ্ডলী শক্তি জাগ্রৎ হয়, এবং তাহার জাগরণেই সাধকমাত্রে বিষয়দেশে নিদ্রিত হয় এবং ব্রহ্মে জাগরণ করিয়া থাকে। অতএব মহান্ প্রযত্নে ইহা কর্ত্তব্য ॥ ৩১ ॥

সেইরূপ পরানাম্নী শক্তির অপবাদ, বা অপহ্নব 'চিনি না, জানি না, নাই, থাকিতে পারে না' ইত্যাদি আকারে উঠাইয়া দেওয়াই অপবাদ করা; তাহা রহিত হইলেই 'চিনি, জানি, আছে. এইত আমিই' ইত্যাদি আকারে সাক্ষাৎকৃত হইলেই সাধক জীবন্মুক্ত হইল। জীবিত থাকিয়াই মুক্ত হইয়া গেল। এরূপ বক্রোক্তি দ্বারা বলার উদ্দেশ্য এই যে, এই পরার সাক্ষাৎকার যখন নিশ্চয় হয়, এবং অচলাকারে স্থির ও ধীরভাবে চিরকালের জন্য অবস্থান করে, তখনই জীবন্মুক্তি লাভ করা যায়, এবং তখনই সেই সাধক জীবন্মুক্ত, এই নামে বিখ্যাত হয় ॥ ৩২ ॥

এই পরাই শিবের যোগনিদ্রা, বা তামসী মূর্ত্তিশব্দে কথিত হয়। তখন শিব সমস্ত বাহ্য ব্যাপার পরিত্যাগ করিয়া পরমশিবে মিলিত হন। এই যোগনিদ্রার ভঙ্গ হইলে সৃষ্টির আরম্ভ হয়। ব্রহ্মা সৃষ্টির জন্য এই যোগনিদ্রাকে স্তব করিয়াছিলেন, ইহা মূর্ত্তিরহস্যে কথিত হইয়াছে। প্রাধানিক রহস্যে ইহাকে মহাকালী নামে অভিহিত করা হইয়াছে। কোন কোন স্থলে ইহাকে যোগমায়া নামেও

খেচরীমুদ্রা চ ॥ ৩৪ ॥

পরমানন্দী ॥ ৩৫ ॥

ইতি ঋগ্বেদান্তর্গত নির্ব্বাণোপনিষদি প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

ইয়মেবহি খেচরী মুদ্রেতি তান্ত্রিকানামপি বান্ ভবতি। তথোপনিষদা-মপি ॥ ৩৪ ॥

য এবং বেদ, স আনন্দী ভবতি। দ্বিরুক্তিরধ্যায়স্য সমাপ্তয়ে বক্তব্যেতি ॥ ৩৫ ॥

ইতি নির্ব্বাণোপনিষদ্বৃত্তৌ প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

অভিহিত করা হয়। যাহা হউক, এই শিবযোগনিদ্রাই চিরকালের জন্য অবস্থিতি করিলে, জীবের জীবন্মুক্তি নামে পরিকীর্ত্তিত হয় ॥ ৩৩ ॥

ইহাই তান্ত্রিকদিগের খেচরী মুদ্রা। উপনিষদেও ইহাকেই খেচরীমুদ্রা বলিয়া কীর্ত্তন করা হয়; কারণ, এই আকার নিরবচ্ছিন্ন চিদাকাশেই বিচরণ করে ॥ ৩৪ ॥

যে এই এইরূপে প্রত্যক্ষ করে, সে আনন্দময় হইয়া যায়। এই স্থলে দ্বিরুক্তি অধ্যায় সমাপ্ত্যর্থ করা হইয়াছে ॥ ৩৫ ॥

ইতি মাণ্ডুকায়নশাখীয় ঋগ্বেদের নির্ব্বাণোপনিষদের
বৃত্তির বঙ্গানুবাদে প্রথমোঽধ্যায় ॥ ১ ॥

অথ দ্বিতীয়োঽধ্যায়ঃ।

—:☉:—

নির্গতগুণত্রয়ম্ ॥ ১ ॥

পূর্ব্বাধ্যায়ান্তে ফলীভূত আনন্দীভাব উক্তঃ। আনন্দশ্চ বিষয়সংসর্গজো দৃষ্টঃ, সোঽপি গুণত্রয় সম্বন্ধাৎ। যদাহ ;—

প্রথম অধ্যায়ের শেষে আনন্দীভাবকে ফল বলিয়া উপসংহার করা হইয়াছে। লোকে দেখিতে পাওয়া যায়, অভিলষিত বিষয়ের প্রাপ্তি হইলে আনন্দ জন্মিয়া থাকে। আবার ত্রিগুণের সম্বন্ধ থাকিলেই তবে বিষয়ের প্রাপ্তি ঘটে, ইহা বুঝিতে পারা যায়, এবং গীতাশাস্ত্রেও উক্ত হইয়াছে। যথা,—পুরুষ প্রকৃতিতে অবস্থান করিয়া প্রকৃতিজাত গুণসকলের ভোগ করে। এই ভোগের কারণ হইতেছে গুণসঙ্গ বা প্রকৃতি সম্বন্ধ। তাহা হইলে, প্রকৃত আনন্দের লাভ যদি তোমার ফল হয়, তবে বন্ধনের উপর আবার বন্ধন দিবার জন্য কে প্রবর্ত্তিত হইবে? অতএব তুমি যে বলিয়াছ, পরমহংস পরিব্রাজকগণ জীবন্মুক্ত হইয়া দেহপাতানন্তর পরমানন্দময় হয়, তাহা উপপন্ন হয় না, এইরূপ আশঙ্কা করিয়া, প্রথমাধ্যায়ের অন্তে প্রাপ্ত যে আনন্দস্বরূপ তত্ত্ব, তাহা কি প্রকারে গ্রহীতব্য, ইহার ব্যবস্থা করিতেছেন ;—"নির্গতগুণত্রয়মি"তি। নিঃশেষরূপে গত অতীত সর্ব্বদার জন্যই তিনসংখ্যা বিশিষ্ট সত্ত্ব রজঃ ও তমোগুণ যাহা হইতে, সেই নির্গতগুণত্রয়। অর্থাৎ গুণত্রয়ের অত্যন্তাভাব বিশিষ্ট, যদি একথা বল, তবে বলিব অত্যন্তাভাব একটি পদার্থ ; সে পদার্থ অন্যপদার্থে থাকিতে গেলে একটি সম্বন্ধ আবশ্যক। যদিও সে সম্বন্ধটি আধার পদার্থের স্বরূপ, অর্থাৎ অত্যন্তাভাব স্বরূপ সম্বন্ধেই থাকে। তথাপি সেই অভাবকে স্পর্শ করিয়াই থাকে, ইহা স্বীকার করিতে হইবে। তাহাহইলে বলিতে হইবে, গুণত্রয়ের অত্যন্তাভাব একটি পদার্থ, স্বরূপ সম্বন্ধ একটি পদার্থ, এবং তাহাতে অত্যন্তাভাব থাকে, সেই আধারটি একটি পদার্থ ; সাকল্যে পদার্থত্রয় হইতেছে।

"পুরুষঃ প্রকৃতিস্থোহি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্‌গুণান্। কারণং গুণসঙ্গোঽস্য" ইতি। তথাচ প্রাক্তানন্দলাভশ্চেৎ তে ফলং স্যাৎ, কস্তর্হি প্রবর্ত্তেত বন্ধনোপরি বন্ধনদানায়? যদুক্তং পরমহংস পরিব্রাজকা জীবন্মুক্তাঃ সন্তো দেহপাতানন্তরং পরমানন্দী ভবতীতি তন্নোপপদ্যত ইত্যাশঙ্ক্য প্রাপ্তং তদ্ধঃ ব্যবস্থাপয়তি নির্গতগুণত্রয়মিতি। নিঃশেষেণ গতমতীতং সর্ব্বথৈব গুণানাং সত্ত্বরজস্তমসাং ত্রয়ং যস্মাদিতি নির্গতগুণত্রয়ম্। গুণত্রয়াত্যন্তাভাববিশিষ্টমিতিচেৎ, তদপি বৈশিষ্ট্যং গুণত্রয়কার্য্যমিতি তদবস্থাপিতঃ। তস্মাদ্‌গুণত্রয়াত্যন্তাভাবোপলক্ষিত স্বরূপমিতি বক্তব্যম্। উপলক্ষণঞ্চ কার্য্যানন্বয়ি ব্যাবর্ত্তকং বিশেষণমেব। তথাচ নাভাবস্তদ্ব্যাক্, ব্যাবর্ত্তকঞ্চ ভবতি। যশ্চ সংসর্গজঃ প্রোক্তঃ, সোঽপি নোপপদ্যতে, পুত্রস্য পিতরাবুৎ-

---

তন্মধ্যে স্বরূপ সম্বন্ধ ও অত্যন্তাভাব আনন্দ তত্ত্ব হইতে পৃথক্ বস্তু বলিয়া ত্রিগুণেরই কার্য্য বলিয়া স্বীকার করিতে হইবে; সুতরাং গুণত্রয়ের সম্বন্ধ সাক্ষাৎ ভাবে না থাকিলেও গুণত্রয়ের কার্য্যের সাক্ষাৎভাবে সম্বন্ধ নিশ্চয় আছে। অতএব কথিত নির্গতগুণত্রয় শব্দের প্রকৃতার্থ রক্ষিত হয় না। সেই জন্য গুণত্রয়ের অত্যন্ত ভাবকে বিশেষণ বা উপাধি না বলিয়া উপলক্ষণ বলিতে হইবে। এস্থলে জ্ঞাতব্য এই যে বিশেষণ তাহাকে বলে, যে কার্য্যে অন্বিত হয়, অন্যের ব্যাবৃত্তি করে, এবং বর্ত্তমান থাকে। যেমন নীল উৎপলের নীলগুণটি বিশেষণ। দর্শনকালে কেবল উৎপলের দর্শন হয় না; কিন্তু নীলগুণযুক্ত উৎপলেরই দর্শন হয়; সুতরাং কার্য্যে অন্বয় আছে। আবার দর্শনকালে শ্বেত উৎপল দর্শনের ব্যাবৃত্তি করে বলিয়া অন্যের ব্যাবর্ত্তকও হইয়াছে। তদ্ভিন্ন দর্শন কালেও নীলগুণ বর্ত্তমানই থাকে। উপাধি তাহাকে বলে, যে কার্য্যে অন্বিত হয় না, অন্যের ব্যাবৃত্তি করে, এবং বর্ত্তমান থাকে। যেমন কর্ণচ্ছিদ্রের আকাশকে শ্রোত্র বলে। এস্থলে কর্ণচ্ছিদ্র আকাশের সহিত সম্বন্ধ যুক্ত নহে; কিন্তু ঘটচ্ছিদ্রাদিকে ব্যাবর্ত্তিত করিয়া কেবল কর্ণচ্ছিদ্রের আকাশকে শ্রোত্র বলিয়া প্রতিপাদন করে এবং যতদিন শ্রোত্র থাকে, ততদিনই কর্ণছিদ্র বর্ত্তমান থাকে; সুতরাং এস্থলে কর্ণচ্ছিদ্র উপাধি। আর কখনও দেখিতে পাওয়া গিয়াছে, কোনও একটা গৃহে বহুকাক বসিয়া আছে, এবং সে সময় হয়ত পরস্পর বলা বলি করাও হইয়াছে যে, কাক সকলে এই বাড়ীতে বসিয়া সভাসমিতি করিয়া থাকে, তারপর বহুদিন পরে আবার সেই বাটীর কথা তুলিয়া বলা গেল, সেই কাকের সভা যুক্ত বাড়ীতেই দেখা গিয়াছে। এই যে

পাদয়িতুমশক্ততায়া উপলভ্যমানত্বাৎ, "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন।" "আনন্দাৎ খল্বিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি।" "আনন্দং ব্রহ্মেতি ব্যজানাৎ।" ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ,

---

'কাকের সভাযুক্ত বাটী' বলা হইল, এইস্থলে ঐ কাকসভাটী উপলক্ষণ, না বিশেষণ না উপাধি; কারণ, যখন বলা যাইতেছে, তখন তথায় কাকসভা নাই; সুতরাং কার্য্যে অনন্বিত হইয়াছে। 'কাকের সভার বাটী' বলায় অন্যবাটীর ব্যাবৃত্তিও সাধিত হইয়াছে। সুতরাং ব্যাবর্ত্তক হইয়াছে; আবার সেই কাকের সভাবাটীতে অবর্ত্তমানও বটে; সুতরাং ঐ কাকের সভাটি উপলক্ষণ। এখানেও সেইরূপ গুণত্রয়ের অত্যন্তাভাবটি আনন্দ তত্ত্বে অন্বিত নহে; কিন্তু সৃষ্টিমধ্যস্থ গুণসম্বন্ধ আনন্দতত্ত্ব হইতে এই নিরবচ্ছিন্ন আনন্দতত্ত্বের পার্থক্য বুঝাইতেছে এবং ঐ গুণত্রয়ের অত্যন্তাভাব আনন্দতত্ত্বে কদাচিৎ সংঘটিত হইয়াছিল; তখন কিন্তু অবর্ত্তমান; সুতরাং গুণত্রয়ের অত্যন্তাভাবটি আনন্দতত্ত্বের উপলক্ষণ, না বিশেষণ, না উপাধী অতএব আনন্দ তত্ত্ব গুণসম্বন্ধে জন্মায়, এবং গুণসম্বন্ধেই তাহার ভোগ হয়; একথা স্বীকার করিতে পারা যায় না। তার পর বলিয়াছে যে, বিষয়ের সহিত সম্বন্ধ হইলে, তবে আনন্দের উৎপত্তি হয়। আনন্দ গুণত্রয়ের কার্য্য বৃদ্ধি সত্ত্বের পরিণাম বিশেষ। আনন্দ ও সুখ একই কথা। তাহা উপপন্নই হয় না; কারণ, পুত্র কখনও পিতামাতাকে উৎপাদন করিতে পারে না। কেন পারে না? না, তাদৃশ শক্তি কখনই পুত্র পাইতে সক্ষম নহে। সেইরূপ আনন্দ হইতে জাত শব্দ স্পর্শাদিগুণসম্পন্ন আকাশবায়ু আদির ধর্ম্মস্বরূপ শব্দস্পর্শাদি বিষয় আনন্দের উৎপাদন করিতে শক্তি পাইবার অযোগ্য; সুতরাং আনন্দকে উৎপন্ন করিতে পারে না।

আনন্দ হইতেই যে আকাশাদি জন্মে, তাহা শ্রুতি দ্বারা অবগত হওয়া যাইতেছে, ব্রহ্মের আনন্দস্বরূপ জানিয়া আর কোথা হইতেও ভয় পায় না। আনন্দ হইতে এই সকল ভূত জন্মগ্রহণ করে জন্মগ্রহণ করিয়া পালিত হয়, এবং অন্তে আনন্দেই প্রবেশ করে, বা আনন্দেই অভিসম্বিষ্ট হয়। ব্রহ্মকে আনন্দ স্বরূপেই জানিয়াছিল। ইত্যাদি শ্রুতিবাক্যে ব্রহ্মকে আনন্দরূপ বলা হইয়াছে, এবং সেই আনন্দ স্বরূপ হইতেই এই সমস্ত দৃশ্যমান্ পদার্থের উৎপত্তি হইয়াছে, এই কথা কথিত হইয়াছে। দেখিতেও পাওয়া যায়, জীবজগতে স্ত্রী ও পুরুষ পরস্পর

বিষয়গ্রহণে হ্যানন্দাশ্বয়ব্যাতিরেকয়োরনুভব সিদ্ধত্বাচ্চ। তস্মাৎপরমহংসপরিব্রাজকা জীবন্মুক্তাঃ সন্তো দেহপাতমনন্তরং পরমানন্দীভবতীত্যুপপদ্যত এব। কথম্? অবিদ্যোত্থাপিতো হি গুণসম্বন্ধ আত্মজ্ঞানোদয়েন হতহেতুরাত্মানং

প্রেমানন্দে অভিন্ন হইয়াই পুত্রাদির উৎপাদন করে। তারপর ইহাও প্রত্যক্ষ অনুভব দ্বারা সিদ্ধ যে, আনন্দই বিষয়গ্রহণের কারণ। যথায় আনন্দ নাই, তথায় সে বিষয়ের গ্রহণও নাই। যেমন মৃত্যুতে আনন্দ নাই, কেবল ভয়েরই অস্তিত্ব আছে, সুতরাং মৃত্যুকে কেহই গ্রহণ করিতে চাহে না। আবার ইহাও দেখা যায়, যখন সেই মৃত্যুও ইচ্ছা করিয়া গ্রহণ করে, তখন প্রথমেই একটি আনন্দের অনুভব করে, যাহা মৃত্যু যন্ত্রণা অপেক্ষাও সহস্রগুণেই শ্রেষ্ঠ; সেটি কি? না, বিরুদ্ধ তাৎকালিক দুঃখের সম্বন্ধ রহিত নিরবচ্ছিন্ন আনন্দ, বা অসম্বন্ধ আদি আনন্দ সেই নিরবচ্ছিন্ন আনন্দ লাভের জন্যই ইচ্ছা করিয়া মৃত্যুকেও আলিঙ্গন করে। সেই রূপ আনন্দটি বড়ই প্রিয়, কিন্তু আনন্দ প্রকাশের ব্যাঘাতকারী কতকগুলি আবরণ থাকে, সেই আবরণ উন্মোচনের জন্যই বিষয়গ্রহণ করে। বিষয়গ্রহণ করিলে, চিত্তবৃত্তিদ্বারা সেই ব্যাখ্যাতকারী আবরণ উন্মুক্ত হইয়া যায়; সুতরাং মনে হয়, এই বিষয় গ্রহণ করায় আনন্দ উৎপন্ন হইল। প্রকৃত প্রস্তাবে আনন্দ উৎপন্ন হয় না; কিন্তু মেঘরূপ আবরণ দ্বারা যেমন চন্দ্রসূর্য্যাদি সকল আবৃত থাকে, এবং মেঘাবরণ সরিয়া গেলে যে নিত্যোদিত চন্দ্রসূর্য্য, সেই নিত্যোদয় প্রাপ্তই দৃষ্ট হয়, সেইরূপ স্বতঃ সিদ্ধ আনন্দ অবিদ্যাবিজৃম্ভিত বিষয়ের ব্যবধানে পড়ায় আপাততঃ মনে হয় যেন আনন্দ নাই; কিন্তু যখন বৃত্তি জন্মিয়া সেই বৃত্তি প্রতিফলিত চৈতন্যালোকে সেই আবিদিক বিষয়ের ব্যবধান তিরোহিত হয়, তখন মনে হয় যেন আনন্দ উৎপন্ন হইল; কিন্তু তাহা নহে, নিত্যসিদ্ধ আনন্দই স্বরূপতঃ আবরণমুক্ত হইল মাত্র। ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, আনন্দের উৎপত্তি নাই, আবরণের তিরোধান হইলে যে উৎপত্তি বোধ হয়, তাহা ভ্রম মাত্র। এই নিত্যসিদ্ধ আনন্দের কণামাত্র লাভ করিবার জন্য—আনন্দের আবরণ উন্মোচন করিবার জন্যই বিষয় গ্রহণ করার আবশ্যক হয়। আনন্দ পদার্থের জ্ঞান থাকিলে তবে বিষয়ের গ্রহণ করা হয়, আনন্দ পদার্থের জ্ঞান না থাকিলে বিষয়ের গ্রহণ করা হয় না। অবশ্য যাহার জ্ঞান হইবে, সে পদার্থটি বর্ত্তমান থাকা প্রয়োজন হয়; সুতরাং বিষয়গ্রহণের পূর্ব্বে আনন্দ থাকা আবশ্যক; এবং সেই আনন্দের

বিবেকলভ্যম্ ॥ ২ ॥

হস্তীতি যথাপূর্ব্বমানন্দস্বরূপং ব্রহ্মৈবাবশিষ্যত ইতি নির্গতগুণত্রয়মানন্দতত্ত্বং সিদ্ধতীতি ॥ ১ ॥

তথাবিধং হি স্বরূপমস্য বিবেকেন গুণাগুণয়োর্লভ্যম্। স্বগ্রীবাস্থগ্রৈবেয়কবদ্ ভ্রমাদপ্রাপ্তমিবাসীৎ, প্রাপ্তমিব ভবতি। তস্মিন্নেব কলত্বোপচারঃ সম্ভবতি, দৃষ্টবৎ। অমুখ্যমপি তৎপ্রতি মুখ্যঞ্চ ॥ ২ ॥

জ্ঞান থাকাও প্রয়োজন; তবেই বিষয়ের গ্রহণ হইতে পারে। ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, বিষয় আনন্দকে উৎপন্ন করে না, বা বিষয়ের সম্বন্ধও আনন্দকে উৎপন্ন করে না; কিন্তু নিত্যসিদ্ধ আনন্দের স্বরূপ লাভার্থে বিষয়ের, বা বিষয় সম্বন্ধের গ্রহণ করা হয়। সেইরূপ নিত্যসিদ্ধ আনন্দের স্বরূপ লাভার্থ আত্ম জ্ঞানের গ্রহণ করা হয়, তদ্দ্বারা সেই নিত্যসিদ্ধ আনন্দ তত্ত্বের আবরণ অবিদ্যারও তৎকার্য্য বর্গের নিবৃত্তি সাধিত হইলে নিত্যসিদ্ধ আনন্দ তত্ত্ব চিরপ্রকাশরূপে অবস্থিতি হয়; সুতরাং পরমহংসপরিব্রাজক জীবন্মুক্ত হইয়া দেহ পাত কালেই পরমানন্দ স্বরূপ হইয়া যায়। তখন পরমানন্দ স্বরূপ ব্রহ্মই অবশিষ্ট থাকেন, অন্য আর কিছু থাকে না। অতএব আনন্দতত্ত্ব নির্গত গুণত্রয়রূপে সিদ্ধ হইতেছে ॥ ১ ॥

ইহাই হইতেছে পরমহংসপরিব্রাজকের স্বরূপ। সংস্কারের সহিত সকার্য্য-গুণত্রয়ের ও গুণাতীত আনন্দতত্ত্বের পরস্পর পার্থক্য সাক্ষাৎকার হইলে যে জীব-ব্রহ্মের অভেদাত্মক জ্ঞান সমুদিত হয়, তদ্দ্বারা এই আনন্দতত্ত্বের স্বরূপতঃ লাভ হইয়া থাকে। যদিও এই আনন্দস্বরূপ জীবের নিত্যসিদ্ধ, তথাপি অজ্ঞানদ্বারা যেমন নিজের গ্রীবাস্থ গ্রৈবেয়ক অলঙ্কার হারাইয়াছি বলিয়া যেন অপ্রাপ্ত হইয়াছে বোধ হয়, সেইরূপ আত্মস্বরূপ অজ্ঞাত থাকায় সেই আনন্দতত্ত্ব যেন অপ্রাপ্তই বোধ হয়; কিন্তু আবার জ্ঞান হইলে যেমন বোধ হয় হাঁ গ্রৈবেয়ক প্রাপ্ত হইয়াছি; সেইরূপ আত্মজ্ঞান হইলেও আনন্দস্বরূপ প্রাপ্ত হইয়াছি বলিয়া বোধ হয়। এইরূপে সেই আনন্দলাভকে ফল বলিয়া উপচার করা হয়। প্রকৃতপক্ষে আনন্দস্বরূপ নিত্যপ্রাপ্ত, তাহার আবার লাভ কি? তথাপি দেখা যায়, গ্রৈবেয়ক গলায় থাকিলেও ভ্রমক্রমে অপ্রাপ্তের ন্যায় হইয়াছিল; পুরুষান্তরের উপদেশের

মনোবাগগোচরম্ ॥ ৩ ॥

কস্মাদিত্যাহ,—'মনোবাগগোচরমি'তি। যদিদং দৃশ্যমান মতীতমনাগতং সচ্চ ত্যৎ সর্ব্বং মনসা বাচাচ গোচরী কর্ত্তুং শক্যং বিষয়ত্যাদিকঞ্চাশব্দতত্ত্বং তন্ন ভবতীতি মনোবাগগোচরম্,—"যন্মনসান মনুতে যেনাহুর্মনো মতম্।" ইতি "যতোবাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।" ইত্যাদি বাক্যেভ্যঃ। সংস্কৃতমনসো বচসশ্চো-

---

পর বোধ হয় পাইয়াছি। এখানে তেমন গ্রৈবেয়ক প্রাপ্ত থাকিলেও ভ্রমনিবৃত্তির পর গ্রৈবেয়ক ফলেরন্যায় বোধ হয়, এবং বলাও যায় 'বলিলেন বলিয়া হঠাৎ পাইলাম; নতুবা কতই ঘুরিতে হইত; সেইরূপ আত্মবিষয়ক অজ্ঞাননিবৃত্তি হইলে যে প্রাপ্তি হয়, সেই প্রাপ্তি ফলের ন্যায়; প্রকৃতপক্ষে তাহা ফল হইতে পারে না। এই যে প্রাপ্তি, ইহা প্রকৃতপক্ষে প্রাপ্তি নহে; কারণ, অসম্বন্ধ বস্তুর সম্বন্ধকে প্রাপ্তি বলে। এখানে যখন আনন্দতত্ত্ব জীবের স্বরূপ, তখন ত তাহা নিত্যসিদ্ধ স্বরূপ; সুতরাং তাহার সহিত আবার নূতন করিয়া সম্বন্ধ কি? তথাপি যাহার হঠাৎ অজ্ঞান নিবৃত্তি হওয়ায় অদৃষ্টপূর্ব্ব আনন্দস্বরূপ দৃষ্ট হয়, তাহার পক্ষে সেটি তখনই প্রাপ্তস্বরূপ; এইজন্য তাহার পক্ষে ঐ আনন্দতত্ত্ব মুখ্যফলই বটে। তবে শাস্ত্রীয় বিচার দ্বারা এই আনন্দতত্ত্বলাভ মুখ্যফল হয় না, বা হইতে পারে না ॥ ২ ॥

ত্রিগুণ ও নির্গুণের পরস্পর পার্থক্য জ্ঞান দ্বারা এই আনন্দতত্ত্ব লাভ করিতে পারা যায় বলা হইল। কেন এরূপ বলা হইল? উত্তর করিতেছেন;—'মনোবাগগোচরম্" ইতি। যাহা কিছু এই সকল পরিদৃশ্যমান অতীত, অনাগত, এবং বর্ত্তমান পদার্থজাত, এসকলই মনঃ ও বাক্যদ্বারা গ্রহণ করিতে ও বলিতে পারা যায়; কারণ, এ সমস্তই বিষয়, ইহারা নিজ নিজ রূপদ্বারা জ্ঞানকে নিরূপিত করিয়া থাকে; কিন্তু এই আনন্দতত্ত্ব তাদৃশ নহে, নিজরূপ দ্বারা জ্ঞানকে নিরূপিত করে না। এইজন্য মনের ও বাক্যের গোচর নহে, অগোচর। শ্রুতি বলিয়াছেন;—মনঃ যাহার মনন করিতে পারে না; পূর্ব্বাচার্য্যগণ বলিয়া থাকেন, যিনি মনেরও মনন করিয়া থাকেন, তুমি তাঁহাকেই আত্মা বলিয়া জানিও। বাক্য সকল মনের সহিত যাঁহাকে না পাইয়া নিবর্ত্তিত হয়। ইত্যাদি। ইহা দ্বারা আত্মার আনন্দস্বরূপকে অবাঙ্মনসগোচর বলা হইল বটে; কিন্তু যদি এই

পনিষদাং বিষয়স্ত ভবেৎ,—"দৃশ্যতে ত্বগ্রয়াবুদ্ধ্যা সূক্ষ্ময়া সূক্ষ্মদর্শিভিঃ।" ইতি। "সর্ব্বে বেদা যৎপদমামনন্তি" ইতি, "তন্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামী"ত্যেবমাদি-বাক্যেভ্যশ্চ বাঙ্‌মনসবিষয়ভেদোপলক্ষিতং তৎস্বরূপং ত্বমসীতি ভেদপ্রত্যস্বরূপ-ত্বেনাম্নাতত্বাদজ্ঞান প্রত্যুপস্থাপিত ভেদ প্রত্যস্তময়োত্তরং ফলমিব ভবতীনি ॥ ৩ ॥

আনন্দতত্ত্ব কোনরূপেই মনের ও বাক্যের গোচর নাই হয়, তবে কিরূপে এই আনন্দতত্ত্বের লাভ সম্পাদিত হইবে? অতএব সর্ব্বথা মন ও বাক্যের অগোচর বলা যাইতে পারে না; কিন্তু—সাধারণতঃ বিষয়জাত যেমন মন ও বাক্যের গোচর, আনন্দতত্ত্ব সেরূপ সাধারণভাবে মন ও বাক্যের গোচর নহে। কেন গোচর নহে? না, এই সকল বিষয়ের প্রত্যেক পরিনিষ্ঠ একএকটী এমনরূপ আছে, যদ্দ্বারা তাহারা সাধারণভাবে বিষয় হয়। যেমন শ্রোত্রেন্দ্রিয় শব্দগ্রাহী বলিয়া শব্দগুণসম্পন্ন আকাশ শ্রোত্রেন্দ্রিয়ের সাহায্যে মনে যাইয়া উপস্থিত হয়; ত্বগেন্দ্রিয় স্পর্শগুণগ্রাহী স্পর্শগুণসম্পন্ন বায়ু ত্বগেন্দ্রিয়ের সাহায্যে মনে যাইয়া উপস্থিত হয়, চক্ষুরিন্দ্রিয় রূপগুণগ্রাহী বলিয়া রূপগুণসম্পন্ন তেজঃ চক্ষুরিন্দ্রিয়ের সাহায্যে মনে যাইয়া উপস্থিত হয়; ঘ্রানেন্দ্রিয় গন্ধগুণগ্রাহী বলিয়া গন্ধগুণসম্পন্ন ক্ষিতি ঘ্রাণেন্দ্রিয়ের সাহায্যে মনে যাইয়া উপস্থিত হয়, এবং রসনেন্দ্রিয় রসগুণগ্রাহী বলিয়া রসগুণসম্পন্ন জল রসনেন্দ্রিয়ের সাহায্যে মনে যাইয়া উপস্থিত হয়। বাক্য সকলও সাক্ষাৎ ও পরম্পরা সম্বন্ধে সকল প্রকার বিষয়ের নাম গ্রহণ করিয়া বলিতে পারে; কিন্তু আনন্দতত্ত্বে তাদৃশ কোন গুণই নাই। শ্রুতি বলেন;—অশব্দ, অস্পর্শ, অরূপ, অব্যয়, অরস, নিত্য ও অগন্ধ হইতেছে আত্মার স্বরূপ; সুতরাং কোন ইন্দ্রিয়ই আত্মাকে গ্রহণ করিতে পারে না। কোন ইন্দ্রিয়ই আত্মাকে গ্রহণ করিতে পারে না বলিয়া অনুমান করাও চলে না। আবার কোন প্রকার গুণ না থাকায় বাক্যপ্রমাণ দ্বারাও আত্মাকে গ্রহণ করিতে পারা যায় না; সুতরাং আত্মতত্ত্ব, বা আনন্দতত্ত্ব বাক্য ও মনের অগোচর। যদিও সাধারণভাবে এই আনন্দতত্ত্ব অবাঙ্মনসগোচর, তথাপি বিশেষভাবে অবাঙ্মনসগোচর নহে; কারণ, শ্রুতিই আবার বলিয়াছেন, শ্রবণ মনন ও নিধিধ্যাসনাদি দ্বারা মনের সূক্ষ্মদর্শন শক্তির উৎপাদন করিয়া সেই পবিত্র সূক্ষ্মমনের সাহায্যে সূক্ষ্মদর্শী ঋষিরা দেখিয়া থাকেন। সকল বেদ যে পদের আমনন করিয়া থাকে। সেই উপনিষদমাত্র-বেদ্য পুরুষকে আমি জিজ্ঞাসা করিতেছি। ইত্যাদি বাক্যদ্বারা বলা হইয়াছে,

অনিত্যংজগজ্জনিতংস্বপ্নজগদভ্রগজাদিতুল্যম্ ॥ ৪ ॥

তদেতদুচ্যমানমনিত্যং জগৎ যাবদ্দর্শনমুপলভ্যমান স্বরূপং স্বকীয়য়াঽচিন্ত্যশক্ত্যা বৈষ্ণব্যা ত্রিগুণয়া মায়য়া জনিতং যেন মায়াবিনা নিত্যশুদ্ধবুদ্ধমুক্ত স্বভাবেন সর্ব্বজ্ঞেন স্বপ্নজগদিব মিথ্যাভূতং অভ্রগজাদি তুল্যঞ্চ, তথাহি শ্রূয়তে;—যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তৎ ব্রহ্ম, তদ্বিজিজ্ঞাসস্ব।" ইতি।

সংস্কৃত মনঃ, ও উপনিষদ্ বাক্যরাজির বিষয় সেই আনন্দতত্ত্ব। অতএব সেই সংস্কৃতমনের সাহায্যে তত্ত্বমস্যাদি মহাবাক্য সকলের পর্য্যালোচনা করিতে থাকিলে জীবব্রহ্মের একত্ব পরিস্ফুটভাবে সাক্ষাৎকৃত হয়। তদ্দ্বারা অজ্ঞান ও সেই অজ্ঞান দ্বারা প্রত্যুপস্থাপিত যাবতীয় ভেদ সূর্য্যোদয়ে প্রাভাতিক নীহারের ন্যায় বিলীন হইয়া গেলে, সেই আনন্দতত্ত্ব যেন পাইলাম বলিয়া বোধ হয়। তখন সাধক স্বয়ং প্রকাশরূপে আনন্দ-মহাসমুদ্ররূপ কেবল রূপে পর্য্যবসিত হয় ॥ ৩ ॥

এই যে জগৎকে বিষয় বলিয়া কীর্ত্তন করা হইল; এই জগৎ ঐ আত্মস্বরূপ আনন্দতত্ত্ব হইতে ভিন্ন। আনন্দ তত্ত্ব নিত্যসিদ্ধ নিত্যপদার্থ, ইহা নিত্যই অসিদ্ধ অনিত্য পদার্থ। অনিত্য বলিয়াই জগৎ প্রতিজ্ঞানে আসিতেছে আবার জ্ঞানান্তে কোথায় চলিয়া যাইতেছে। অতএব যতক্ষণ দেখিতে ও জানিতে পারা যায়, ততক্ষণই ইহার স্বরূপ উপলব্ধিতে থাকে, অন্য সময়ে আর থাকে না। যেমন স্বপ্নকালে অসংখ্য রথ, রথী, অশ্ব, পথাদি জ্ঞানে ভাসমান হয়; আবার স্বপ্ন দোষ দূর হইলে সেই অসংখ্য রথ, রথী, অশ্ব, পথাদি কোথায় চলিয়া যায়, তাহার কিছুই স্থিরতা নাই, সেইরূপ যতদিন অজ্ঞান দোষ বিদ্যমান থাকে ততদিনই এই গৃহ, পশু, পুত্র, কলত্রাদি নানা পদার্থের প্রতিভাস হইতে থাকে; আবার সেই অজ্ঞান দোষ নিবর্ত্তিত হইলে, এই গৃহ, পশু, পুত্র, কলত্রাদি নানা পদার্থ কোথায় ভাসিয়া যায়, তাহার কিছুই স্থিরতা নাই। এই যে পরিদৃশ্যমান জগৎ ইহার উৎপত্তি হইয়াছে কোন মায়াবীর মায়া বলে। সেই নিত্যশুদ্ধবুদ্ধ মুক্ত স্বভাব সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি সমন্বিত সেই মায়াবী স্বকীয় ত্রিগুণময়ী অচিন্ত্যশক্তি বৈষ্ণবী মায়ার সাহায্যে সেই স্বপ্নজগতের ন্যায় এই পরিদৃশ্যমান জগতের, এবং অভ্রাদির ন্যায় দেহেন্দ্রিয়াদি সঙ্ঘাতের মিথ্যা ভূত এই বিশ্ব প্রপঞ্চের জন্মদিয়াছেন।

অস্তচ সামান্যমাত্রেণোপসংহারান্নির্ণায়িকাং বাচমাহ—"আনন্দাদেব খল্বিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি, আনন্দং ব্রহ্ম।" ইতি।

সেই অচিন্ত্যশক্তি মায়াই পরমেশ্বরকে এই বিশ্ব প্রপঞ্চাকারে বিবর্ত্তিত করিতেছেন তিনি স্বয়ং মায়া দ্বারা এই প্রকারে বিবর্ত্তিত হইতেছেন। শ্রুতিতে উক্ত হইয়াছে,—যাহা হইতে এই ভূতসকল জন্মিতেছে, জন্মিয়া যাঁহার অনুগ্রহে জীবিত আছে, এবং যাহাতে প্রয়াণ করে অভিসম্বেশ করে, সেই ব্রহ্ম; জিজ্ঞাসা তাঁহারই কর।

এই বাক্যার্থ দ্বারা কোন কিছু স্থির করা যায় না; কারণ, ইহার দ্বারা সামান্যতঃ কর্ত্তার অনুমান হয় মাত্র। এই জন্য এই ব্রহ্ম প্রকৃত, কাল, ইত্যাদি যে কোনও পদার্থ হইতে পারে। তন্মধ্যে প্রকৃত কালাদি পদার্থের ব্যতিরেক করিয়া আত্মস্বরূপ ব্রহ্মেরই জগৎকর্তৃত্ব ব্যবস্থাপন করিবার জন্য বিশেষ নির্ণায়ক শ্রুতি বাক্য উদ্ধার করা যাইতেছে। সেই বাক্যে কথিত হইয়াছে;—আনন্দ হইতেই এই সকল ভূত জন্মিয়া থাকে; আনন্দ দ্বারা বাঁচিয়া থাকে; এবং আনন্দেই প্রয়ান করে, অভিসম্বিষ্ট হয়। আনন্দই ব্রহ্ম। এই বাক্যদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, অন্যবিধ কোন পদার্থই জগজ্জন্মাদিকারণ হইতে পারে না; কেবল ব্রহ্মই আনন্দস্বরূপ ব্রহ্মই এই জগতের জন্মাদি প্রদান করিয়া থাকেন; সুতরাং আনন্দতত্ত্বই এই জগতের একমাত্র কারণ। সেই আনন্দতত্ত্ব হইতে আকাশ, বায়ু, তেজঃ, জল, ক্ষিতি সূক্ষ্মাকারে উৎপন্ন হয়। পরে সৃষ্টির জন্য ভগবান্ আনন্দময় সেই পঞ্চ সূক্ষ্মভূতকে পঞ্চীকৃত করিয়া তাহা হইতে চতুর্দ্দশ লোক, এবং লোকপাল ও স্বেদজাদি চতুর্ব্বিধভূতের সৃষ্টি করিয়া যাহাকে যে স্থানে স্থাপন করা আবশ্যক বোধ করেন তাহাকে তথায় স্থাপন করিয়া অক্ষুণ্ণভাবে এই সমস্ত প্রপঞ্চে সৃষ্টি করিয়া থাকেন। যদিও তিনি সেই আদিম সূক্ষ্মভূতে নিজেই অনুপ্রবিষ্ট হইয়া তাহাদিগকে বৃদ্ধি করেন; তবেই তাহারা উত্তরোত্তর সৃষ্টিতে কার্য্যকারী হইতে পারে, তথাপি সেই আনন্দ তত্ত্বে কোনই বস্তু নাই; আনন্দ তত্ত্বে বহু ভাব নাই যাহা কিছু পরিদৃশ্যমান বিশ্ব ব্রহ্মাণ্ড, ইহার কোন কিছুই সেই আনন্দ তত্ত্বে নাই, ইহা শ্রুতিই স্পষ্ট ভাষায় বলিতেছেন, "নেহ নানাস্তি কিঞ্চন।" এই আনন্দতত্ত্বে নানা কিছুই নাই। কথাটি বড়ই গুরুতর। প্রথম বলা হইল, মায়া

তান্যেতানি যথাসংস্থানং জায়মানানি "নেহ নানাদস্তিকিঞ্চনে"ত্যাদি বাক্যেন তত্রৈব নিষেধাৎ স্বাশ্রয়েণাভিমত যাবন্নিষ্ঠাত্যন্তাভাব প্রতিযোগিত্বান্মিথ্যাভূতানি

কিছু দেখিতে পাওয়া যায়, ঐ সমস্তই আনন্দতত্ত্বে আছে ; আবার বলা হইতেছে, আনন্দতত্ত্বে কিছুই নাই। তাহা হইলে, এই বলা হইল যে, যাহার আশ্রয় বলিয়া যাহাকে মনে করিতেছ, তাহাতে তাহার অত্যন্ত অভাব। জগতের আশ্রয় বলিয়া আনন্দতত্ত্বকে মনে করিতেছ ; কিন্তু আনন্দ তত্ত্বে জগতের অত্যন্ত অভাব। যেমন স্বপ্নকালে রথগজাদির অস্তিত্ব জ্ঞান হয়, জাগরণে আসিয়া বোধ হয় স্বপ্নকালে রথগজাদির অত্যন্ত অভাব ; সুতরাং স্বপ্নকালীয় রথগজাদি কল্পিত ভিন্ন সত্য নহে, সেইরূপ আনন্দতত্ত্বেও দৃশ্যমান প্রপঞ্চের কল্পনা ভিন্ন আর কিছুই হইতে পারে না। আরও একটি দৃষ্টান্ত এই যে, শুক্তিকায় রজতের জ্ঞান হয় ; কিন্তু পরক্ষণেই জানা যায় শুক্তিকায় রজত নাই ; সেইরূপ আনন্দতত্ত্বে জগতের অস্তিত্ব শ্রুতি আদি প্রমাণ দ্বারা সিদ্ধ হয়, কিন্তু জ্ঞান জন্মিলে দেখা যায়, আনন্দ তত্ত্বে কিছুতেই নাই ; সুতরাং শুক্তিরজত অভ্রগজ ও স্বাপ্নিকরথাদির ন্যায় বিশ্ব প্রপঞ্চ সেই আনন্দ তত্ত্বে ভ্রান্তি কল্পিত মাত্র, কখনই সত্য হইতে পারে না। সত্য হয় নাই বলিয়াই সেই আনন্দতত্ত্বের সমান ও অসমান কিছুই নাই। সেই আনন্দ তত্ত্ব এক ও অদ্বিতীয়। যাহা দেখা যাইতেছে, তাহা সমস্তই অসৎ ; কারণ, কোন পদার্থকেই কেহ চিরকালের জন্য অবস্থান করিতে দেখে না ; কিন্তু সেই আনন্দতত্ত্ব চিরকালই একাকারে দেখা যায়, এবং বাল্যাদি অবস্থার ভেদেও আত্মতত্ত্বের অভেদ্ বা একাকারতা প্রতিপন্ন করিতে পারা যায়। এইজন্য সেই আনন্দতত্ত্বকে সৎ বলা যায়। আবার যাহা কিছু দেখা যায়, যদিও সে সকল আলোকের সাহায্যেই দেখা যায় তথাপি সেই আলোক ও স্বয়ংত আর আপনাকে দেখাইতে সমর্থ হয় না ; তাহাকে দেখিতে, এবং তাহার অস্তিত্ব প্রমাণ করিতে একজন আত্মার সাহায্য লইতে হয় ; সুতরাং দৃশ্যমান পদার্থমাত্রেই পর প্রকাশ্য জড় মাত্র। চৈতন্য তাহাদিগের নিজস্ব নহে ; চৈতন্য একমাত্র আত্মারই নিজস্ব,ইহা যে কোন প্রমাণ দ্বারা প্রমাণ হইতে পারে ; সুতরাং আত্মা, বা আনন্দতত্ত্ব চৈতন্য মাত্র চিৎপদার্থ। তারপর সেই নিত্য প্রকাশের স্বরূপ আনন্দতত্ত্বই ; কারণ, সকলই অনুভব করে যে, যেখানে প্রকাশ নাই, সেখানে আনন্দও নাই, বা আনন্দের অনুভব করা যায় না; কিন্তু আনন্দটি যেন প্রকাশের অব্যভিচারী, যেখানে প্রকাশ

তথা দেহাদিসঙ্ঘাতংমোহগুণজালকলিতং তদ্রজ্জুসর্পবৎ-কল্পিতম্ ॥ ৫ ॥

স্বপ্নদৃষ্টবিষয়বদভ্রগজাদিবচ্চ। তস্মাদেকমেবাদ্বিতীয়ং সচ্চিদানন্দঘনং ব্রহ্মৈব পরিশিষ্টম্ ॥ ৪ ॥

যথাচ বাহ্যানামিয়ং গতি, তথা দেহাদি সঙ্ঘাতমপি মোহগুণজাল কলিতমেব; নচ গুণজাল ফলিতমিত্যস্তি সত্তাগন্ধ, শুক্তি রজ্জুসর্পবৎ পরমানন্দ এব মায়য়া কল্পিতমিতি ভবেদেক মেবাদ্বিতীয়ং সচ্চিদানন্দঘনং ব্রহ্মৈব পরিশিষ্টম্ ॥ ৫ ॥

সেইখানে আনন্দ, যেমন কোনও একটি গভীর বিষয়ের চিন্তায় মনের অভিনিবেশ করা গেল। যতক্ষণ সেই বিষয়ের প্রকাশ না হয়, ততক্ষণ চিন্তাশীল ব্যক্তি কোনরূপে কালাতিপাত করে মাত্র, কিন্তু যখন সেই বিষয়ের প্রকাশ হয় তখন আর সেই চিন্তাশীলের হৃদয়ে আনন্দ ধরে না। কেন?, না যেমন বিশাল বিশিষ্ট প্রকাশ হৃদয়ে হইয়াছেও সেইরূপ আনন্দও হৃদয়ে ততমাত্রায় আবির্ভূত হইয়াছে। এইজন্য প্রাচীন মনাষীরা আনন্দের লক্ষণ করিতে যাইয়া বলিতেছেন, অনাবৃত চৈতন্যই আনন্দ; অর্থাৎ আবরণ রহিত প্রকাশই আনন্দ স্বরূপ। বস্তুতঃ ভাবিয়া দেখিলে, এই প্রকার লক্ষণ ব্যতিরেকে আনন্দের আর পৃথক্ লক্ষণ করাও যায়। অতএব দেখা যাইতেছে, এই বিশ্বমণ্ডলের কোনও পদার্থের নিত্যপ্রকাশ না থাকায়, পক্ষান্তরে সেই মূলতত্ত্ব নিত্যপ্রকাশ স্বরূপ বলিয়া প্রতিপন্ন হওয়ায়, সেই মূল তত্ত্বই আনন্দস্বরূপ। তাহা হইলে স্থির হইতেছে যে সেই এক, অদ্বিতীয় সচ্চিদানন্দঘন ব্রহ্মই পরিশিষ্ট পদার্থ ॥ ৪ ॥

কেবল বাহ্যপদার্থেরই যে এই প্রকার গতি, তাহা নহে, আত্মাধিকারের পদার্থ দেহাদিসঙ্ঘাত ও মোহগুণজাল ফলিতই। হইলই, মোহগুণজাল প্রদর্শিত, ক্ষতিই বা কি? দেহাদিসঙ্ঘাত ত সৎপদার্থ। একথাও বলা যায় না; কারণ, তাহাও রজ্জুসর্পের ন্যায়, শুক্তিরজতের ন্যায় পরমানন্দ ব্রহ্মেই মায়াদ্বারা কল্পিত; সুতরাং তাহারও সত্তা নাই। দেহসঙ্ঘাতও অসৎ পদার্থ। অতএব সেই আনন্দতত্ত্বই এক ও অদ্বিতীয়, এবং সচ্চিদানন্দঘনব্রহ্ম পদার্থই পরিশেষে থাকিয়া যায় ॥ ৫ ॥

বিষ্ণুবিধ্যাদি শতাভিধানলক্ষ্যম্ ॥ ৬ ॥

যচ্চাপি বিষ্ণুরিতি, বিধিরিতি, বিরিঞ্চিরিতি, শতান্যনন্তানি দৈবিকানি অভিধানানি নামানি, তথান্যান্যপি, তেষামেব নাম্নামিদমেব লক্ষ্যং ব্রহ্মেবেতি। তথৈতদত্রোক্তম্ ;—

"হৃদিস্থা দেবতা সর্ব্বা হৃদি প্রাণাঃ প্রতিষ্ঠিতাঃ।
হৃদি প্রাণশ্চ জ্যোতিশ্চ ত্রিবৃৎ সূত্রঞ্চ যন্মহৎ ॥" ইতি।

ব্রহ্মোপনিষদি। হৃদিস্থা পদস্যার্থমাহ তত্রৈব,—

"হৃদি চৈতন্যে তিষ্ঠতী"তি।

তথাচ সর্ব্বদেবময়ং ব্রহ্মৈবাবশিষ্যত ইতি ন বহিঃ পূজা প্রবর্ত্তয়িতব্যা। সাধকশ্চ বিদিত বেদিতব্যঃ ॥ ৬ ॥

আরও যে বিষ্ণুবিধিবিরিঞ্চাদি দেবতাদিগের অসংখ্য নাম আছে ; তদ্দ্বারা পৃথক্ বস্তু প্রমানিত হইতে পারে না ; সেই সকল নামের লক্ষ্যার্থ এই ব্রহ্মই। ব্রহ্ম ব্যতিরেকে অন্য পদার্থ না থাকায়, সেই সকল নামদ্বারা অন্য পদার্থ বুঝাইতে না পারায় কেবল এই ব্রহ্মই সেই সকল নামের লক্ষ্য। ব্রহ্মই বিষ্ণুনামে বিধিনামে, বিরিঞ্চিনামে ও অন্যবিধ নামেও অভিহিত হন। ব্রহ্ম ভিন্ন অন্য দেবতা নাই ; ব্রহ্মই সর্ব্ববিধ দেবতা আকারে বিবর্ত্তিত হইয়া থাকেন। ব্রহ্মোপনিষদে উক্ত হইয়াছে ; দেবতাসকলহৃদয়ে অবস্থিত ; প্রাণ হৃদয়ে প্রতিষ্ঠিত ; হৃদয়েই প্রাণ, জ্যোতিঃ ও যাহা মহৎ সেই ত্রিবৃৎসূত্রও প্রতিষ্ঠিত। হৃদিস্থশব্দের অর্থ কি, তাহাও সেই স্থলেই উক্ত হইয়াছে। যথা,—হৃৎ শব্দে চৈতন্য ; তাহাতে থাকে বলিয়া হৃদিস্থ বলা হয়। তাহা হইলে ইহা দ্বারা কথিত হইতেছে যে, সর্ব্বদেবময় ব্রহ্মইমাত্র অবশিষ্ট থাকিতেছেন বলিয়া বাহ্যপূজা প্রবর্ত্তিত করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। কেন প্রয়োজন নাই ? না, সাধক ব্রহ্মকে জানিতে পারিলে, ব্রহ্মকে প্রত্যক্ষ করিতে পারিলে যাহা কিছু জ্ঞাতব্য থাকে, তাহা সমস্তই জ্ঞাত হইয়া যায় ॥ ৬ ॥

অঙ্কুশো ॥৭॥

মার্গঃ ॥৮॥

শূন্যং ন সঙ্কেতঃ ॥৯॥

তচ্চাঙ্কুশো দেবানাং কল্পকালে ভবতি,—

"ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ।

ভীষাদিন্দ্রশ্চ বহ্নিশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ॥" ইতি।

ইত্যেবমাদিবাক্যেভ্যঃ; তস্মাৎ কল্পকালেঽন্যেরপিতস্যৈব সমাশ্রয়ঃ করণীয়ঃ, সুরানামপি হস্তিপকবৎ পরিচালকত্বস্তস্যেতি ॥৭॥

তদেব হি মার্গো বেদিতব্যম্। "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ।" ইত্যাদি শ্রুতিঃ ॥৮॥

নন্বেতৎ শূন্যমেব শ্রূয়তে ছান্দোগ্যে খল্বিদমামনন্তি,—"অস্য লোকস্য কা

যখন বিধির কাল আইসে; যখন বিশ্বপ্রপঞ্চের সৃষ্টি হয়; তখন এক একটি কর্ম্মের অধিকারে একএক দেবতা স্থাপিত হয়। যেমম সমস্ত কর্ম্মের প্রবৃত্তির জন্য সূর্য্যের, সমস্তরস দানের জন্য চন্দ্রের, বৃষ্টির জন্য ইন্দ্রের, প্রাণের জন্য বায়ুর, এবং জলদিবার জন্য বরুণের স্থাপন করা হইয়াছে। সেই সমস্ত কার্য্য অব্যাহত ভাবে চালাইবার জন্য এই ব্রহ্মই অঙ্কুশের ন্যায় সংযম স্বরূপে অবস্থিত। সকল দেবতাই এই অঙ্কুশের ভয়ে সংযত হইয়া স্ব স্ব কর্ম্মপরিচালন করিতেছেন। শ্রুতিতে কথিত হইয়াছে,—ইহার ভয়ে বায়ু প্রবাহিত হয়; ইহার ভয়েই সূর্য্য উদিত হয়; ইহার ভয়েই ইন্দ্র, বহ্নি ও পঞ্চম মৃত্যুও স্ব স্ব কার্য্যে বেগে চলিতেছে অতএব কল্পকালে সকলেরই সেই পরব্রহ্মের আশ্রয় গ্রহণ করা কর্ত্তব্য, কারণ, তিনিই দেবগণের ও হস্তীরপক্ষে হস্তিপকের ন্যায় পরিচালক ও সংযত কারী ॥ ৭ ॥

এই দেবগণের পরিচালক আনন্দ তত্ত্ব ব্রহ্মই একমাত্র গতি, শ্রুতিই বলিয়াছেন;—অন্বেষণ তাঁহারই কর্ত্তব্য; জিজ্ঞাসা তাঁহাকেই করিতে হয়। এই শ্রুতিতে যে অন্বেষণ করিবার কথা উক্ত হইয়াছে. তাহার লক্ষ্য সেই ব্রহ্মই, *সুতরাং এই দৃশ্যমান জগতের একমাত্র গমনীয় মার্গ সেই ব্রহ্মই* ॥ ৮ ॥

ইহা গমনীয় মার্গ বলিলে কি করিয়া? ইহা যে শূন্য বলিয়াই শুনিতে

গতিরিতি, আকাশ ইতি হোবাচ; সর্ব্বাণি হবা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্তে; আকাশং প্রত্যস্তং যান্তি; আকাশো হ্যেবৈভ্যোজ্যায়ানাকাশঃ পরায়ণম্।" ইতি অত্রাহি যুক্তং ভূতাকাশগ্রহণম্। কুতঃ? তদ্ধি প্রসিদ্ধতরেণ প্রয়োগেন শীঘ্রং বুদ্ধিমারোহতীতি। তৎ কথং মার্গয়িতব্য মুক্তম্? ইতিচেৎ, নৈতদ্বক্তব্যম্। কস্মাৎ? সঙ্কেতো হি কৃতঃ স ইতি। দৃষ্টান্তস্তবক্তদোষেন শালাবত্যস্য পক্ষং নিন্দিত্বানন্তংকিঞ্চিদ্বক্তুংকামেন জৈবলিনাকাশঃ পরিগৃহীতঃ। তঞ্চাকাশমুদ্গীথে সম্পাদ্যোপসংহরতি,—"সএষপরোঽবরীয়ানুদ্-

---

পাওয়া যায়; ছান্দোগ্য উপনিষদে কথিত হইয়াছে,—এই লোকের গতি কি? ইত্যাকার প্রশ্ন করিলে উত্তর করিয়াছিলেন; আকাশ। কারণ, এই সকল ভূতগণ আকাশ হইতেই উৎপন্ন হয়, আকাশের প্রতিই এই সকল ভূত মরিয়া অস্ত পায়; এই সকল অপেক্ষা আকাশই বৃহত্তম, আকাশই পরম অয়ন বা গতি। এই শ্রুতিবাক্য যে আকাশ শব্দ আছে, তদ্দ্বারা ভূতাকাশের বোধ হওয়াই উচিত; কারণ, আকাশ শব্দটি লোকে ভূতাকাশেই সর্ব্বদা প্রয়োগ হইতে দেখা যায়; সুতরাং আকাশ শব্দ শ্রবণ করিলেই সেই ভূতাকাশের উপস্থিতিই শীঘ্রতর হয়। অবশ্য যাহা প্রসিদ্ধিক্রমে উপস্থিত হয়, তাহার পরিত্যাগ করা ত যুক্তি সঙ্গত নহে। আছে বটে কচিৎ ব্রহ্মকে বুঝাইবার জন্য আকাশ শব্দেরও প্রয়োগ যেমন; "যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ" যদি এই আকাশ আনন্দ স্বরূপে বিরাজিত না থাকে। ইত্যাদি তথাপি সেটি অপ্রসিদ্ধ অর্থ; সুতরাং প্রসিদ্ধ অপ্রসিদ্ধের মধ্যে প্রসিদ্ধই শীঘ্রতর উপস্থিত হয়। অতএব এস্থলে ব্রহ্মরূপ অর্থ গ্রহণ করা যায় না; কিন্তু ভূতাকাশরূপ অর্থই গ্রহণীয়। সেইজন্য কি করিয়া বল যে, সেই ব্রহ্মই মার্গায়িতব্য? যদি এইরূপ আপত্তি কর, তবে বলিব, ইহা আপত্তি করিতে পার না। কেন পার না? না, সেই যে আকাশ শব্দ প্রয়োগ করা হইয়াছে তাহা সঙ্কেত করা হইয়াছে মাত্র, কোনরূপ বিশেষ ভাব বুঝাইবার জন্য ঐ আকাশ শব্দের সঙ্কেত করাই হইয়াছে। উহাদ্বারা বস্তুর শূন্যতত্ত্ব প্রতিপাদন করা হয় নাই। কেন করা হয় নাই; যখন বলা হইয়াছে, আকাশ হইতেই সৃষ্টি স্থিতি লয়, আকাশই পরায়ণ, ব্রহ্ম হইতেই সৃষ্টিস্থিতিলয়, ব্রহ্মই জিজ্ঞাস্য, তখন নিশ্চয় ব্রহ্মকে শূন্যতত্ত্বই বলা হইয়াছে, ইহা বলিতে পারা যায়। অতএব ঐ বাক্য দ্বারা বস্তুর শূন্যতত্ত্ব প্রতিপাদন

গীথঃ স এষোঽনন্তঃ। ইতি তচ্চানন্তং ব্রহ্মলিঙ্গম্। যথাহি শূন্য মনন্তং নিরবয়বং নির্লেপঞ্চ দৃশ্যতে, এবমেব তদিতি প্রসিদ্ধিরপি "যদেষ আকাশ আন-

---

করা কেন হইবে না? না, তা হইতে পারে না। দেখা যায়,—একদা দালভ্য ঋষি, শালাবত্য ঋষি, ও জৈবলিরাজা উদ্‌গীথ বিদ্যার (উদ্‌গীথ নামক উপাসনার) পরায়ণ (উৎকৃষ্ট প্রাপ্য) কি, ইহা বিচার করিতে আরম্ভ করেন। দালভ্য বলিলেন, স্বর্গই উহার পরায়ণ। শালাবত্য বলিলেন, স্বর্গ নশ্বর; সুতরাং তাহা পরায়ণ হইতে পারে না। তবে স্বর্গপ্রাপক অপূর্ব্ব বিশেষ, যাহাকে পুণ্য বলে, তাহাই উদ্‌গীথ উপাসনার পরায়ণ। তাহাতে জৈবলি বলিলেন, কর্ম্মের অপূর্ব্বও নশ্বর; তজ্জন্য তাহাও পরায়ণ নহে, কিন্তু উদ্‌গীথের পরায়ণ আকাশ। এই জৈবলি কথিত আকাশ শব্দের অর্থ ব্রহ্মই; এই আকাশ শব্দের অর্থ ভূতাকাশ হইলে আশঙ্কিত নশ্বরত্ব দোষ নিবারিত হয় না। অতএব জৈবলির অনশ্বরত্ব প্রতিপাদক উপাসক উপদেশ, আকাশ শব্দের ব্রহ্ম রূপ অর্থই প্রতিপাদন করিতেছে। ব্রহ্মই অনন্ত। শ্রুতিও বলিয়াছেন,—"সত্যং জ্ঞান মনন্তং ব্রহ্ম" সত্য, জ্ঞান ও অনন্ত ব্রহ্মই। তদ্দ্বারা ঐ আকাশ শব্দ দ্বারা ব্রহ্মের কিছু সঙ্কেত করা হইল। যেমন শূন্যময় আকাশ অনন্ত, নিরবয়ব, এবং নির্লেপ বলিয়া দেখিতে ও বুঝিতে পারা যায়, ব্রহ্মও সেইরূপ অনন্ত নিরবয়ব, ও নির্লেপ বলিয়া দেখিতে ও জানিতে পারা উচিত। তবে যে একটা আপত্তি করিয়াছ, ভূতাকাশ আকাশ শব্দে প্রসিদ্ধ অর্থ। এইজন্য প্রসিদ্ধ অর্থ ছাড়িয়া অপ্রসিদ্ধ অর্থ গ্রহণ করা যায় না; কারণ, তাহার উপস্থিতি বিলম্বে হয়,—একথা বলা যায় না; কারণ, সাধারণ ব্যবহার স্থলে হইতে পারে, যাহা প্রসিদ্ধ, তাহাই গ্রাহ্য; তাহাও আবার বণিকের ব্যবহার স্থলে খাটে না। তাহারা আবশ্যক অনুসারে নানা প্রকার সাঙ্কেতিক কথা ব্যবহার করিয়া থাকে; সুতরাং সে স্থলে যেমন বিশেষ কিছু বুঝাইবার জন্য তাহারা সাঙ্কেতিক ভাষার, বা সাঙ্কেতিক শব্দের ব্যবহার করিয়া থাকে, সেইরূপ শ্রুতিও বিশেষ কিছু বুঝাইবার জন্যই ঐ আকাশ সঙ্কেত করিয়াছেন। সেই আকাশ শব্দদ্বারা কোন্ অর্থের গ্রহণ করিতে হইবে, তাহা সেই বাক্যের পর্য্যালোচনা করিলেই অসন্দিগ্ধ হইতে পারা যাইবে। বাক্যের শেষে কথিত হইয়াছে যে, যদি এই আকাশ আনন্দরূপে বিভাত না হইতেন। এই

পরমেশ্বরসত্তা ॥১০॥

সত্যসিদ্ধযোগো মঠ (ত) ॥১১॥

ন্দেন স্যাদিতি বাক্যশেষাৎ ব্রহ্মাণ্ডগ্রহণান্নিরস্তা। তস্মাচ্ছূন্যং তথাভূতং পরায়ণম্ মার্গয়িতব্যম্ ॥৯॥

যস্মাদেতৎ পরমেশ্বরস্যাপি সগুণ ব্রহ্মণঃ সত্তামাত্রং ভবতি। ইদং হি তত্ত্বং মায়য়া বিকৃত্য সগুণং জগৎকারণং পরমেশ্বরঃ সমষ্টি স্ত্রিমূর্ত্তীনাম্। তস্মান্নৈতৎ শূন্যং তত্ত্বং বস্তুত ইতি ॥১০॥

আচার্য্যা হি মন্যন্তে, অস্তৈব যৎসত্যংরূপং, যচ্চ সিদ্ধমেব স্বতঃ স্বরূপ মেকত্বং যোগস্তদিতি। তেন যোগমহিম্না সর্ব্বং সৃজত্যবতি সংহরতীত্যেতদেব সাধকস্য যোগঃ ॥১১॥

বাক্যশেষ হইতেই বেশ অনুভব হইতেছে যে, ঐ আকাশ শব্দে শূন্যমাত্র গ্রহণ করা যাইবে না; কিন্তু আনন্দতত্ত্ব ব্রহ্মই গ্রহণ করিতে হইবে। সেই আকাশ শব্দবাচ্য শূন্যরূপ আনন্দতত্ত্ব ব্রহ্মই পরম গমনীয় মার্গ,সকলেরই তাহা অনুসন্ধান করা কর্ত্তব্য। পরমহংস পরিব্রাজকও এই শূন্যরূপ আনন্দতত্ত্বে মিলিয়া শূন্যরূপ আনন্দতত্ত্ব হইয়া যায়॥ ৯॥

আরও এক কথা, যেহেতু এই শূন্যরূপ আনন্দতত্ত্ব সগুণ ব্রহ্ম পরমেশ্বরেরও সত্তামাত্র, অর্থাৎ সেই সগুণ ব্রহ্ম পরমেশ্বরেও কদাচিৎ জগতের সৃষ্টিস্থিতি লয় কারী বলিয়া সর্ব্বদাই প্রায় সেই শূন্যরূপ আনন্দতত্ত্বে বিরাজিত হন, তাঁহার সত্তায় সত্তাবান্ হইয়া আবার কদাচিৎ সৃষ্ট্যাদি কার্য্য করেন। এই শূন্যতত্ত্ব মায়াদ্বারা বিকৃতি হইয়া সগুণ জগৎ কারণ, পরমেশ্বর, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, এই ত্রিমূর্ত্তির সমষ্টিরূপে প্রতিভাসিত হন; সেই জন্য এই তত্ত্ব বস্তুগত্যা শূন্য নহে; কিন্তু শূন্যরূপ॥ ১০॥

আচার্য্যগণ মনে করেন, ইহাঁরই যেটি সত্যরূপ, যেটি সিদ্ধ, যেটি স্বতঃ সিদ্ধ স্বরূপ জীবব্রহ্মের একতা, তাহাই যোগ। সেই যোগ মহিমায় ইনি এই সকলের সৃষ্টি করেন, পালন করেন, আবার সংহারও করিয়া থাকেন। তাহা সাধারণের জ্ঞানের অগোচর বলিয়া অজ্ঞান, কোনও বিদ্যাদ্বারা তাহা লাভ করিয়া পরিক্ষা করিতে পারা যায় না বলিয়া অবিদ্যা, এবং সেই যোগপ্রভাবে

অমরপদং ত (ন) তস্বরূপম্ ॥১২॥
আদিব্রহ্মস্বসংবিৎ ॥১৩॥

তথাপি পদনীয়ং তংস্বরূপং ন ম্রিয়তে ভাববিকারৈ রহিতমেবেতি তবত্য-মরপদং তংস্বরূপম্। অমরৈরপি মহেন্দ্রাদিভিঃ পদ্যতে, কস্মাৎ? পদনীয়ত্বা-দেব। কথং হি পদনীয়ম্? তদ্ধি স্বরূপমিতি ॥১২॥

তদেতৎ—আদীয়তইত্যাদি, বৃংহতীতি ব্রহ্ম, স্বস্যাত্মনঃ সংবিত্তিরিতি স্বসং-বিৎ কথ্যতে ॥১৩॥

ইনি জগৎ লক্ষণীয় প্রাপ্ত হন বলিয়া মায়া শব্দে ব্যবহার করা হয়। তাঁহাকে শীঘ্র শীঘ্র বুঝাইবার জন্য যোগমায়া শব্দের ব্যবহার করা হয়। সেই যোগই সাধকের যোগ। সাধক সেই যোগ প্রভাবেই শূন্যরূপ আনন্দতত্ত্বে যাইয়া মিলিয়া যায়, আনন্দই হয় ॥ ১১ ॥

যদিও তিনি সেই সত্যসিদ্ধ যোগ প্রভাবে জগৎ সৃষ্টি স্থিতি সংহার করেন, তথাপি তাহা বাক্যমাত্র সার বলিয়া তাহার সেই আনন্দস্বরূপ পদনীয় গমনীয় কারণ, তাহার আর মৃত্যু নাই, ভাবে যে ষড়্‌বিধ বিকার পরিদৃষ্ট হয়, আত্ম জায়তে, বর্দ্ধতে, বিপরিনমতে, অপক্ষীয়তে, নশ্যতি, আছে, জন্মাইতেছে, বিপরিণত হইতেছে, অপক্ষীণ হইতেছে এবং মরিতেছে বলিয়া জানিতে পারা যায়, সেই ষট্ প্রকার বিচার তাঁহাতে নাই। এইজন্য সেই পদ সেই আনন্দ স্বরূপ অমরপদ। ইন্দ্রাদি অমরগণ কর্ত্তৃকও সেই আনন্দ স্বরূপ গৃহীত হইয়া থাকে। কেন? না সেই যে গমনীয়। সেই যে পরায়ণ কেন পরায়ণ, কেন গমনীয়? না, সেইত সকলে স্বরূপ, সেইত প্রাণের প্রাণ, মনের মন, এবং আত্মার আত্মা। তাহাকে ছাড়িয়া কাহাকে গ্রহণ করিতে যাইবে? তাঁহাকে ছাড়িয়া কাহাকে গ্রহণ করিলে পাপতাপ জুড়াইবে ॥ ১২ ॥

সেই আনন্দস্বরূপ সাধকেরা আদান করিয়া থাকে, গ্রহণ করিয়া কৃতার্থ হয়, এইজন্য আদি সেই আনন্দতত্ত্ব। জগৎ তাঁহাকেই আদান করিয়া সৎরূপে, প্রকাশিতরূপে, এবং প্রিয়রূপে বিভাত হয় বলিয়া তিনিই আদি। তিনিই দেহাদি সংঘাতের বৃংহণ পরিনমন বৃদ্ধি আদি বিকার সম্পাদন করেন বলিয়া ব্রহ্ম, নিজের আত্মার সম্বিত্তি বা জ্ঞান বলিয়া স্বসম্বিত নামেও পরিকীর্ত্তিত ॥১৩॥

অজপা গায়ত্রী ॥১৪॥

বিকারদণ্ডোধ্যেয়ঃ (ধার্য্যঃ) ॥১৫॥

অস্য চ গায়ত্রী, যা ভবত্যরূপা নিঃশ্বাসপ্রশ্বাসরূপা নৈব জপেন সিদ্ধা স্বয়ং সিদ্ধা সর্ব্বৈনিত্যমুপাস্যতে যাং গায়ন্তং সা ত্রাতি রক্ষতি স্বরূপনিষ্ঠাং বিধায় ॥১৪॥

অজপাং গায়ত্রীমেবোপাসীত। ততশ্চেৎ বিকারঃ স্খলনং স্বরূপাৎ কেনচিৎ কারণেন, তর্হি তস্য দণ্ডোদমনং তদেকত্বজ্ঞানং ধার্য্যঃ; নতু বৈণবাদিস্তম্ভত্যাগাদেবাত্রাগমনাৎ। অতএব "সর্ব্বান্ কামান্ পরিত্যজ্য অদ্বৈতে পরমা স্থিতিঃ। জ্ঞানদণ্ডোধৃতো যেন একদণ্ডী স উচ্যতে॥" ইতি।

ইহাঁর গায়ত্রী অজপা। অজপাশব্দে নিঃশ্বাসপ্রশ্বাস রূপ, প্রযত্নসাধ্যজপ দ্বারা সিদ্ধ নহে, স্বয়ং সিদ্ধরূপ, সকলেই ইচ্ছায় ও অনিচ্ছায়, উভয়থাই উপাসনা করিয়া থাকে। যাহার গান করিলে যে পরিত্রাণ করে, রক্ষা করে আনন্দ স্বরূপনিষ্ঠার আবির্ভাব করিয়া দিয়া কল্পিত মৃত্যুর গ্রাস হইতে রক্ষা করে। সেই স্বয়ংসিদ্ধ অজপাই ইহাঁর গায়ত্রী। ইহা কেন বলা হইল? না, কেহ কেহ পরব্রহ্মের আবার গায়ত্রী কল্পনা করিয়াছে, যেমন মহা নির্ব্বাণ তন্ত্রে; সুতরাং আমাদিগের এই মাণ্ডুকায়ণ উপনিষৎ তাহা সাধু বলিয়া মনে করেন না। এইজন্য গায়ত্রীর উপদেশ করিলেন। ইহাদ্বারা অজপার উপাসনাও প্রতিপাদিত হইতেছে। তদ্দ্বারা আনন্দ স্বরূপ নিষ্ঠার লাভ হইতে পারে; তবে তাহা উচ্চাধিকারে নহে; ইহা বিবেচনা করিয়া দেখিতে হইবে॥ ১৪॥

যে বিবেক রক্ষা করিয়া চলিতে পারিয়াছে, তাহার পক্ষে অজপাগায়ত্রীর উপাসনা আবশ্যক নাই, বলা হইয়াছে; কিন্তু মনঃ প্রমাথি ও চঞ্চল; সুতরাং কচিৎ কচিৎ অবলম্বন গ্রহণার্থ ইতস্ততঃ ধাবিত হইয়া থাকে; সুতরাং তাহার পক্ষে বিকার দণ্ড ধারণীয়। বিকার শব্দের অর্থ স্বরূপ হইতে স্খলন। তাহা অবশ্য যে কোনও কারণে ঘটিতে পারে। পরের দুঃখ প্রহাণ করিতে ইচ্ছা করিয়া যাহার স্বরূপস্খলন হয়, তাহার পক্ষে পূর্ব্বে ব্যবস্থা করা হইয়াছে। যাহার অন্যবিধ কারণে স্খলন হয়; যেমন কোন দুষ্টের অত্যাচারে বিকার উপস্থিত হইতে অনেক সময় দেখা

ধার্য্য ইতি ন বিধিরনুবাদোঽয়ম ইতি ॥১৫॥

গিয়াছে *, সেরূপ স্থলে কর্ত্তব্য কি ? অবশ্যই তাহার পক্ষে ব্যবস্থা একটা করা প্রায়োজন। করুণাময়ী শ্রুতি সেইসকল মন্দভাগ্য পরমহংস পরিব্রাজকের পক্ষে ব্যবস্থা করিবার জন্য বলিতেছেন,-বিকারের দমনকর ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানের পালন কর্ত্তব্য। তাহার পথও ঐ অজপা গায়ত্রীর উপাসনা মাত্র। অবশ্যই দণ্ডশব্দে বেণুদণ্ড আদি নহে, কারণ, তাহার পরিত্যাগ করিয়াই পরমহংসাশ্রমে আগমন করা হইয়াছে এই জন্যই পরমহংসোপনিষদে কথিত হইয়াছে, সকল কাম পরিত্যাগ করিয়া যে অদ্বৈত আনন্দতত্ত্বে উত্থান রহিত অবস্থান করিয়াছে, যে জ্ঞান রূপ দণ্ড ধারণ করিয়াছে, সেই একদণ্ডী, বা দণ্ডীদিগের মধ্যে সেই মুখ্যদণ্ডী উক্ত হইয়াছে। সূত্রে যে ধার্য্যশব্দ বলা হইয়াছে, যদিও তাহা বিধির প্রত্যয় দ্বারা নিষ্পন্ন হইয়াছে তথাপি উহাদ্বারা দণ্ডগ্রাণের বিধান হইবে না ; কারণ, জ্ঞানের উপর বিধির কোনই কার্য্য কারিতা খাটে না ; সুতরাং স্বতঃসিদ্ধ জ্ঞানের ও-টি অনুবাদ মাত্র। বিধি না হইলে, প্রবৃত্তির উৎপাদন করাইবে কে ? এরূপ আপত্তি হইতে পারে না ; কারণ 'নদীর তীরে ফল আছে' একথা দ্বারা কোনরূপ বিধান না হইলেও যাহার প্রয়োজন বোধ আছে, সেই প্রয়োজন দ্বারাই স্বয়ংপ্রবর্ত্তিত হয়, বাক্যের প্রবৃত্তি উৎপাদন করিবার ক্ষমতা না থাকিলেও নিজের প্রয়োজনের সেরূপ ক্ষমতা আছে ; এইজন্য সিদ্ধের অনুবাদ শুনিয়া প্রয়োজনের প্রবর্ত্তনায় অধিকারী আপনা হইতেই প্রবর্ত্তিত হইয়া ফল লাভ করিয়া থাকে। অতএব ঐ প্রত্যয়টি অন্যস্থলে বিধির কার্য্য করিলেও এস্থলে বিধির কার্য্য করিতে সক্ষম নহে, সিদ্ধ বিষয়ের অনুবাদ মাত্র করিয়াই চরিতার্থ হইবে ॥ ১৫ ॥

* দেখা যায়, কোন ব্যক্তি কোনও গুহায়, কি গহন অরণ্যে কোনও সমাহিত যোগীকে দেখিয়া কৌতুক করিবার জন্য যাহাতে তাহার সমাধি ভঙ্গ হয়, তাহা করে। আবার দেবগণের প্রতিকূলাচরণেও অনেক সময়ে বিলাসিনীরা সমাহিত যোগীর সমাধি ভঙ্গ করিয়া থাকে ; বেতালপঞ্চবিংশতি গ্রন্থেও দেখা যায়, একটি বেশ্যা কোনও একটি যোগীর সমাধি ভঙ্গ করিয়া একেবারে সংসার কূপের মধ্যে টানিয়া আনিয়াছিল। ইত্যাদি বহুবিধ বিঘ্নে পড়িয়া যোগীর সমাধি স্থির রাখা কঠিন হইয়া উঠে. ইহা ইতিহাস পর্য্যালোচনা করিলেই জানিতে পারা যায়।

মনো নিরোধিনী কন্থা ॥১৬॥

যোগেন সদানন্দস্বরূপদর্শনম্ ॥১৭॥

আনন্দভিক্ষাশী ॥১৮॥

যাচাদ্বৈতে পরমাস্থিতির্মনোনিরোধিনী হ্যেষা কন্থা ভবতি। সাধার্য্যেতি ॥ ১৬ ॥

যোগেন পরমাত্মাত্মনোরেকত্বজ্ঞানেন সদানন্দ স্বরূপসাক্ষাৎকারএব কর্ত্তব্যঃ ॥ ১৭ ॥

অতএব আনন্দভিক্ষামেবাশ্নীয়াৎ। যচ্চান্যত্র—"অথ পরিব্রাড্ বিবর্ণবাসা

কোনও কারণ বশতঃ স্বরূপ স্খলন হইয়াছে বলিয়া যেমন দণ্ডের মুখ্যতঃ কোনই প্রয়োজন হয় না, সেইরূপ কন্থারও কোন প্রযোজন নাই? কেন প্রয়োজন নাই না, যে যোগী চিত্তের অশেষ বিধ বৃত্তির নিরোধ করিয়া শীতাদি প্রত্যয়ের নিরোধ করিতে পারিয়াছিল, সে যে আবার স্বস্থান হইতে সামান্য কারণে স্খলিত হইয়াছে বলিয়া যাবতীয় বিরুদ্ধ প্রত্যয়ভাগী হইবে, ইহা সম্ভবপর হইতে পারে না। যেমন লীলাসক্ত বালকের শীতাদি কিছুই করিতে পারে না, সেইরূপ একত্বজ্ঞানে আসক্ত যোগীরও কিছুই করিতে পারে না। তাহার সেই অদ্বৈত পরমস্থিতি, তাহাই তাহার মনোবৃত্তির সমূলে উন্মূলনকারিণী হইয়া কন্থার কার্য্য করিয়া থাকে; সুতরাং সেই মনোনিরোধিনী পরমস্থিতিই যোগীর কন্থারূপে ধারণীয়,—পালনীয় ॥ ১৬ ॥

ব্রহ্মাদ্বৈতৈকত্বজ্ঞানের প্রথম প্রয়োগ দ্বারা স্খলনের দমন, দ্বিতীয় প্রযোগ দ্বারা দ্বন্দ্বনিবর্ত্তন, আর তৃতীয় প্রয়োগদ্বারা আত্মস্বরূপ আনন্দতত্ত্বের সাক্ষাৎকার করিতে হয়। তন্মধ্যে পরিশিষ্ট আনন্দতত্ত্ব সাক্ষাৎকারের কথা এই সমস্ত সূত্র দ্বারা বলা হইতেছে,—"যোগেন" ইত্যাদি। পরমাত্মা ও জীবাত্মা, এই উভয়ের একতা জ্ঞানরূপ যোগ দ্বারা নিত্যসিদ্ধ স্বয়ম্প্রকাশ আনন্দ স্বরূপ দর্শন করিবে। যদিও ইহার উপদেশ না করিলেও পারিতেন, তথাপি মধ্যে মধ্যে আনন্দ-তত্ত্বের সাক্ষাৎকার করিতেও পারিত। তাহার নিবৃত্তি করিয়া নিরন্তরভাবে সাক্ষাৎকার করিবার জন্য এই সূত্রের প্রবৃত্তি করিতে হইয়াছে ॥ ১৭ ॥

এ সময়ে পরমহংস পরিব্রাজক আনন্দরূপ ভিক্ষার ভোজনই করিবে।

মহা (শ্ম) শ্মশানেঽপ্যানন্দবনে বাসঃ ॥১৯॥

মুণ্ডোঽপরিগ্রহঃ শুচিরদ্রোহী ভৈক্ষানো ব্রহ্মভূয়ায় ভবতী"তি জাবালানং দর্শনং ভবতি ;—যচ্চ সন্ন্যাসোপনিষদি,—

"দীক্ষামুপেয়াৎ ; কাষায়বাসা ; কক্ষোপাস্থ লোমানি বর্জ্জয়েৎ, ঊর্দ্ধলোপায়ু র্বিমুক্তমার্গো ভবত্যনৈবচেৎ। ভিক্ষাশনং দধ্যাৎ, পবিত্রং ধারয়েৎ জন্তুসং রক্ষণার্থমি"তি। তদেতনির্ব্বাণকল্প বহির্ভূতামিতি বেদিতব্যম্ ॥১৮॥

অনিকেতপদং ব্যাচষ্টে,—'মহাশ্মশানে' ইতি। শবানাং হি স্থানং যৎ মহদ্ভবতি পরমেশ্বরশবস্যাপি স্থানং ব্রহ্ম সদনং শববাহনা চামুণ্ডা অবিমুক্তং

অন্যত্র কথিত হইয়াছে,—বিধিপূর্ব্বক চতুর্থাশ্রম স্বীকারের পর পরমহংস পরিব্রাজক কাষায় রস সিক্ত বিবর্ণ বসন পরিধান করিবে, মুণ্ডন করিবে ; পরিগ্রহ পরাঙ্মুখ হইবে, শৌচ কর্ম্মের অনুষ্ঠান করিয়া শুচি হইয়া থাকিবে ; সর্ব্বদা অদ্রোহ ভাবের পোষণ করিবে। ভিক্ষা করিয়া জীবিকা নির্ব্বাহ করিবে। এই রূপ করিলেই ব্রহ্ম ভাবে উপস্থিত হইবে। জাবালগণ এইরূপ দর্শন করিয়া থাকেন। সন্ন্যাসোপনিষদে উক্ত হইয়াছে,—দীক্ষা গ্রহণ করিবে ;— বস্ত্র কাষায়রস সিক্ত করিবে, কক্ষ ও উপস্থের লোম ছাড়িয়া অন্য সকল লোম বপন করাইবে ; দণ্ড ঊর্দ্ধাভিমুখে করিয়া ধারণ করিবে ; যদি এই বৃত্তিদ্বারা পরিচালিত হয়, তবে সন্ন্যাসী বিমুক্ত মার্গ হইবে, তাহার কোনও স্থলে কোনও রূপ প্রতিবন্ধ থাকিবে না। যাহাতে করিয়া ভিক্ষান্ন ভোজন করিবে, সেই ভিক্ষাশন পাত্র ধারণ করিবে ; এবং দংশমশকাদি নিবারণার্থ চামরাদিপিচ্ছ অথবা জলজন্তু বারণার্থ জলপবন বস্ত্রখণ্ড ধারণ করিবে। তা এসকল নির্ব্বাণ কল্পবহির্ভূত, এই নির্ব্বাণকল্প পরমহংস পরিব্রাজক, তুরীয় তুরীয়, এবং তুরীয়াতীত ও অবধূতগণই অধিকারী যদিও, তথাপি যাহারা নির্ব্বাণ কল্পের অত্যন্ত ঘনিষ্ঠ হইয়াছে, তাহাদিগের পক্ষেও সকল উপদেশ কোনই কার্য্যকারী নহে ও সকল প্রথমাদিকারীর পক্ষেই ব্যবস্থিত জানিতে হইবে ॥ ১৮ ॥

পূর্ব্বোপদর্শিত অনিকেত পদার্থের ব্যাখ্যা করিতে এই সূত্র বলিতেছেন ,— "মহাশ্মশানে" ইত্যাদি। শবের স্থানকে শ্মশান বলে। সেই শ্মশানের মধ্যে আবার যেটি অত্যন্ত মহৎ, তাহাকে মহাশ্মশান বলে। এ জগতে ক্ষুদ্র বৃহৎ

তচ্চানন্দানামুচ্চারণানাং বশশিষ বনং, তত্র বাসঃ কার্য্যঃ, ন তু শূন্যাগারাদিকা-মিতি। জাবালা হ্যেবং পশ্যন্তি,—"বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যং, যদন্নু কুরুক্ষেত্রং দেবানাং দেব যজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনং? অবিমুক্তংবৈকুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্। তস্মাদ্ যত্রকচন গচ্ছতি, তদেব মন্যেতেতীদং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্ম-সদনমত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমানেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে, যেনাসাব-

---

যাই শ্মশান দেখা যায়, তাহার মধ্যে একটিও মহাশ্মশান হইতে পারে না। কেন? না, এমন একটাও শ্মশান নাই, যেখানে সকল প্রকার শবের স্থান হয়। অবশ্য ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরও এক সময়ে মরিয়া থাকেন, এবং মৃত-ব্যক্তির দেহও শব বলিয়া কীর্ত্তন করা হয়। জাগতিক কোনও শ্মশানে ব্রহ্মার শবের স্থান হইতে কোনও পুরাণাদিতে দেখা যায় না; কিন্তু আছে —একটি স্থান আছে, যেখানে ঐ পরমেশ্বরের শব থাকিবার উপযুক্ত স্থল আছে। সেটি অবিমুক্ত, যাহা অপেক্ষা বিশেষরূপে অবিদ্যাকাম ক্রোধাদি দোষমুক্ত স্থল আর নাই. সেটি ব্রহ্মসদন, সর্ব্বাপেক্ষা বৃহৎ, দেশকাল বস্তুকৃত পরিচ্ছেদত্রয় রহিত ব্রহ্মের নিবাসস্থল. ব্রহ্মের অপূর্ব্ব মহিমা, যে অপূর্ব্ব মহি-মায় স্বয়ং রাজসনে বসিয়া স্বরাট্, যিনি ক্ষুদ্রবৃহৎ আনন্দরূপ বৃক্ষের বনের ন্যায় বন, সেই স্থান মহাশ্মশান হইলেও ভয়ের কোনই কারণ নাই; কিন্তু নিরব-চ্ছিন্ন আনন্দেরই প্রচুরতর কারণ বিদ্যমান আছে; সুতরাং সেই সাধারণ নিবাসের বিরুদ্ধ অনিকেত মহাশ্মশান আনন্দবনে বাস করিবে। এই মহা-শ্মশানকে অন্যান্য আচার্য্যগণ শবষাহনা চামুণ্ডা নামে কীর্ত্তন করিয়াছেন (দেবী উপনিষৎ।) জাবালগণ এই মহাশ্মশানকে ভিন্ন চক্ষে দেখিয়া থাকেন। তাঁহারা বলেন,—এক সময়ে মিথিলার উপবনে প্রশ্নকারী ঋষিসঙ্ঘ সমাধিকারী যাজ্ঞবল্ক, এবং জনক সভা। কুরুদারণ্যকে গল্পবিচার হইয়াছিল: কিন্তু এখানে বাদবিচার মাত্র হইয়াছিল, এই বিশেষ। তন্মধ্যে বৃহস্পতি ঋষি যাজ্ঞবল্ক কে জিজ্ঞাসা করিয়াছিলেন, ইন্দ্রিয়গণের আত্মপূজায় অধিকরণ, সকল ভূতের পক্ষেই ব্রহ্মের নিবাস স্থল সেই প্রসিদ্ধ কুরুক্ষেত্র কি? অবিদ্যাদশায় অবিদ্যা কামকর্ম্মাদি দোষ মুক্ত নহে বলিয়া সোপাধিক ঐশ্বর রূপই অবিমুক্ত, প্রাণক্ষেত্র (কুরুক্ষেত্র), ইন্দ্রিয়গণ বিষয়ের উপহার দিয়া পরমাত্মার পূজা করে বলিয়া

একান্তস্থানম্ ॥ ২০ ॥

মৃতীভূত্বা মোক্ষী ভবতি। তস্মাদবিমুক্তমেব নিষেবেতাবিমুক্তং ন বিমুঞ্চেদেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্যঃ। ইতি ॥১৯॥

তত্রাপ্যুচ্চারণ ভাবরহিত মে কস্যাপি, কিং দ্বয়োর্বহূনাঞ্চান্তঃ শেষোভাবো যত্র, তথাভূতং স্থানমেব, ন দ্বৈতেনাবর্জ্জিতং গ্রহণীয়ম্ ॥ ২০ ॥

দেবযজন, সকল ভূতের পক্ষেই ব্রহ্মের নিবাস স্থল বলিয়া ব্রহ্মসদন, অতএব যে কোন স্থলেই থাক, মনে করিবে—এই স্থূল দেহই আমার সেই অবিমুক্ত কুরুক্ষেত্র, দেবযজন ও ব্রহ্মসদন। এই অবিমুক্ত ক্ষেত্রে প্রাণীমাত্রেরই প্রাণগণ-উৎক্রমণ করিলে, রুদ্র সদাশিব, বা বামনদেব তাহার নিকট সংসার-সমুদ্র-তরণের কারণস্বরূপ সত্যজ্ঞানাদিলক্ষণ ব্রহ্মকে তত্ত্বমস্যাদি বাক্য দ্বারা উক্ত হইলেও তখন স্মরণ করাইয়া দেন, যে ব্যাখ্যা করার ফলে সে জন্ত 'অহং-ব্রহ্মাস্মি' ইত্যাকার অভিমান দ্বারা অমৃতীভূত হইয়া, পূর্ব্বে "অহং কর্ত্তা, অহং ভোক্তা" ইত্যাদি জ্ঞানদ্বারা মৃত থাকিলেও অবিদ্যাদশায় অমোক্ষ থাকিলেও মোক্ষী হয়, মুক্ত হইয়া যায়। অতএব অবিমুক্তের সেবা করিবে। যতদিন সাক্ষাৎকার না হয়, ততদিন অবিমুক্তের পরিত্যাগ করিবে না। যাজ্ঞবল্ক্য এইরূপ বলিয়াছিলেন। ইহার পর অত্রি জিজ্ঞাসা করেন, সেই তারকব্রহ্মকে কি করিয়া জানিব? যাজ্ঞবল্ক্য উত্তর করেন, অবিমুক্তে তিনি প্রতিষ্ঠিত, সুতরাং অবিমুক্তের উপদেশ কর। আবার প্রশ্ন করেন, অবিমুক্ত কোথায় প্রতিষ্ঠিত? আবার উত্তর করেন,—বরণা ও নাসীর মধ্যে প্রতিষ্ঠিত। বরণা ও নাসীর স্থান কোন্‌টা? ভ্রূ ও ঘ্রাণের সন্ধি, ইহাই মহর্ষি যাজ্ঞবল্ক্যের উত্তর। অতএব এই দেহই কাশীক্ষেত্র বা অবিমুক্ত বারাণসীক্ষেত্র, বা কুরুক্ষেত্র। যাহাই হউক, জাবালদিগের মতে এই দেহই বারাণসী, আনন্দবন মহাশ্মশান। এই দেহেই অবিদ্যাদি মহাশবের দাহকার্য্য সমাহিত হয়; সুতরাং স্থূলে এই দেহ মহাশ্মশান; সূক্ষ্মে সোপাধিক ঈশ্বর অবিমুক্তক্ষেত্রে, আনন্দবন, মহা-শ্মশান। সেই মহাশ্মশানে আনন্দবনে বাস করিবে, অন্য কোন শূন্যাগারাদিতে বাস করিবে না ॥ ১৯ ॥

সেই মহাশ্মশানে বাস করিয়া ও একান্তে অবস্থান করিবে উচ্চারণ ভাব

আনন্দমঠম্ ॥ ২১ ॥

উন্মন্যবস্থা ॥ ২২ ॥

তত্রাহি স্বকীয়মানন্দ মঠং প্রতিষ্ঠাপয়েৎ ॥ ২১ ॥

প্রতিষ্ঠিতে চানন্দমঠে উন্মন্যবস্থাঽবর্ত্তয়িতব্যা। অবস্থীয়ত ইত্যবস্থা স্থিতিঃ, সাচ উন্মনী কর্ত্তব্যা। মকারাংশস্য সুষুপ্তিমাত্রাচতুষ্টয়স্যার্দ্ধার্দ্ধম্ "উন্মন্যাং সুষুপ্ত প্রাজ্ঞ" ইতি পরমহংস পরিব্রাজকোপনিষদ্বাক্যাৎ। সুষুপ্তিকালীন প্রাজ্ঞভাবঃ সম্পাদয়িতব্য আবর্ত্তয়িতব্যোঽপি ব্রহ্মপ্রণবস্যাংশ স্তব এব ॥ ২২ ॥

স্থিত দুই বা বহুর কথা কি বলিব, যথায় একের ও অভাব, তাদৃশ দ্বৈত রহিত স্থানেই অবস্থান করিবে। যেমন প্রাণী মাত্রেই একটা একটা গ্রামের কোন ও একটা বাটিতে বাস করে, সেইরূপ পরমহংস পরিব্রাজক অবিমুক্ত সোপাধিক ঈশ্বর ক্ষেত্রে অদ্বৈত স্বরূপ স্থানে অবস্থান করিবে ॥ ২০ ॥

সেই অদ্বৈতেই নিজের একটি মঠ স্থাপন করিবে। সেই মঠের যাবতীয় উপাদান আনন্দ ভিন্ন আর কিছুই হইবে না ; অর্থাৎ অদ্বৈত স্থানে আনন্দস্বরূপ মঠে অবস্থান করিবে ॥ ২১ ॥

আনন্দমঠ প্রতিষ্ঠিত হইলে, তথায় অবস্থান করিয়া উন্মনী অবস্থার আবর্ত্তন করিবে। অবস্থা শব্দের অর্থ স্থিতি। সেই স্থিতি উন্মনীই হইবে। পরমহংস পরিব্রাজক উপনিষদে দেখা যায়, মকার অংশের সুষুপ্তি মাত্রা চারিটী তন্মধ্যে সুষুপ্ত প্রাজ্ঞ অবস্থাই উন্মনী অর্থাৎ উন্মনী অবস্থায় সুষুপ্ত প্রাজ্ঞের ভাব গ্রহণ করিতে হইবে। সুষুপ্তিকালে যেরূপ প্রাজ্ঞ সৎসম্পন্ন হইয়া যায়; বাহ্য বা আভ্যন্তর কোন প্রকার দ্বৈত জ্ঞানাদ্বই থাকে না; তাদৃশ অবস্থার আনয়ন করিবে। একেবারে সেই মঠে সুখসুষুপ্তির আশ্রয় গ্রহণ করিবে। জ্ঞানধারা নির্ম্মল গঙ্গা স্রোতের ন্যায় ছাড়িয়া দিয়া অপ্রতিহতভাবে নিবাত নিষ্কম্পদীপ শিখার ন্যায় চির প্রশান্ত রূপে অবস্থান করিবে ॥ আবশ্যক হইলে ব্রহ্মপ্রণবের মকারাংশচতুষ্টয়ের সুষুপ্ত প্রাজ্ঞ, বা উন্মনী অবস্থান আনায়ন করিবে। অধোভাগে নামিতে চেষ্টা না করিয়া উন্মনী হইতেই ব্রহ্ম প্রণবের আলোচনা করিবে। ইহাদ্বারা পরমহংস পরিব্রাজক মুক্ত হইবে ॥ ২২ ॥

শারদাচেষ্টা ॥ ২৩ ॥
উন্মনী গতিঃ ॥ ২৪ ॥

তদাহ,—'শারদা চেষ্টে'তি। শারদা বাগ্‌দেবী, তস্যা শ্চেষ্টাইব চেষ্টা কর্ত্তব্যা। বাগ্দেবী যথা পরাতঃ স্ফুরদ্রূপা, পশ্যন্ত্যাঃ স্ফুটদ্রূপা, মধ্যমায়াঃ পুষ্যদ্রূপা, বৈখর্য্যাঃ কেবলমর্থং প্রকাশয়তি নান্যৎ, এবং পুর্য্যাং তুরীয়বিশ্বং প্রকাশ্য, মধ্যমায়াং তুরীয়তৈজসং পুষ্যদ্রূপং বিভাব্য, পশ্যন্ত্যাং তুরীয় প্রাজ্ঞং স্ফুটদ্রূপং সন্ধার্য্য, পরায়াং তুরীয় তুরীয়ং স্ফুরদ্রূপং পরিপশ্যেৎ, নান্যৎ। এবং হি শারদা চেষ্টা ভবতি ॥ ২৩ ॥

পরিত্যক্তা মনোন্মনীতি সংগৃহ্যতি বিলোমগতয়ে উন্মনীগতিরি"তি। উন্মনীতো গতির্ভবতীতি ॥ ২৪ ॥

ঐটি পরিষ্কার করিয়া বলিতেছেন; "শারদা" ইত্যাদি শারদা শব্দে বাগ্দেবী। তাঁহার চেষ্টার ন্যায় চেষ্টা করিবে। যেমন বাগ্দেবী পরাস্থানে স্ফুরদ্রূপা। পশ্যন্তী স্থানে স্ফুটদ্রূপা মধ্যমাস্থানে পুষ্যদ্রূপা। বৈখরী স্থানে স্থূল ভাবে কেবল অর্থই প্রকাশ করে, আর কিছুই করে না, সেইরূপে পুরীতে (কণ্ঠতাদাদি স্থানে) তুরীয় বিশ্বের প্রকাশ করিয়া; মধ্যমায় তুরীয় তৈজসের কিঞ্চিৎ পুষ্টরূপ বিভাবিত করিবে, তথা হইতে পশ্যন্তী স্থানে যাইয়া তুরীয় প্রাজ্ঞের পরি স্ফুটিতরূপের সন্ধান করিবে। তার পর পরাস্থানে যাইয়া তুরীয় তুরীয়ের পরিস্ফুরিতরূপের পরিদর্শন করিবে, অন্য কিছুই দেখিবে না। এইরূপ করিলেই শারদা চেষ্টা করা হইবে ॥২৩॥

উন্মনী অবস্থার আবর্ত্তন করিতে উপদেশ করা হইয়াছে। তাহার পরে শারদা চেষ্টার আশ্রয় গ্রহণ করিয়া ও আদেশ করা হইয়াছে তদ্দ্বারায় মনোন্মনী অবস্থার পরিত্যাগ করা হইয়াছে; সুতরাং বিলোম গতি অনুসারে যাইতে হইবে, ইহা দ্বারা সেই মনোন্মনী অবস্থার সংগ্রহ হইয়া যাইবে, ইহা বুঝাইবার জন্য বলিতেছেন; উন্মনীগতিঃ "ইতি। উন্মনী অবস্থা হইতেই গতি করিতে হইবে। তাহা হইলে হইতেছে, উন্মনী মনোন্মনী, পুরী মধ্যমা, পশ্যন্তী, ও পরা, ছয়টি অবস্থার আবর্ত্তন করিবে ॥ ২৪ ॥

নির্ম্মলগাত্রম্ ॥ ২৫ ॥

নিরালম্বপীঠম্ ॥ ২৬ ॥

অমৃতকল্লোলানন্দক্রিয়া ॥ ২৭ ॥

এবঞ্চ সতি নির্ম্মলং ভবতিগাত্রং বিগত দেহাংঙ্কারত্বাৎ। তেনৈব ব্রহ্ম প্রকাশতে। তেন বিদেহমুক্তিরিতি ॥ ২৫ ॥

কিঞ্চ নিরালম্বপীঠং তত এব সিদ্ধং ভবতি ॥ ২৬ ॥

তদাচ আনন্দভাতিরমৃত কল্লোল একান্ততোঽত্যন্তশ্চ তরঙ্গভঙ্গ রহিতা প্রকাশতে ॥ ২৭ ॥

উক্তরূপে ব্রহ্ম প্রণবের সন্ধান করিলে গাত্র নির্ম্মল হয় * দেহে যে অহং বুদ্ধি রূঢ়ভাবে থাকে, তাহার বিলোপ হয়। তাহার বিলোপেই ব্রহ্ম স্বয়ং প্রকাশিত হইয়া থাকেন। ইহাকেই বিদেহ মুক্তি বলে ॥ ২৫ ॥

বসিতে হইলে একটি আসন কিছু থাকা আবশ্যক। নিরাসনে বসিতে নাই; সুতরাং পূর্ব্বোক্ত প্রণালী অনুসারে যে আনন্দতত্ত্ব উপস্থিত, সেই আনন্দতত্ত্ব সর্ব্বথা আশ্রয় রহিত বলিয়া নিরালম্বশব্দবাচ্য। সেই নিরালম্বই পীঠের ন্যায়—আসনের ন্যায় পরমহংস পরিব্রাজক গ্রহণ করিবে। যদিই উপবেশন করিবার প্রয়োজন হয়, তবে সেইআনন্দতত্ত্বেই উপবেশন করিবে ॥ ২৬ ॥

সেই সময়ে যে আনন্দ তত্ত্বের প্রভাতি হয়, তাহার আর কোন রূপ কল্লোল, তরঙ্গভঙ্গ থাকে না; তাহা অমৃত কল্লোলময় হইয়া যায়,—অর্থাৎ সেই আনন্দ ভাবিই চিরস্থায়ী অক্ষুণ্ণ হইয়া থাকে ॥ ২৭ ॥

---

* দেহে অহং জ্ঞান থাকায়, আমি স্থূল, আমি সূক্ষ্ম কৃশ, আমি অন্ধ, কাল, বধির, খঞ্জ, বোকা ইত্যাদি ধর্ম্ম সকল আত্মনিষ্ঠ বলিয়া বোধ হয়। শাস্ত্র বিচার দ্বারা যে সকল তিরোহিত হইলে ও সমূলে উন্মূলিত হইবে দেখা যায় না। তবে আত্মার সাক্ষাৎ করা হইলে, এবং সেই আত্ম সাক্ষাৎকার প্রারূঢ় থাকিলে, ঐ বোধ একবারে হয় না। তখন নির্ম্মল গাত্র হয়।

পাণ্ডরগগনম্ ॥ ২৮ ॥

মহাসিদ্ধান্তঃ ॥ ২৯ ॥

শমদমাদিদিব্যশক্ত্যাচরণে ক্ষেত্রপাত্রপটুতা ॥ ৩০ ॥

যথা পাণ্ডরংগগনং মেঘবিহগম লীমসবায্বাদিহীনং শুক্লং স্তিমিতঞ্চ দৃশ্যতে, তদ্বৎ যথাবৎস্থিরম্ ॥ ২৮ ॥

অয়মেব মহাসিদ্ধান্তঃ কেনচিচ্চ স্খলতা পুনরাগন্তব্য এব সাধনমনুষ্ঠায় যত্নত ইতি বিবেক্তব্যম্ ॥ ২৯ ॥

যতো ভবত্যস্মাদপি স্খলনং ক্বচিৎ প্রমত্তস্য, ততঃ প্রাগনুষ্ঠিতানামিহোপসংহারঃ করণীয়ঃ। "শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ শ্রদ্ধাবিত্তো ভূত্বাঽঽত্মন্যেবাত্মানং

যেমন পাণ্ডর আকাশ, মেঘ, বিহগ ও মলীমস বায়ু-আদি রহিত হইয়া নির্ম্মল শুক্ল এবং সর্ব্ববিধ উপদ্রব রহিত বলিয়া প্রতীয়মান হয়, সেইরূপ ॥ ২৮ ॥

ইহাই সমস্ত সিদ্ধান্তের শেষ সিদ্ধান্ত, সুতরাং মহা সিদ্ধান্ত এ-ই যদি কোন কারণে পরমহংস পরিব্রাজক স্বরূপ হইতে দূরে স্খলিত হয়, তবে যত্ন পূর্ব্বক সাধনের অনুষ্ঠান করিয়া আবার এত দূরে আসিতে চেষ্টা করিবে। ইহার পরে আর জ্ঞাতব্য, বা প্রাপ্তব্য কিছুই নাই, ইহা বিবেচনা করিতে হইবে ॥ ২৯ ॥

যে হেতু অনবধান সাধকের এ স্থান হইতে ও ক্বচিৎ স্খলন হয়, সেই হেতু পূর্ব্বে অনুষ্ঠিত কতকগুলি সাধনের এখানে উপসংহার করিতে হইবে। শান্ত, দান্ত, উপরত, বিবিক্ষু ও শ্রদ্ধ, যুক্ত হইয়া নিজের আত্মাতেই আত্মার সাক্ষাৎ কার করিবে। এই শ্রুতিতে কথিত শম, দম, উপরতি, তিতিক্ষা, শ্রদ্ধা, বীর্য্য, স্মৃতি ও সমাধির অনুষ্ঠান দ্বারা দিব্যশক্তির আচরণ—সঞ্চয় করিবার জন্য দেহ ক্ষেত্র ও চিত্তরূপ পাত্রের পটুতা কার্য্য কুশলতা আধান করিবে। যদিও তাহার দেহ ও মনঃ পূর্ব্বেই তাদৃশ ভাবে প্রস্তুত করিয়া লওয়া হইয়াছিল, তথাপি সেই সকল ক্রিয়ার দ্বারায় যে সংস্কার উৎপাদন করিয়া তাদৃশভাবে প্রস্তুত করা হইয়াছিল, স্খলনের প্রচুরতর কারণ দ্বারা সেই সংস্কারগুলির ব্যাঘাত ঘটান হইয়াছে; সুতরাং সাধক স্খলিত হইয়াছে। অতএব পুনশ্চ সেই সংস্কার উৎপাদন করিয়া দেহে ও মনে তাহার আধান (স্থাপন) করিতে হইবে। তাহা

পরাবরসংযোগঃ ॥ ৩১ ॥

তারকোপদেশঃ ॥ ৩২ ॥

পশ্যেদি"ত্যুক্ত শমদমাদিভিঃ সাধনৈ দিব্যায়াঃ শক্তের্বিগ্রায়া আচরণে সঞ্চয়ার্থং-ক্ষেত্রস্য দেহস্য পাত্রস্য চ চেতসঃ পটুতাঽধাতব্যা ॥ ৩০ ॥

তৈশ্চ সমাধিপর্যন্তৈঃ পরেণ ব্রহ্মণাঽবরস্য জীবস্য জগতশ্চ সংযোগঃ পুনঃ সম্পাদয়িতব্যঃ ॥ ৩১ ॥

তীর্থাদেব পুনরপি তারকস্য প্রণবস্য যথোদ্দেশ মুপদেশো গ্রাহ্যঃ ; নতু স্বয়-মেব ॥ ৩২ ॥

হইলে যেমন সত্বরই অগ্রসর হওয়া যাইবে, আবার তেমনই স্থায়ীভাবে সমাধির আবির্ভাব করা সম্ভবপর হইবে। দেহে ক্লেশে মনের বিক্ষেপ হয়, আবার মনের বিক্ষেপ হইলে দেহের অবাস্থ্য ঘটিয়া থাকে,-এই জন্য দেহ ও মনকে একাকারের করিয়া গঠিত করিতে হইবে। সেই জন্যই পটুতার আধান করিতে আদেশ করা হইল ॥ ৩০ ॥

সেই সকল সাধনের অনুষ্ঠান দ্বারা ব্রহ্মের সহিত জগতের, ব্রহ্মের সহিত জীবের এবং জীবের সহিত জগতের সংযোগ আবার সম্পাদিত করিতে হইবে। তত্ত্বম-স্যাদি মহাবাক্যে বিশিষ্টার্থ ও অখণ্ডার্থ পর্য্যালোচনা করিতে হইবে ॥ ৩১ ॥

এবং গুরুর নিকটেই সংসার সাগরের তারক, ব্রহ্ম স্বরূপের বাচক প্রণবের যেরূপ উচ্চারণাদি কথিত হইয়াছে, সেইরূপ উপদেশ গ্রহণ করিবে। এস্থলে জ্ঞাতব্য এই যে, স্বয়ং উপদেশ লইলে হইবে না। গুরুমুখে শুনিয়া তবে অনুষ্ঠান করিতে হইবে ॥ ৩২ ॥ *

---

* শৌচ, সন্তোষ, তপ, স্বাধ্যায় ও ঈশ্বর প্রনিধানকে মহর্ষি পতঞ্জলি ক্রিয়াযোগ বলিতেছেন ; কিন্তু তন্মধ্যে স্বাধ্যায়ের কথা এই সূত্রে কথিত হইল। শৌচ, সন্তোষ, ও তপঃ কথা বলা হয় নাই। অতএব ঐ তিনটির উপসংহার করার প্রয়োজন নাই, উচ্চাধিকারে ওগুলির কিছুই প্রয়োজন হয় না।

অদ্বৈতসদানন্দোদেবতা ॥ ৩৩ ॥
নিয়মস্বান্তরিন্দ্রিয়নিগ্রহঃ ॥ ৩৪ ॥

তস্য চ দেবতা পুনরাস্থেয়া অদ্বৈত সদানন্দ এব। চিতোদণ্ডরূপেণ গ্রাহ্যত্বাৎ ॥ ৩৩ ॥

সতি চ যস্যনিগ্রহে পতনমাসীৎ, তস্যৈবান্তরিন্দ্রিয়স্য মনসো নিশ্চয়েন গ্রহঃ করায়ত্তী করণমেব নিয়মঃ কর্ত্তব্যঃ; প্রত্যহং করিষ্যামিতি, তথাচ পুনঃ পুনরিতি ॥ ৩৪ ॥

সেই ব্রহ্ম প্রণবেয় অনুসন্ধান কালে তাহার বাচ্য দেবতা অদ্বৈত সদানন্দ পরব্রহ্মকেই গ্রহণ করিবে। দ্বৈতগন্ধহীন নিত্যসিদ্ধ আনন্দতত্ত্বই দেবতা। দেবতা বলা হইল কেন? না, নিত্যসিদ্ধ আনন্দতত্ত্বই যে নিত্যসিদ্ধ স্বয়ম্প্রকাশ পদার্থ; সেই জন্য দেবতা বলা হইল। দেবতা হইলেই একটু পূর্ণ পদার্থ হইতে ন্যূনতা থাকা আবশ্যক। তাই অদ্বৈত, সৎ, আনন্দ, এই তিনটি শব্দের বাচ্যার্থ গ্রহণ করিতে আদেশ করা হইল; বিদ্রূপের কথা বলা হইল না, পরে বলা হইবে, সেই বিদ্রূপই তাহার দণ্ড হইবে। তদ্দ্বারা বিভাগক্রমে পূর্ণতা সম্পাদন হইবে ॥ ৩৩ ॥

যাহার অনিগ্রহ বশতঃ পতন হইয়াছে, সেই অন্তরিন্দ্রিয় মনের নিগ্রহ নিশ্চয় রূপে গ্রহ—করায়ত্তীকরণরূপ নিয়ম করিবে। আমি প্রত্যহই করিব, এইরূপ নিয়মের অধীন হইবে। আবার তাহার বারবার অনুষ্ঠানও করিবে। তদ্দ্বারা তাহার বাহেন্দ্রিয় সকল ছিন্নমূল বৃক্ষের ন্যায় আপনা আপনি প্রশান্ত হইবে। বিষয় গ্রহণার্থ চাঞ্চল্য প্রকাশ করিতে আর সমর্থ হইবে না ॥ ৩৪ ॥ *

---

* যদিও অন্যত্র সাটোপভাবে অন্তরিন্দ্রিয় ও বহিরিন্দ্রিয়ের নিগ্রহ করিবার উপদেশ আছে, তথাপি এই সূত্র দ্বারা কেবল অন্তরিন্দ্রিয় নিগ্রহ করিবার আদেশ মাত্র পাওয়া যাইতেছে। স্বান্ত শব্দ অকারান্ত ক্লীবলিঙ্গে পঠিত হয়; সুতরাং শান্তরিন্দ্রিয় শব্দ সিদ্ধ হয় না বৈদিক শব্দ গিয়া যদিও কোনরূপে রক্ষা করিতে পারা যায়, তথাপি যুক্তি দ্বারা মনের নিগ্রহ ব্যতিরেকে বাহেন্দ্রিয় নিগ্রহ করা অসম্ভব বলিয়া সেই অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ করিবার কথাই উক্ত হইয়াছে মাত্র।

ভয়মোহশোকক্রোধত্যাগস্ত্যাগঃ ॥ ৩৫ ॥

ভয়মোহশোক ক্রোধানামনিষ্টকারিণামপিত্যাগ এব ত্যাগাখ্যঃ সাধনবিশেষঃ সম্পাদয়িতব্যঃ। তথৈতদত্রোক্তম্;—

"অথ পুরুষস্য কামক্রোধ লোভাখ্যং রিপুত্রয়ং সুঘোরং ভবতি। পরিগ্রহ প্রসঙ্গাদ্ বিশেষেণ গৃহাশ্রমিনঃ। তেনায়মাক্রান্তোঽতিপাতক মহাপাতকানুপাতকোপপাতকেষু প্রবর্ত্ততে। জাতিভ্রংশকরেষু সঙ্করীকরণেষ্বপাত্রীকরণেষু। মলাবহেষু প্রকীর্ণকেষু চ।

ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ ॥" ইতি।

তথা গীতায়ামপি;—

"কাম এষ ক্রোধ এষ রজোগুণ সমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহবৈরিণম্ ॥" ইতি।

অয়মত্র বিশেষো বেদিতব্যঃ ॥ ৩৫ ॥

অনিষ্টকারী ভয়, মোহ, শোক, ও ক্রোধের ত্যাগই ত্যাগনামক সাধনা বিশেষ সম্পাদন করিবে। এই স্থলে ববাহনাম বিষ্ণু বলিয়াছেন;—পুরুষের পক্ষে কাম, ক্রোধ, ও লোভ নামে সুঘোর রিপুত্রয় আছে। বিশেষতঃ গৃহাশ্রমীর পক্ষে পরিগ্রহ প্রসঙ্গ আছে বলিয়া আরও সুঘোর। পরিগ্রহ প্রসঙ্গ আছে বলিয়া এই গৃহী ও অন্যাশ্রমী কাম, ক্রোধ, ও লোভ দ্বারা আক্রান্ত হইয়া অতিপাতক, মহাপাতক, অনুপাতক, ও উপপাতকে প্রবর্ত্তিত হয়। জাতি ভ্রংশকর পাতকেও সঙ্করীকরণ পাতকে, অপাত্রীকরণ পাতকে, মলাবহপাতকে, এবং প্রকীর্ণক পাতকেও প্রবর্ত্তিত হয়। এই কাম, ক্রোধ, ও লোভ, এ তিন প্রকার ভাব আত্মার নাশ কারক পাপ রাজ্যে প্রবেশ করিবার, এবং নরক প্রবেশের দ্বার স্বরূপ। অতএব এই তিনটির ত্যাগ করিবে। গীতাতেও উক্ত হইয়াছে;—এই কাম, আর এই ক্রোধ, এই দুইটি রজোগুণ হইতেই সমুদ্ভূত হইয়া থাকে। ইহাদিগের ভোজন অপরিসীম, ভোজ্য পাইলে বাড়িয়াই চলে, এবং পাপকর উপায়ের প্রধানতম উপায়; অতএব তুমি ইহাকে বৈরী বলিয়া জান। যদিও গীতায় ইহাকে শত্রুজ্ঞানে পরিত্যাগ করিবার উপদেশ দিয়াছেন, তথাপি কোন ভাষ্যকার, বা টীকাকার সর্ব্বা-

পরাবৈক্যরসাস্বাদনম্ ॥ ৩৬ ॥

অনিয়ামকত্বনির্ম্মলশক্তিঃ ॥ ৩৭ ॥

স্বপ্রকাশব্রহ্মতত্ত্বেশিবশক্তিসম্পুটিতপ্রপঞ্চচ্ছে (ভে)

দনম্ ॥ ৩৮ ॥

ন কেবল মেতেনৈব কালোঽতিপাত্যঃ, করণীয়ঞ্চ পরাবরয়োঃ ঐক্যরসস্যা স্বাদন মুপভোগঃ ॥ ৩৬ ॥

এব মনুষ্ঠিতে চাপ্রমাদং বিদ্যায়া অনিয়ামকত্বাত্মিকা শান্তস্বচ্ছপ্রবাহা শক্তিরাবির্ভবতি ॥ ৩৭ ॥

সম্বন্ধমাত্রেণৈব যা ভবতি স্বপ্রকাশ ব্রহ্মস্বরূপে তত্ত্বে প্রপঞ্চজালস্য তেদনং ভেদো, যস্যচোর্দ্ধং মূলং সহস্রারে শিবঃ, অধশ্চ মূলাধারে পরাবিদ্যা কুণ্ডলী শক্তি র্মধ্যে চ প্রপন্নপঞ্চসংখ্যকস্য পদ্মস্য সংস্থানম্। তেন চ প্রপঞ্চ সংস্থানং সম্পুটিত-মিব ভবতি ॥ ৩৮ ॥

পেক্ষা এত্যাগকে একটি প্রধানতম সাধন বলিয়া মনেই করিতে পারেন নাই; কিন্তু প্রকৃত প্রস্তাবে ইহার ত্যাগে সিদ্ধি লাভ করিলে, মানবের পতন হইবার আশঙ্কা আর থাকে না। এইজন্যই করুণাময়ী শ্রুতি ঐ সকল ভাবের ত্যাগ যে প্রধানতম সাধন, তাহা স্পষ্ট ভাষায় সূত্রে স্থান দিয়াছেন; সুতরাং পরমহংস পরিব্রাজকের সর্ব্বাগ্রে এদিকে লক্ষ্য করা কর্ত্তব্য ॥ ৩৫ ॥

কেবল যে এই সকল করিলেই হইবে, তাহা নহে, উহার সহিত ব্রহ্মাত্মৈক ত্বরসের আস্বাদন উপভোগও কর্ত্তব্য ॥ ৩৬ ॥

এইরূপ অনুষ্ঠান করিতে থাকিলেই যদি ইহার মধ্যে অনবধানতা না থাকে, তবে ব্রহ্মাত্মৈকত্ববিদ্যার অনিয়ামকত্বাত্মক প্রশান্ত স্বচ্ছ প্রবাহশালিনী বিশেষ শক্তির আবির্ভাব হইবে। ব্রহ্ম বিদ্যার সেই লোকোত্তর শক্তি স্বয়ং আবির্ভূত হইবে ॥ ৩৭ ॥

যে শক্তি আবির্ভূত হইবা মাত্র স্বপ্রকাশ স্বরূপ ব্রহ্মতত্ত্বে প্রপঞ্চজালের ভেদ সাধিত হয়, যাহারা ঊর্দ্ধভাগে সহস্রদল কমলে পরমশিব মূল, অধোভাগে মূলাধারে পরাবিদ্যা কুণ্ডলী শক্তি, এবং মধ্যে পঞ্চসংখ্যক পদ্মের সংস্থান আছে। সেই

পত্রাক্ষাক্ষিকমণ্ডলভাবাভাবদহনম্ ॥ ৩৯ ॥

বিভৃত্যাকাশাধারম্ ॥ ৪০ ॥

ইতি ঋগ্বেদান্তর্গত নির্ব্বাণোপনিষদি দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

তথা পত্রাক্ষাণাং দলাত্মনাং ককারাদিবীজাক্ষরাণাং, আক্ষিকমণ্ডলস্য চ ইন্দ্রিয়ানামধিষ্ঠাতুঃ সূর্য্যাদের্ভাবানাং শব্দাদীনামভাবানামজ্ঞানাদীনাং দহনং দাহশ্চ ভবতি শক্তিহীনত্বেনাবস্থানাৎ ॥ ৩৯ ॥

এব মসৌ বিদ্যা বিভৃত্যা পালনেন আকাশং ব্রহ্ম আধারত্বেনাধারং প্রাপ্নোতি প্রাপয়তি চাভিন্নম্। অভ্যাসোঽধ্যায় সমাপ্তয়ে বেদিতব্য ॥ ৪০ ॥

ইতি ঋগ্বেদান্তর্গত নির্ব্বাণোপনিষদ্বৃত্তৌ দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

পরাশক্তি ও পরমশিবদ্বারা প্রপঞ্চসংস্থান যে সম্পুটিত ভাবেই আছে। ইহা গুরুগম্য ষট্‌চক্র ভেদ ॥ ৩৮ ॥

সেইরূপ পত্রাক্ষ দল স্বরূপ ককারাদি বীজাক্ষরসমূহের, আক্ষিকমণ্ডল ইন্দ্রিয়গণের অধিষ্ঠাতা সূর্য্যাদিদেবের, ভাব শব্দাদির, ভাব বিরুদ্ধ ভাব অজ্ঞানাদির, দাহ হয়, শক্তি লোপ পায়, কার্য্য করিবার যোগ্যতা নষ্ট হয় ॥ ৩৯ ॥

উক্তবিদ্যা এইরূপে পালন করিয়া আকাশের ন্যায় নির্লেপ অসঙ্গোদাসীন পরব্রহ্মকে নিজে পায় এবং সাধককেও অভিন্ন ভাবে পাওয়াইয়া দেয়। সূত্রের দ্বিরুক্তি অধ্যায় সমাপ্তির জন্য ॥ ৪০ ॥

ইতি নির্ব্বাণোপনিষদ্বৃত্তির বঙ্গানুবাদে দ্বিতীয় অধ্যায় ॥ ২ ॥

অথ তৃতীয়োঽধ্যায়ঃ।

—:(+):—

শিবং তুরীয়ং যজ্ঞোপবীতম্ ॥ ১ ॥

এবং দ্বিতীয়েনাধ্যায়েন লভ্যাদ্বৈত পরব্রহ্ম স্বরূপং লাভস্তদপহানে প্রাপ্ত্যপায়ঞ্চ বর্ণয়তা সমতীতম্। অথ "অযজ্ঞোপবীতী কথং ব্রাহ্মণঃ" ইত্যাদ্যখিল প্রশ্ন সমাধানায় তৃতীয়াধ্যায়ঃ প্রবর্ত্ততে। তস্যেদমাদিমং সূত্রম্ 'শিবং তুরীয়ং যজ্ঞোপবীতমি'তি। "শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে" ইত্যুক্তং পূর্ব্বাচার্য্য মতং তুরীয়মেব শিবং যজ্ঞোপবীতং কুর্ব্বীত। তদাহ ব্রহ্মোপনিষৎ;—

"সশিখং বসনং কৃত্বা বহিঃ সূত্রং ত্যজেদ্বুধঃ।
যদক্ষরং পরং ব্রহ্ম তৎসূত্রমিতি ধারয়েৎ ॥

এইরূপে লভ্য অদ্বৈত পরব্রহ্মের স্বরূপ, তাহার লাভ, এবং লাভ হইলেও তাহাতে অপ্রতিষ্ঠায় পুনঃ প্রাপ্তির উপায় বর্ণনা করিয়া দ্বিতীয় অধ্যায় পরি সমাপ্ত হইয়াছে। এখন সে যদি যজ্ঞোপবীত পরিত্যাগ করে, তবে সে ব্রাহ্মণ থাকে কি প্রকারে? ইত্যাদি বহুবিধ প্রশ্নের সমাধান করিবার জন্য এই তৃতীয় অধ্যায় প্রবর্ত্তিত হইতেছে। সেই তৃতীয় অধ্যায়ের সূত্র হইতেছে এই,—"শিবং তুরীয়মি" ত্যাদি। যাঁহাকে আচার্য্যেরা চতুর্থ বলিয়া মনে করেন, সেই পরব্রহ্মই তাহার যজ্ঞোপবীতের কার্য্যকারী বলিয়া যজ্ঞোপবীতের সমান। অতএব তাহাকেই যজ্ঞোপবীত বোধে ধারণ করিবে। যদিও এই ধারণের উপদেশ জ্ঞানীর পক্ষে সম্ভবে না, তথাপি লৌকিক আশঙ্কা নিবৃত্তির জন্য বাগ্রূপাশ্রুতি এই কথা বলিতেছেন। অন্যে বলিয়াছে বিবিদিষাসন্ন্যাসীর পক্ষে এই ব্যবস্থা। নারায়ণ বলিয়াছেন, এই যজ্ঞোপবীত কর্ম্মের অঙ্গীভূত। ইহা ত্যাগ করিয়া সন্ন্যাসযোগ গ্রহণ করিবে; তাহা উপপন্ন হয় না; কারণ, ব্রহ্মোপনিষদে আম্নাত হইয়াছে. "স বিদ্বান্ যজ্ঞোপবীতী স্যাৎ" সেই 'ইদমহমস্মী'ত্যাকার জ্ঞানশালী বিদ্বান্ যজ্ঞোপবীতীই হইবে, তাহার যজ্ঞোপবীত ত্যাগ করা হইবে না। ইহাদ্বারা বিদ্বানের পক্ষেই এই যজ্ঞোপবীতের কথা বলা হইয়াছে, অজ্ঞানের পক্ষে নহে। অতএব

সূচনাৎ সূত্রমিত্যাহুঃ সূত্রংনাম পরংপদম্।
তৎসূত্রং বিদিতং যেন সবিপ্রো বেদপারগঃ॥
যেন সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণাইব।
তৎসূত্রং ধারয়েদ্‌যোগী যোগবিত্তত্ত্ব দর্শিবান্॥
বহিঃ সূত্রং ত্যজেদ্বিদ্বান্ যোগমুক্তমমাস্থিতঃ।
ব্রহ্মভাবমিদং সূত্রং ধারয়েদ্যঃ সচেতনঃ॥

এটি সিদ্ধানুবাদ মাত্র, বিধির নহে, বা বিবিদিষা সন্ন্যাসীর কর্ত্তব্যোপদেশেও নহে। ব্রহ্মোপনিষদের পরমহংসাশ্রমের উপদেশ স্থলে কথিত হইয়াছে, শিখার সহিত কেশশ্মশ্রুর মুণ্ডন করিয়া কণ্ঠে বিধার্য্যমান কার্পাস সূত্র নির্ম্মিত বহিঃসূত্র ত্যাগ করিবে। ত্যাগ করিবে কে? না, যে বুধ, বুধ কে? না, যে নিত্যানিত্য বস্তুর বিবেকাদিশালী; সে কি করিবে? না যাহাঅক্ষর ও উৎকৃষ্ট ব্রহ্মতত্ত্ব, তাহাকেই সেই সূত্র, এই জ্ঞান ধারণ করিবে। সূত্রশব্দের অর্থ হইতেছে, উৎকৃষ্ট পদ,—'অহং তদস্মি' আমি সেই হইতেছি, ইত্যাকার পদ। সেইব্রহ্মপদ এই জগতের সূচনা করেন বলিয়া আচার্য্যগণ বলিয়া থাকেন তাঁহাকে সূত্র এই নামে। এই বিষয়টি জ্ঞেয়! সেই পরম পদকে যে জানিয়াছে, 'অহমস্মী'ত্যাকারে সাক্ষাৎ কার করিতে পারিয়াছে' সেই বিপ্র বেদপারগ শব্দরাশিতে উক্ত সকলবিষয়ে অভিজ্ঞ, সর্ব্বজ্ঞ আর কি? সূত্রে যেমন মণিগণ প্রোত হয়, সেইরূপ যে সূত্রকর্ত্তৃক এই সকল ভূত ভৌতিক প্রপঞ্চ প্রকৃষ্টরূপে অনুবদ্ধ হইয়া বর্ত্তমান আছে। যোগবিৎ যোগের ষড়ঙ্গ,বা অষ্টাঙ্গ কি,তাহা জানে,তত্ত্বদর্শিবান্ নিত্যানিত্য বস্তুতে বিবেকবান্। বিদ্বান্ ব্যক্তি উত্তম যোগ লাভ করিয়া বহিঃসূত্র ত্যাগ করিবে। যোগশব্দে জীব ব্রহ্মের তাদাত্ম্যসম্বন্ধ (অবশ্য ভেদাসমাধি করণ অভেদাখ্য তাদাত্ম্যই এস্থলে সম্বন্ধ বলিয়া গ্রহণ করিতে হইবে।) *

---

*অভেদ ও ঐক্য একই কথা। সেই ঐক্য দ্বিবিধরূপ দেখা যায়। প্রথম 'মৃৎ ঘট' এইস্থলে মৃত্তিকায় ও ঘটে কোনই ভেদ নাই; সুতরাং ঐক্য আছে; কিন্তু কেবলমৃত্তিকারূপে, ও কেবল ঘটরূপে পরস্পর ভেদ আছে। সে ভেদ ঐ ঐক্যের মধ্যেই অন্তর্ভূত হইয়া আছে। ঐক্যছাপাইয়া সে ভেদ স্ফুরিত হয় না। এইজন্য এই ঐক্য ভেদসমাধিকরণ। আর 'তিনিই এই' 'আমিই সেই' 'সেই আমি' 'ব্রহ্মই জীব' 'জীবই ব্রহ্ম' ইত্যাদি জ্ঞান স্থলে যে ঐক্য প্রতীতি হয়, তাহাতে আর ভেদগন্ধ কিছুই নাই, কারণ, বস্তুর ভেদ হয় না; বস্তু একই থাকে। আর

ধারণাত্তস্য সূত্রস্য নোচ্ছিষ্টো নাশুচির্ভবেৎ।
সূত্রমন্তর্গতং যেষাং জ্ঞান যজ্ঞোপবীতিনাম্ ॥

ব্রহ্মের সত্তা যাহাতে আছে, সেই ব্রহ্মদ্রষ্টা এই সূত্র যে সচেতন পুরুষ ধারণ করে, সে সেই সূত্রের ধারণফলে উচ্ছিষ্ট হয় না, এবং অশুচিও হয় না। যজ্ঞোপবীত না থাকিলে আচমন করিয়াও অশুচি থাকে, ইহা আচার্য্য শঙ্খ ১০ অধ্যায়ের ১৪ শ শ্লোকে কীর্ত্তন করিয়াছেন। যথা বিনা যজ্ঞোপবীতেন তথা মুক্তশিখোঽপিবা। অপ্রক্ষালিত পাদস্তু আচান্তোঽপ্যশুচির্ভবেৎ॥" যজ্ঞোপবীত ব্যতিরেকে,মুক্তশিখা হইয়া,অপ্রক্ষালিতপদে আচমন করিয়াও অশুচি হয়। তাহার শৌচ হয় না, সে অশুচিই থাকিয়া যায়। সম্বর্ত্ত ও এই কথা বলিয়াছেন। আরও গোভিল গৃহ্যসূত্রে সূত্রাকারে গৃহীত একটি ব্রাহ্মণ বাক্যে বলা হইয়াছে;— "উচ্ছিষ্টো হৈবাতোঽন্যথা ভবতীতি।" ইতি (১০ প্রঃ, ২ কাঃ, ৩০ সূত্রঃ) ইহা বৈদিক সম্প্রদায়ের অত্যন্ত প্রসিদ্ধ যে, কথিত বিধির অন্যথাচরণ করিলে, উচ্ছিষ্টই

মৃদ্‌ঘটাদি স্থলে মৃদ্বিকারই ঘট হয়, সুতরাং কিছু ভেদ থাকেই। ইহা এইরূপে বুঝিতে পারা যায়,—'রাহোঃ শির' রাহুর মস্তক' এরূপ প্রয়োগ ত করা হয়। এই প্রয়োগ কি করিয়া উপপন্ন হয়? মস্তকটিকেই ত রাহু বলা হয়। অতএব মস্তকে ও রাহুতে কোনই ভেদ নাই; এস্থলে ভেদ না থাকিলেও যে 'রাহুর' বলা হয়. তদ্দ্বারা বুঝিতে পারা যাইতেছে যে, 'রাহুর' পদটী ষষ্ঠী বিভক্তিযুক্ত আছে। এ ষষ্ঠী নিশ্চয় সম্বন্ধে ষষ্ঠী। তাহাহইলে, এখানে কীদৃশ সম্বন্ধ স্বীকার করা হইবে? সম্বন্ধ কথনও একনিষ্ঠ হয় না সম্বন্ধ যোজক পদার্থ; সুতরাং এখানকার সম্বন্ধ কীদৃশ হইবে? না, সেই অভেদাখ্য তাদাত্ম্য সম্বন্ধই হইবে। কেন? না, ভেদওত কিছুই নাই অথচ অভেদই আছে; অতএব ভেদাসমানাধি করণ অভেদ হইল। রাহুতে ও মস্তকে অভেদ আছে, সে অভেদ যথায় আছে, তথায় ভেদ গন্ধ নাই কোনরূপে ভেদ সম্পর্ক নাই; এইজন্য অভেদটি ভেদসমাধি করণ হইল। এইরূপ 'সেই আমিই এই আমি 'সেই তুমিই এই তুমি' 'তৎ ত্বম্' 'ত্বং তৎ' 'অহং ব্রহ্ম' 'ব্রহ্ম অহম্' ইত্যাদি স্থলে ব্রহ্মে ও আমাতে ভেদ নাই, অভেদই, যেমন নট রাজার পোষাক পরিয়া রাজা, আবার চাকরাণীর পোষাক পরিয়া চাকরাণী হইলেও সে যা' তাই থাকে, ভিন্ন হয় না, সেইরূপ আমি ব্রহ্মই দেহাদি পোষাক পরিয়া কচিৎ পুরুষ, কচিৎ অশ্বাদি নাম লইতেছি মাত্র, তদ্দ্বারা আমার ব্রহ্মত্বে কোনই ভেদ পৌছায় না। এই জন্যই জীব ব্রহ্মে অভেদাখ্য তাদাত্ম্যই সম্বন্ধ, তাহাতে ভেদের লেশ মাত্র নাই। মনন করিয়া ইহা বোদ্ধব্য।

তে বৈ সূত্রবিদো লোকে তে চ যজ্ঞোপবীতিনঃ।
জ্ঞানশিখিনো জ্ঞাননিষ্ঠা জ্ঞানযজ্ঞোপবীতিনঃ॥" ইতি।

তথা জাবালানাং ;—"ইদমেবাস্য তদ্ যজ্ঞোপবীতম্ য আত্মেতি। তথা পরমহংস পরিব্রাজকানাং ;—যস্যাস্ত্যদ্বৈত মাত্মজ্ঞানং, তদেব যজ্ঞোপবীতম্।" ইত্যেবমাদি। যচ্চ সন্ন্যাসোপনিষদি ;—

হইবে। সাম বেদের এই প্রদর্শিত দোষ অবশ্য যাহার যজ্ঞোপবীত না থাকিবে, তাহারই নিশ্চয় হইবে। সেই দোষ নিরাস করিবার জন্য এই কৃষ্ণযজুর্ব্বেদীয় ব্রহ্মোপনিষদের আম্নায় বলিতেছেন,—

"ধারণাত্তস্য সূত্রস্য নোচ্ছিষ্টো নাশুচির্ভবেৎ। " সেই ব্রহ্ম সূত্রের ধারণ বশতঃ না উচ্ছিষ্ট, না অশুচি, কোনই দোষ প্রাপ্ত হইবে না। অতএব যে নারায়ণ বলিয়াছেন,' নোচ্ছিষ্টইতি এতন্মূলাং নান্ন দোষেণ মন্বরী "ইতি স্মৃতিঃ।" উচ্ছিষ্ট হয় না ও অশুচি হয় না,—শ্রুতি অবলম্বন করিয়া একটি স্মৃতির উৎপত্তি হইয়াছে যে, অন্নদোষে ভিক্ষু দোষী হয় না। শঙ্করানন্দ বলিয়াছেন, উচ্ছিষ্ট শরীর দ্বারায় অন্ন প্রবেশনির্গমনাভ্যাম্। অশুচি মনোবাক্কায়পাপাৎ। অন্নের প্রবেশ ও নির্গমন এই শরীর দ্বারা সাধিত হইয়া থাকে ; সুতরাং তদ্দ্বারা উচ্ছিষ্ট দোষ পাইতে পারিত, তাহা এই জ্ঞানসূত্র ধারণ বলে নিরাকৃত হইবে, উচ্ছিষ্ট হইবে না। আর মনঃ, বাক্, ও কায় দ্বারা পাপ করিলে অশুচি হইতে পারিত ; কিন্তু তাহাও ইহাদ্বারা নিরাস করা হইল ; ভিক্ষু অশুচি হইবে না।—নারায়ণ ও শঙ্করানন্দের এইরূপ ব্যাখ্যা আমরা স্বীকার করিতে পারিলাম না ; কারণ, যজ্ঞোপবীত না থাকায় যে দোষ হইতে পারে, ব্রহ্মকে সূত্ররূপে উপবীত কল্পনা করিয়া সেইদোষ নিরাস করাই শ্রুতির অভিপ্রায়। আর যজ্ঞোপবীত না থাকিলে যে, সে উচ্ছিষ্ট হয়, এবং অশুচিও হয়, তাহাও আমরা প্রমাণ উদ্ধার করিয়া পূর্ব্বেই দেখাইয়াছি। বাস্তবিক শ্রুতির অভিপ্রায়ও তাই। পরমহংস পরিব্রাজক উপনিষদে স্পষ্টই প্রশ্ন করা হইয়াছে 'অযজ্ঞোপবীতী কথং ব্রাহ্মণঃ ? অযজ্ঞোপবীতীই যদি সন্ন্যাসী হয়, তবে সে ব্রাহ্মণ থাকিল কি করিয়া ? জাবালোপনিষদেও আম্নাত হইয়াছে ;—

"অথৈনমত্রিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যং পৃচ্ছামি হা যাজ্ঞবল্ক্য। যজ্ঞোপবীতী কথং ব্রাহ্মণ ইতি।"

"কুন্তিকাং চমসং শিক্যং ত্রিবিষ্টপমুপানহম্।
শীতোপঘাতিনীং কন্থাং কৌপীনাচ্ছাদনং তথা।
পবিত্রং স্নানশাটীঞ্চোত্তরাসঙ্গ ত্রিদণ্ডঃ॥" ইত্যাদি।

তদস্যাপবদতি শিবমিত্যাদিনা। তেষাং সন্ন্যাসমাত্রবিষয়তয়া পরমহংস পরিব্রাজকাদীনামনাগ্রহঃ, সর্ব্বেষামেবোপনিষদ্বাক্যানামৈকমত্যাৎ॥ ১॥

অনন্তর এই যাজ্ঞবল্ক্যকে অত্রি জিজ্ঞাসা করিয়াছিলেন, হে যাজ্ঞবল্ক্য! তোমাকে জিজ্ঞাসা করি, অযজ্ঞোপবীতী যে যজ্ঞোপবীত ত্যাগ করিয়াছে, সে কি করিয়া ব্রাহ্মণ হইবে? ইহার উত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন,—

"স হোবাচ যাজ্ঞবল্ক্য ইদমেব তদ্ যজ্ঞোপবীতং য আত্মা।" ইতি, ইহাইত সেই যজ্ঞোবীত, যাহা আত্মা বলিয়া লোকে ও বেদে প্রসিদ্ধ। অতএব যখন সে এই আত্মার ধারণ করিয়া রহিল, তখন সে ত যজ্ঞোপবীতীই রহিল, সে ত অযজ্ঞোপবীতী নহে, বহিঃসূত্র ত্যাগ করিলেও ব্রহ্ম সূত্র ত সে ত্যাগ করে নাই; সুতরাং সে যজ্ঞোপবীতীই। যখন যজ্ঞোপবীতীই রহিল, তখন যজ্ঞোপবীত ত্যাগ করিয়া আচন করিলেও যে উচ্ছিষ্টতা ও অশুচিতা দোষ হয়, তাহাও হইতে পারে না। 'অহং ব্রহ্মাস্মী'ত্যাকার জ্ঞান রূপ যজ্ঞোপবীতই যাহাদিগের সেই ব্রহ্ম সূত্র বুদ্ধির সাহায্যে অধিগত হইয়াছে,তাহারাই সূত্রবিৎ, এবং লোকে তাহারাই যজ্ঞোপবীতী বলিয়া প্রসিদ্ধ। আর তাহারাই শিখী। জ্ঞানরূপ শিখাধারী, জ্ঞাননিষ্ঠ, এবং জ্ঞানরূপ যজ্ঞোপবীতধারীই তাহারা। পরমহংস পরিব্রাজকেরা উপনিষদে বলিয়াছেন;—অদ্বৈত আত্মজ্ঞান যাহার আছে, তাহার সেইত যজ্ঞোপবীত রহিয়াছে। অতএব পরমহংস পরিব্রাজকের আচার্য্যাভিমত চতুর্থ শান্ত শিব অদ্বৈত আত্মাই যজ্ঞোপবীত। আচ্ছা, সন্ন্যাসোপনিষদে ত কুন্তিকা, চমস, শিক্য ত্রিবিষ্টপ, উপানহ, শীতোপঘাতিনী কন্থা কৌপীনরূপ আচ্ছাদন বস্ত্র, পবিত্র বস্ত্র, স্নানশাটী, উত্তরাসঙ্গ (উড়ানি) এবং ত্রিদণ্ড গ্রহণ করিবে। ইহা বলা হইয়াছে। হাঁ বলা হইয়াছে; তাহা প্রথমতঃ অজ্ঞান সন্ন্যাসী বা বিবিদিষাসন্ন্যাসীর পক্ষে; বিদ্বান্ সন্ন্যাসীর পক্ষে যাহা কর্ত্তব্য তাহা বলিবার জন্য এই তৃতীয়াধ্যায়ের প্রবৃত্তি। ইহা দ্বারা বলা হইতেছে যে, পরমহংস পরিব্রাজকদিগের পক্ষে এই সকল ব্যবস্থাই করা হইল। সকল উপনিষদেই, বিশেষ প্রয়োজন না থাকিলে, প্রায়শঃ একতা রক্ষার্থ প্রযত্নের উপলব্ধি করা যায়। প্রায় একই বিষয় একটু আধটু ইতর বিশেষ

তন্ময়াশিখা ॥ ২ ॥

চিন্ময়ং চোৎসৃষ্টিদণ্ডম্ ॥ ৩ ॥

সন্ততাক্ষিকমণ্ডলম্ ॥ ৪ ॥

তন্ময়া শিবময়া ধ্যাননিষ্ঠৈব শিখা ভবতি ॥ ২ ॥

চিন্ময়ং জ্ঞানময়ঞ্চ উৎসৃষ্টিঃ প্রতিষ্ঠা পরম স্থিতিরেব দণ্ডং বিভৃয়াৎ ॥ ৩ ॥

যচ্চ কমণ্ডলং কমণ্ডলুঃ, তদাপি সন্ততাক্ষি, সম্পূর্ণং ততং বিস্তীর্ণমক্ষ্যেব। বিস্তৃত বিজ্ঞানমেব রসাধারকত্বাৎ কমণ্ডলুরিব ভবতি সোঽযঙ্চমসোঽপোদিতো বেদিতব্যঃ ॥ ৪ ॥

করিয়াই স্ব স্ব শাখায় ঋষিগণ দর্শন করিয়াছেন এই ভেদই শাখা ভেদ ও বে ভেদের একটা কারণ বলিয়া "কৃত্যকল্পদ্রুমে"র কর্ম্মকাণ্ডে বেদ ভেদ প্রসঙ্গে ব হইয়াছে, দ্রষ্টব্য ॥ ১ ॥

তন্ময়, অর্থাৎ শিবময় ধ্যাননিষ্ঠরূপ শিখাও তাহার হইবে ; সুতরাং উচ্ছিষ্টত এবং অশুচিতা দোষ তাহার আর হইবে না ॥ ২ ॥

চিন্ময় জ্ঞানময়, উৎসৃষ্টি প্রতিষ্ঠা পরম স্থিতি, তাহাই দণ্ডের ন্যায় দণ্ড। সে চিন্ময়দণ্ড ধারণ করিবে, এবং সে দণ্ডকে পৃথিবী স্পর্শ পরিত্যাগ করাইয়া ধার করিবে। সন্ন্যাসরূপ দণ্ড হইবে। অর্থাৎ সর্ব্ববিষয় সম্বন্ধ পরিত্যাগ করিয় যে জ্ঞান নিরবচ্ছিন্ন জ্ঞানরূপে বিধৃত করা হইয়াছে, তাহার চিহ্নস্বরূপ প্রথমতঃ দ ধারণ করিতে হয় ; কিন্তু চরমাশ্রমে সে দণ্ড পরিত্যাগ করিয়া প্রকৃত জ্ঞানকে দণ্ডের স্থানে গ্রহণ করিবে ॥ ৩ ॥

আর যে কমণ্ডলু বা কমনণ্ডলু, তাহাও সেই সন্তত অক্ষিই, বিস্তৃত বিজ্ঞান আনন্দরসের আধার বলিয়া কমণ্ডলু স্থানীয় হইবে। অনিমেষ নয়নে আকাশে দর্শন করার ন্যায়,সেই সর্ব্বব্যাপী প্রত্যক্ষ বিজ্ঞানই তাহার কমণ্ডলুর স্থানীয় হইবে ইহা দ্বারা চমসের অপবাদ করিয়া দেওয়া হইল। পরমহংস পরিব্রাজক চম ধারণ করিবে না ; কিন্তু অনিমেষ লোচনে আনন্দতত্ত্বের সাক্ষাৎকার করিবে সর্ব্বব্যাপী প্রত্যক্ষজ্ঞান ধারণ করিবে ॥ ৪ ॥

কর্ম্মনির্ম্মূলনং কন্থা ॥ ৫ ॥
মায়ামমতাহঙ্কারদহনম্ ॥ ৬ ॥
শ্মশানে অনাহতাঙ্গা ॥ ৭ ॥

আধিদৈবিকানামাধিভৌতিকানামাধ্যাত্মিকানামপি সর্ব্বেষাং কর্ম্মণাং শীতোষ্ণ সুখদুঃখমানাপমানাদীনাং নির্ম্মূলনমেব কন্থা শীতাদ্যুৎপাতনিরোধিনী ॥ ৫ ॥

ন কেবলমিদমেব ; অপিতু মায়ামমতাহঙ্কার দহনমেব শীতে দহনং ভবেৎ ॥ ৬ ॥

গ্রীষ্মে তু শ্মশানে ব্রহ্মণি অনাহতাঙ্গী অনাবৃতাঙ্গী ভূত্বা তিষ্ঠেৎ। তথাচ। বিস্তাকামকর্ম্মাদি পরিহার পূর্ব্বক মাত্মস্বরূপাবধারণং কর্ত্তব্যম্। যে চ স্পর্শাঃ স্পৃশন্তি, তানাত্মানুসন্ধানেনাপজহ্যাৎ ॥ ৭ ॥

আর শীতোপঘাতিনী কন্থাও ধারণ করিতে হইবে না ; আধ্যাত্মিক জ্বরবিকারাদি, আধিভৌতিক যক্ষরাক্ষস ভূতপ্রেত পিশাচাদি দ্বারা জায়মাণ পীড়া, আধিদৈবিক বজ্রপাতাদিদ্বারা জায়মান ব্যথা হয় যে সকল কর্ম্ম দ্বারা, যে সকল কার্য্য দ্বারা স্বর্গ নরকাদিতে গমনাগমন হয়, সেই সকল কর্ম্মের মূল উচ্ছেদ করাই কন্থার কার্য্য করিবে। আর তাহারা শীতোষ্ণাদি জনিত দুঃখের, এবং বিষয় সৌন্দার্য্যাদি জনিত কামাদির আবির্ভাব করিয়া দিয়া প্রপীড়িত করিতে পারিবে না। অতএব কন্থার স্থানে সেই কর্ম্মনির্ম্মূলন সর্ব্বব্যাপক জ্ঞানের নিরন্তর ধারণ করিবে ॥ ৫ ॥

তদ্ভিন্ন শীতনিরারণার্থ সেই জ্ঞানকেই অগ্নিকুণ্ড করিয়াও রাখিবে। তাহাতে মায়া, মমতা ও অহঙ্কার রাশি দগ্ধ হইবে। শীতে সেই অগ্নির সেবা করিবে। মায়া হইতেছে অজ্ঞান ; আর সেই অজ্ঞান হইতে জন্মায় অহঙ্কার, সেই অহঙ্কারই কালে মমতা জন্মাইয়া সংসারের সৃষ্টি ও পুষ্টি করিতে থাকে ; সুতরাং আত্মজ্ঞান দ্বারা অজ্ঞানের দাহ ; এবং তাহার সঙ্গেই অহঙ্কার ও মমকারের দাহ হইয়া যাইবে ॥ ৬ ॥

যখন গ্রীষ্মকাল উপস্থিত হইবে, তখন ব্রহ্মরূপ শ্মশানে (হৃদয়কে শ্মশান বলাই কর্ত্তব্য ; কারণ, হৃদয়ক্ষেত্রে ব্রহ্ম জ্ঞানদ্বারা মায়াস্ত্রী, ও মমতা কন্যা এবং অহঙ্কার পুত্রের দাহ হইবে, সুতরাং হৃদয়ই মহাশ্মশান। মহাশ্মশান বলিবার তাৎপর্য্য এই যে, সমস্ত জগতের ও জগৎকর্ত্তার শবদাহ এই হৃদয়ক্ষেত্রে ব্রহ্মজ্ঞানা

নিস্ত্রৈগুণ্যস্বরূপানুসন্ধানং সময়ম্ ॥ ৮ ॥

ভ্রান্তিহরণম্ ॥ ৯ ॥

কামাদিবৃত্তিদহনম্ ॥ ১০ ॥

তদাহ ;—নিস্ত্রৈগুণ্য স্বরূপস্যাত্মনোঽনুসন্ধানমেব সময়মাচারং কুর্য্যাৎ, নান্যথা-চারম্ ॥ ৮ ॥

ইদমেবহি ভ্রান্তিহরণং কর্ম্মণোনামধেয়ং বিদ্যাৎ। পরমহংস পরিব্রাজকানা-মিদং কর্ত্তব্যম্ ॥ ৯ ॥

যচ্চ তত্ত্বাসাক্ষাৎকারেণ বিপরীত দর্শনং ভ্রান্তিঃ, তস্যাস্তত্ত্বসাক্ষাৎকারেণ নিবৃত্তিং কুর্ব্বতা যথাবদ্বস্তু দর্শনং কার্য্যমিত্যুক্তম্। তথৈব কামাদীনাং মনোবৃত্তীনাং দহনং হীন শক্তিকত্বকরণং কর্ত্তব্যং সময়েন। তথাচ যদাযদাবৃত্তে রুদয়স্তদাতদা সময়োঽনুষ্ঠেয়ঃ। অয়ঞ্চ বিশেষঃ ; সামান্যবস্তু সার্ব্বকালিক ইতি বেদিতব্যম্ ॥১০॥

গ্নির সমাহিত হইয়া থাকে। হৃদয় ও ব্রহ্ম একই ; তাহাও উপনিষদের বাক্য দ্বারা পূর্ব্বে প্রমাণ করা হইয়াছে।) অনাহতাঙ্গী হইয়া অনাবৃত দেহে অবস্থান করিবে ; পরমস্থিতি করিবে। তদ্দ্বারা বলা হইল, অবিদ্যা কাম কর্ম্মাদি পরিহার করিয়া আত্মস্বরূপ মাত্র ধারণ করিয়া থাকিবে। স্বয়ং স্পর্শকারী যে সকল বিষয় আসিয়া আপনারাই পরমহংস পরিব্রাজকের ইন্দ্রিয়স্পর্শ করিবে, আত্মার অনুমান সন্ধান করিয়া সে গুলিকে তাড়াইয়া দিবে ॥ ৭ ॥

সেই কথাই বলিতেছেন,—নিস্ত্রৈগুণ্য স্বরূপ আত্মার অনুক্ষণ সন্ধান করাই আচাররূপে গ্রহণ করিবে ; অন্য আচার কখনই গ্রহণ করিবে না ॥ ৮ ॥

ইহাকেই ভ্রান্তিহরণ নামে চরম কর্ম্ম বলিয়া জানিবে। ইহাদ্বারাই ভ্রান্তি অপগত হয়। অতএব পরমহংস পরিব্রাজকদিগের এই ভ্রান্তি হরণ নামক কর্ম্মের অনুষ্ঠান করিতে হইবে ॥ ৯ ॥

আত্মতত্ত্বের অসাক্ষাৎকার দ্বারা প্রকৃত বিষয়ের যে বিপরীত দর্শন হয়, তাহাকে ভ্রান্তি বলা যায়। আত্মতত্ত্বের সাক্ষাৎকার দ্বারা সেই ভ্রান্তির বা মায়া নিবৃত্তি করিয়া প্রকৃত বিষয়রূপেই দর্শন করিবে। ইহা বলা হইল ; তারপর এখন বলা হইতেছে, সেইরূপ কামাদি মনোবৃত্তি সকল দাহও করিবে। দাহশব্দে অঙ্কুরোৎপাদিকাশক্তির বিলোপ সংঘটন করিবে। তাহা সেই আচার দ্বারাই করিতে

কাঠিন্যদৃঢ়কৌপীনম্ ॥ ১১ ॥

তস্যৈব যা কঠিনতা অবিচ্ছেদাৎ ঘনীভাব, স্তথা দৃঢ়তা কামাদিঘাতসহত্বং, তদেবাস্য কৌপীনম্। কৌপং হি শিশ্নং, তদীয়মেতদাবরকত্বাৎ সন্ন্যাস্যম্ ॥ ১১ ॥

হইবে। তাহা হইলে, যখন যখন বৃত্তির উদয় হইবে, তখন তখন সেই আচারের অনুষ্ঠান করিবে। এটি হইল, বিশেষ উপদেশ; সামান্যাকারে সকল সময়েই সেই আচারের অনুষ্ঠান করিতে হইবে ॥ ১০ ॥ *

এইরূপ করিতে করিতে যখন সেই আচারের কাঠিন্য ভাব আবির্ভূত হইবে; অবিচ্ছেদে অনুষ্ঠান দ্বারা যে সেই আচারের ঘনীভাব হইবে; অন্তরে, ও বাহিরে কেবল নিস্ত্রৈগুণ্যস্বরূপানুসন্ধান মাত্রেই পর্য্যবসন্ন হইবে, এবং বজ্রস্বরূপ কামাদি-বৃত্তির ঘাতসহত্বরূপ দৃঢ়তা আবির্ভূত হইবে, তখনই তাহাকেকৌপীন স্থানীয় বলিয়া জানিবে। অর্থাৎ তখনই তাহা প্রকৃত পক্ষে লজ্জা নিবারক ভাবে প্রাপ্ত হইবে ॥১১॥

---

*অর্থাৎ যতদিন দেহপাত না হয়,ততদিন আত্মজ্ঞান পরিস্ফুটিত হইয়াও একেবারে স্থায়ী হয় না। যেমন দীপশিখা ক্রমে তারল্য ভাবে বহুদূরে উপস্থিত হয় না, সেইরূপ আত্মজ্ঞানও হৃদয়ে আবির্ভূত হইয়া হৃদয়স্থ আত্মাবিষয়ক অজ্ঞান রাশিকে নিবর্ত্তিত করে; কিন্তু অজ্ঞান একেবারে ভস্মের ন্যায় হয় না। যখন আত্মজ্ঞানটি পরিস্ফুট থাকে, তখনই অজ্ঞান অপসৃত হয় মাত্র। ব্যুত্থানে আবার আসিয়া উপস্থিত হয়। এইরূপে চলিতে থাকে; সুতরাং আত্মজ্ঞানের কাঠিন্য ও দৃঢ়তা যাহাতে জন্মে, তাহা করা কর্ত্তব্য। আরও কর্ত্তব্য, অজ্ঞান জাত অহঙ্কার ও মমতার নিবৃত্তি করা। যদিও অজ্ঞান নিবৃত্তি হওয়া উচিত, তথাপি যুক্তি তর্কও প্রকৃত কার্য্যে অনেক ব্যবধান থাকিয়া যায়। প্রযত্ন দ্বারা অহন্তা ও মমতা নিবৃত্তি করিতে হয়। তারপর যত প্রকার জাগতিক ভ্রান্তি থাকে, তাহার সমস্তগুলিই নিবৃত্তি করিতে হয়। তারপর কাম ক্রোধাদি বৃত্তির নিবৃত্তি করিতে হয়। প্রত্যেক নিবৃত্তিতে যদিও আত্মজ্ঞানই একমাত্র কারণ, তথাপি ভিন্ন ভিন্ন প্রযত্নব্যতীত তাহা সম্পাদিত হয় না।

† যতদিন পর্য্যন্ত কামাদিবৃত্তির দাহ সুসম্পন্ন না হয়; অর্থাৎ মূল অজ্ঞান নিবৃত্তি হইবে, কর্ম্মের শক্তিলোপ ঘটিবে, মায়া, মমতা ও অহঙ্কারের নিবৃত্তি হইবে সাধারণ বিষয়ে ভ্রান্তি লোপ পাইবে, এবং কামাদি বৃত্তির একেবারে সম্পূর্ণ নিরোধ হইবে, তবে বাহ্য গ্রাম্য ধর্ম্মের স্মারক লিঙ্গাদি জ্ঞানের আর আবির্ভাব হইবে না।' তাহার পূর্ব্বে গ্রাম্যধর্ম্মের স্মারক লিঙ্গাদি জ্ঞান জন্মিয়া থাকে বলিয়া লজ্জানিবারণার্থ কৌপীনবস্ত্র ধারণ করিতে হইবে।

চীরাজিনবাসঃ ॥ ১২ ॥

অনাহতমন্ত্রঃ ॥ ১৩ ॥

ততঃ পূর্ব্বন্তু কৌপীনমেব বাসঃ পরিদধ্যাৎ চীরং বা, অজিনং স্যাদেব ॥ ১২ ॥

সাধনমাহ,—শব্দব্রহ্মময়ঃ শব্দোঽনাহতঃ, সএব মননান্মন্ত্রঃ কর্ত্তব্যঃ। যথাহ ;—

"শব্দব্রহ্মময়ঃ শব্দোঽনাহতো যত্র দৃশ্যতে।
অনাহতাখ্যং তৎপদ্মং মুনিভিঃ পরিকীর্ত্তিতম্॥" ইতি।

উৎকৃষ্য তত্র মন্ত্রেতেতি স্বান্তম্ ॥ ১৩ ॥

তাহার পূর্ব্বে চীরবস্ত্র, বা অজিনকে কৌপীন করিয়া পরিধান করিবে। কৌপীন ত্যাগের যোগ্য না হইয়া কৌপীন ত্যাগ করিলে লোকে তাহাকে প্রপঞ্চক ও শঠ বলিয়া উপহাস করে ; সুতরাং যাহাতে লোকে উপহাস করিতে পারে, এবং নিজেও তাহা নিভৃতে ভাবিয়া লজ্জা বোধ করিতে পারে। অতএব কামাদি বৃত্তি দাহের পূর্ব্বে কৌপীন ত্যাগ কর্ত্তব্যই নয়। কৃষ্ণসার মৃগাদির চর্ম্ম, অথবা ছিন্ন বস্ত্রখণ্ডকে কৌপীন করিয়া ধারণ করিবে ॥ ২ ॥

নিস্ত্রৈগুণ্য স্বরূপানুসন্ধান দ্বারা শ্মশানে অনাহতাঙ্গী দেবীর আবির্ভাব করাইয়া মায়া মমতা অহঙ্কারের দাহ করিবার উপদেশ করা হইয়াছে। সর্ব্বব্যাপক প্রত্যক্ষ জ্ঞান দ্বারা কর্ম্ম নির্ম্মূলন করিতে আদেশ করা হইয়াছে। তারপর ভ্রান্তি হরণ করিতে এবং কামাদি বৃত্তি দাহ করিতে বলা হইয়াছে মাত্র, কিরূপ মনন করিয়া সে কার্য্য সমাধা করিবে, তাহাই এখন বলিতেছেন। শব্দ বলিতে শব্দ ব্রহ্ম। তিনিই অনাহত, কোনরূপেই তাহাকে আঘাত করিতে পারে না বলিয়া সেই অনাহত শব্দব্রহ্ম, বা পরা কুণ্ডলী শক্তি মন্ত্র ; তাঁহার মনন করা হয় বলিয়া মন্ত্র পদ বাচ্য তিনি। ইহা কথিত হইয়াছে ;—যে স্থানে শব্দ ব্রহ্মময় অনাহত শব্দ দেখিতে পাওয়া যায়—জ্ঞাত হওয়া যায়, মননকারী আচার্য্যগণ সেই পথকে অনাহত নামে পরিকীর্ত্তিত করিয়াছেন। মূলাধার হইতে উত্থিত করিয়া আনিয়া অনাহত স্থানে রাখিয়া তাঁহার মনন করিতে হইবে, এটুকু মনের ভাব ॥ ১৩ ॥

অক্রিয়য়ৈবজুষ্টম্ ॥ ১৪ ॥

স্বেচ্ছাচারঃ ॥ ১৫ ॥

স্বস্বভাবো মোক্ষঃ পরব্রহ্ম ॥ ১৬ ॥

অক্রিয়য়া কর্ম্মরাহিত্য লক্ষণেন জুষ্টং সেবিতমেব যোঽপি অনাহত মন্ত্রজপোপদেশঃ কৃতঃ, নাসৌ ক্রিয়ালক্ষণঃ স্বভাবতএব যো ভবতি, স এব ॥ ১৪ ॥

এবং স্বেচ্ছাচার উন্মত্তবদ্বালবদ্বাঽনাবিস্কুর্ব্বন্নস্বয়াদেব ॥ ১৫ ॥

তথাচ স্বস্বভাবো মোক্ষঃ পরংব্রহ্ম ভবতি ॥ ১৬ ॥

এই যে অনাহত মনন বলা হইল, ইহা মনের চিন্তনাখ্য ক্রিয়াবিশেষ নহে; এভাব স্বভাবতই সকলের অনেক সময়ে হইয়া থাকে, তখন তাহারা অভ্রান্ত ব্যক্তির ন্যায় কথা বলে এবং নিষ্কাম সদৃশ লক্ষিতও হইয়া থাকে। অতএব স্বভাবতঃ যে ভাব অনাহত সাক্ষাৎকার হয়, সেইভাবে অনাহত সাক্ষাৎকার করিবে। অনেকে বল পূর্ব্বক এইমন্ত্র জপ করিয়া থাকেন; কিন্তু নির্ব্বাণকল্পে স্বাভাবিক ভাবে সেই মন্ত্র জপ করিবার আদেশ করা হইল ॥ ১৪ ॥

আরও একটী কর্ত্তব্য এই যে স্বেচ্ছাচার হইবে;—উন্মত্তের ন্যায়, বা বালকের ন্যায় আচরণ করিবে। উন্মত্ত, বা বালকের যেমন ইন্দ্রিয় আবিষ্কার হয় না, এবং তাহারা যেরূপ আবিষ্কার ইচ্ছা করিয়াও করিতে পারে না; সেইরূপ অনাবিষ্কৃত লিঙ্গ হইবে। পুষ্পকলিকার ন্যায় অন্তরিন্দ্রিয়ও বাহ্যেন্দ্রিয়রাশিকে অপ্রস্ফুটিত কোরকবৎ করিবে। ইহা যদিও শ্রবণ ও মনের মধ্যবর্ত্তী বলিয়া অন্যান্য শ্রুতিতে দেখিতে পাওয়া যায়, তথাপি সে শ্রুতি ইহার ক্রমিক স্থান নির্দ্দেশ করে নাই। তবে সেটি একটী কর্ত্তব্য, এইমাত্র তদ্দ্বারা প্রতিপাদিত করা হইয়াছে। নির্ব্বাণকল্পের আদেশ এই যে, যখন কামাদিবৃত্তি দাহের জন্য অনাহত মন্ত্র জপ করিতে হইবে, তখনই স্বেচ্ছাচার গ্রহণ করিতে হইবে। পূর্ব্বে তাহার চেষ্টা করা অবশ্যই ইহা দ্বারা প্রতিষিদ্ধ হয় নাই ॥ ১৫ ॥

এই স্বাভাবিকভাবে অনাহত মন্ত্রজপ, এবং স্বেচ্ছাচার স্বীকার দ্বারা ভ্রান্তি হরণ ও কামাদিবৃত্তিদাহ হইবে। ইহা হইলেই, আত্মজ্ঞান কঠিন ও দৃঢ়ভাবে অবস্থান করিবে। তখন আর কামাদিবৃত্তি, বা ভ্রান্তিদর্শন সেই আত্মজ্ঞানের

প্লববদাচরণম্ ॥ ১৭ ॥

ব্রহ্মচর্য্যশান্তিসংগ্রহণম্ ॥ ১৮ ॥

ব্রহ্মচর্য্যাশ্রমেঽধীত্য বানপ্রস্থাশ্রমেঽধীত্য সসর্ব্বসংবিন্ন্যাসং সন্ন্যাসম্ ॥ ১৯ ॥

তস্মিংশ্চ প্লববদাচরণং কর্ত্তব্যং, পুনরনিষ্টহানয়ে। আচরণং সংব্যবহারঃ ॥ ১৭ ॥

তদাচ ব্রহ্মচর্য্যশান্তিসংগ্রহণং ভবেৎ ; অন্যথা স্খলনমেব ॥ ১৮ ॥

এবং ব্রহ্মচর্য্যাশ্রমে গুরুতোবেদম্ অধীত্য সন্ন্যাসং কুর্য্যাৎ, অথবা বানপ্রস্থাশ্রমে গুরুতোঽধীত্য, গার্হস্থ্যে বা, যদ্বাতদ্বা সন্ন্যাসং কুর্য্যাৎ। সন্ন্যাসাকরণে সন্ন্যাসিনো

উপরে প্রভাব বিস্তার করিতে পারে না ; সুতরাং তখনই যে স্বস্বভাব পরব্রহ্ম প্রকাশ হন, তিনি সেই মোক্ষস্বরূপ ॥ ১৬ ॥

যখন এমন অবস্থার উদয় হয়, তখন প্লবের ন্যায় আচরণ করিবে। যেমন ভেলা, বা নৌকাদি জলের উপর ভাসিয়াই বেড়ায়, ডোবে না, সেইরূপ জগদ্ব্যবহারে ভাসিয়া বেড়াইবে। কখনই জগদ্ব্যবহারের মধ্যে প্রবেশ করিবে না ; কারণ, আবার অনিষ্ট হইতে পারে। যদিও অনিষ্টপাত হইবার সম্ভাবনা নাই। আত্মজ্ঞান কামাদিবৃত্তির আঘাত সহ্য করিবার শক্তি পাইয়াছে, তথাপি সাবধান থাকা আবশ্যক। নীতিবিগর্হিত ব্যবহার করা কর্ত্তব্য নহে ॥ ১৭ ॥

যখন এমন হইবে, তখন তাহার সেই ব্যবহার ব্রহ্মচর্য্য ব্রতানুষ্ঠানের ফল অনন্তশক্তি সংগ্রহ করিয়া আনিবে। পরমহংস পরিব্রাজক তখন সকল ভাবনা চিন্তার হাত এড়াইয়া শান্তিসুখে সুখী হইবে। ইহার অন্যথাচরণ করিলেই পতন, এবং ইহার পূর্ব্বেও শান্তিলাভের আর উপায় নাই ॥ ১৮ ॥

ব্রহ্মচর্য্যশব্দের উপস্থিতি হওয়ায় তৎসম্বন্ধে অন্যান্য বিশেষ কিছু বিধান করিতেছেন এই একোনবিংশ সূত্রদ্বারা। যথা, এইত জানিতে পারা গেল যে প্রথমে যে ব্রহ্মচর্য্যাশ্রমে ব্রত গ্রহণ করা হইয়াছিল, যথারীতি তাহার পালন করিলে, চরমে শান্তি লাভ করা যায়। শান্তিলাভ অবশ্য সর্ব্বসন্ন্যাস ব্যতিরেকে উপপন্ন হয় না। এইজন্য ব্রহ্মচর্য্যাশ্রমে গুরুর নিকট বেদাধ্যায়ন করিয়া সন্ন্যাস করিবে; অথবা বানপ্রস্থাশ্রমে গুরুর নিকট বেদাধ্যয়ন করিয়া সন্ন্যাস গ্রহণ করিবে; কিংবা গার্হস্থ্যাশ্রমে প্রবিষ্ট হইয়া বৈরাগ্য জন্মিলে সন্ন্যাস স্বীকার করিবে। যাহাই

অন্তে ব্রহ্মাখণ্ডাকারম্ ॥ ২০ ॥

ব্রহ্মণঃ স্বরূপং জ্ঞাতুং নৈব শক্নোতীতি সর্ব্বৈ বিশ্বৈঃ সহ তদীয়ায়াঃ সংবিদশ্চ জ্ঞানস্য ন্যাসং কুর্য্যাৎ, যতো ন্যাসমেবাত্যরেচয়ৎ। সন্ন্যাস লক্ষণঞ্চৈতৎ। অয়ঞ্চ বৈরাগ্য প্রযুক্তো জাবালানাং পরমহংস পরিব্রাজকাদীনাঞ্চ। তথাহি ;—

"ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ, গৃহী ভূত্বা বনী ভবেৎ, বনী ভূত্বা প্রব্রজেৎ ; যদিবেতরস্যা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ, গৃহাদ্বা বনাদ্বা।" ইতি।

তথা,—"যদহরেব বিরজেত্তদহরেব প্রব্রজেৎ, গৃহাদ্বা, বনাদ্বা।" ইতি।

তথাচ সসর্ব্বসংবিন্ন্যাস এব সন্ন্যাসঃ কার্য্যঃ ॥ ১৯ ॥

ফলমাহ ;—অন্তে ব্রহ্ম অখণ্ডাকারমুদ্ভবতি সংসর্গাসঙ্গি সম্যগ্ঘৃপম্ ॥ ২০ ॥

হউক, সন্ন্যাস করিবে। সন্ন্যাস না করিলে, ব্রহ্ম হইতেছেন সন্ন্যাসী ; তাঁহার স্বরূপ জানিতে সমর্থ হইবে না। এইজন্য সমস্ত বিশ্বপ্রপঞ্চের সহিত তাহার জ্ঞানের ন্যাস করিবে, নিশ্চয়পূর্ব্বক পরিত্যাগ করিবে, কারণ অভ্যুদয়ও নিঃশ্রেয়স লাভের যত প্রকার উপায় আছে, তন্মধ্যে ন্যাসকেই অতিরিক্ত প্রকৃষ্ট উপায় বলিয়া স্থির করিয়াছিলেন, ইহা শাখান্তরে শুনিতে পাওয়া যায়। ইহা দ্বারা সন্ন্যাস লক্ষণ কি, তাহাও বলা হইল। বলা হইল, বিষয় ও বিষয়সম্বন্ধ জ্ঞানকে সম্যক্-ভাবে পরিত্যাগ করাই সন্ন্যাস।

এই সন্ন্যাস বৈরাগ্য হইলেই করিতে হয়, ইহা জাবাল ও পরমহংস পরিব্রাজকদিগের উপনিষদে বলা হইয়াছে। যথা,—যদি বৈরাগ্য নাই হয়, তবে ব্রহ্মচর্য্যব্রত সমাপিত করিয়া গৃহী হইবে। যদি গৃহস্থাশ্রমের সেই ঈর্ষা দ্বেষাদির ভীষণ যন্ত্রণায়ও তাহার বৈরাগ্যোদয় না হয়, তবে গৃহী হইয়া পরে সময়মত বানপ্রস্থাশ্রম স্বীকার করিয়া বনী হইবে। যদি তথায়ও বৈরাগ্য সঞ্চার না হয়, তবে যথাসময়ে বিধানানুসারে প্রব্রজ্যাশ্রম গ্রহণ করিবে। বৈরাগ্য যদি হয়, তবে যেখানেই হইবে, গৃহে হয়, গৃহ হইতে, আর বনে হয় বন হইতে প্রব্রজ্যাশ্রম গ্রহণ করিবে। অন্যত্র উক্ত হইয়াছে,—যে দিনেই বিরাগ প্রাপ্ত হইবে, সেই দিনেই প্রব্রজ্যা গ্রহণ করিবে ; তা গৃহ হইতেই হউক, আর বন হইতেই হউক। তাহা হইলে, সসর্ব্বসংবিন্ন্যাসরূপ সন্ন্যাস করিতে হইবে ॥ ১৯ ॥

সন্ন্যাসের ফল কি, তাহা বলিতেছেন ;—"অন্তে ব্রহ্ম অখণ্ডাকারম্।" ইতি।

নিত্যং সর্ব্বসন্দেহনিরসনম্ ॥ ২১ ॥

এতন্নির্ব্বাণদর্শনং শিষ্যং (বিনা) পুত্রং বিনা ন দেয়মিত্যুপনিষৎ ॥ ২২।২৩ ॥

ওঁ বাঙ্মে মনসীতি শান্তিঃ ॥

ইতি তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

ইতি ঋগ্বেদান্তর্গত নির্ব্বাণোপনিষৎ সমাপ্তা ॥

তদেব নিত্যং সর্ব্বসন্দেহাভাবরূপম্। সর্ব্বসন্দেহ পদোন্মূলনেনৈব তস্য সম্যগ্রূপতা নিত্যসিদ্ধা ॥ ২১ ॥

এতন্নির্ব্বাণদর্শনং ব্রহ্মাত্মৈকত্ব সাক্ষাৎকারঃ। দ্বির্ব্বচনমধ্যায় সমাপ্ত্যর্থম্। শান্তিরত্র কর্ত্তব্যা "বাঙ্মে মনসী"ত্যাদিনা ॥ ২২।২৩ ॥

ইতি ঋগ্বেদান্তর্গত নির্ব্বাণোপনিষদ্বৃত্তৌ তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

সমাপ্তাচেয়ং নির্ব্বাণোপনিষৎ ॥

সন্ন্যাসের শেষে, সন্ন্যাস প্রকৃত সিদ্ধ হইলে অখণ্ডাকার ব্রহ্ম আপনা আপনি প্রকাশ পাইয়া থাকেন। অখণ্ড শব্দের অর্থ যে জ্ঞানে কোনরূপ সম্বন্ধের লেশ মাত্র গন্ধও নাই, অথচ ঠিক জ্ঞানরূপই অনন্ত অপরিসীম পরিপূর্ণ কেবল জ্ঞান আর জ্ঞান, কেবলি জ্ঞান ॥ ২০ ॥

ইহা নিত্যসিদ্ধ পদার্থ, এবং যতকিছু সন্দেহ এ জগতে থাকিবার সম্ভাবনা, সেই সমস্ত সন্দেহ সমূলে উন্মূলিত করিয়াই আবির্ভূত হয় বলিয়া এ জ্ঞান নিত্যসিদ্ধ সম্যক্, বা সমীচীন ॥ ২১ ॥

এইটিই নির্ব্বাণদর্শন, বা মোক্ষজ্ঞান, বা ব্রহ্মাত্মৈকত্ব সাক্ষাৎকারাখ্য ব্রহ্মজ্ঞান। সূত্রের দ্বিরুক্তি এই তৃতীয় অধ্যায় সমাপ্তি হইল, ইহা বুঝাইবার জন্য। ইহা দ্বারা

তৃতীয়োঽধ্যায়ঃ।

নির্ব্বাণোপনিষৎ যে পরিসমাপ্ত হইল, তাহাও বুঝিতে হইবে। [illegible] দর্শন শব্দের অভ্যাস করায় নির্ব্বাণদর্শনও যে এই, এবং ইহাই যে সর্ব্বশাস্ত্রের [illegible] তাহা [illegible] প্রখ্যাপিত করা হইল। এই স্থলে "[illegible] মনসি" [illegible] পাঠ করিতে হয় ॥ ২২।২৩ ॥

নির্ব্বাণোপনিষদ্ভাষ্যে বঙ্গানুবাদে তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥

নির্ব্বাণোপনিষৎ সমাপ্ত হইল ॥

ঋগ্বেদীয় পঞ্চম উপনিষৎ ॥

॥ ৫ ॥ ওঁ তৎসৎ ওঁ ॥ * ॥

